
CMYK




ত্রিপুরার প্রথম দৈনিক

# জাগরণ

THE FIRST DAILY OF TRIPURA

গৌরবের ৬৯ তম বছর

অনলাইন সংস্করণ ঃ www.jagarandaily.com




JAGARAN ■ 22 May, 2023 ■ আগরতলা ২২ মে, ২০২৩ ইং ■ ৭ জ্যৈষ্ঠ ১৪৩০বঙ্গাব্দ, সোমবার ■ RNI Regn. No. RN 731/57 ■ Founder : J.C.Paul ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা

## গ্রেটার তিপ্রাল্যান্ড ও সাংবিধানিক সমাধানের জন্য এবার পথে নামছে মথা, ইঙ্গিত প্রদ্যোতের

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২১ মে।।** ত্রিপুরায় ইন্ডিজিনিয়াস পিপুল এর স্বার্থে গ্রেটার তিপ্রালান্ড ও সাংবিধানিক সমাধান জন্য মথা লড়াই জারি রাখবে যতদিন না এই সমস্যার সমাধান না হয। আজ ফের একবার সাংবাদিকদের মুখোমুখি হয়ে এই কথাই স্পষ্ট জানিয়ে দিলেন ত্রিপ্রা মাথার সুপ্রিমো প্রদ্যুৎ কিশোর দেববর্মণ। তিনি এও বলেন জনজাতিদের স্বার্থ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয় যেমন ভাষা সমস্যার নিয়েও মথা আন্দোলন করছে। শুধু তাই নয় উত্তর পূর্বাঞ্চলে ইন্ডিজিনিয়াস লোকদের সুরক্ষার জন্য যাবতীয় চেষ্টা চালিয়ে যাবে মথা। নর্থইস্ট ডাইভার্ট স্টেট। ঐ সমস্ত রাজ্যের মানুষের সঙ্গে থাকতে হলে তাদের কথা দিল্লিকে শুনতে হবে অর্থাৎ কেন্দ্রীয় সরকার তাদের সমস্যার সমাধান করতে হবে। এই আওয়াজ যে কোন রাজনৈতিক দলই তুলতে পারেন। তাই ওই সমস্ত জনগোষ্ঠীর দাবি দাবাগুলি নিয়ে মথা তাদের প্রতিনিয়ত আন্দোলন চালিয়ে যাচ্ছে আগামীদিনেও যাবে।

তবে তিনি এও বুঝাতে চেয়েছেন চব্বিশে নির্বাচন আগে মিজোরাম সহ বিভিন্ন রাজ্যে নির্বাচন। এই নির্বাচনের আগে বিজেপি সরকারের উত্তর পূর্বাঞ্চলের মধ্যে তাদের রাজনৈতিক অবস্থান কি রয়েছে তাও ব্যাখ্যা দিয়ে বুঝিয়ে দিলে মহারাজ প্রদ্যুৎ। মেঘালয়ে দুই ত্রিপুরার



অনেকটাই আসন কমেছে মণিপুরেও মিজোরামের বিজেপির অবস্থান কি তার তথ্য তুলে ধরে ২৪ এর লোকসভা নির্বাচনের আগে ফের গ্রেটার তিপ্রালান্ড এবং সংবিধানিক সমাধান এই দাবিতে নিজেদের অবস্থানের কথাও প্রকারান্তরে বুঝিয়ে দিলেন তিনি।

কটন কলেজে আয়োজিত এক সেমিনার শেষ করে সাংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে প্রদ্যুৎ নর্থইস্টের ইন্ডিজিয়াস পিপুলের প্রসঙ্গ তুলে ত্রিপুরা মাথার যে দাবি রয়েছে তা নিয়ে যে আগামী দিনে আন্দোলনে যাচ্ছেন তারও ইঙ্গিত দিলেন। অর্থাৎ গ্রেটার তিপ্রাল্যান্ড এবং সাংবিধানিক সমাধান এই মুহূর্তেই যে হচ্ছে না তা তার কথাতে স্পষ্ট। তবে তিনি এখনো এই দাবি পূরণের বিষয়ে আশা ছাড়েননি। দিল্লিতে বিজেপির কেন্দ্রীয় নেতৃত্বের সঙ্গে কথা বলে যাচ্ছেন। কিন্তু কাজের কাজ কতটা হচ্ছে তা নিয়েও প্রশ্ন দেখা দিয়েছে। জনজাতিদের আর্থিক স্বাবলম্বী করার চেয়েও সাংবিধানিক অধিকার ☞ ৬ এর পাতায় দেখুন

## বিশালগড়ে ছুরিকাহত এক যুবক

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২১ মে।।** রাতের বেলা ছুরিকাহত হয়ে গুরুতর আহত এক যুবক। ঘটনায় আহত আরও এক ব্যক্তি। পুলিশ ঘটনায় যুক্ত থাকার অভিযোগে আটক করেছে এক যুবককে। ঘটনাটি ঘটে শনিবার রাতে বিশালগড় থানাধীন মুড়াবাড়ি স্কুল সংলগ্ন এলাকায়। জানা গেছে দমকল কর্মীদের কাছে খবর আসে রাস্তায় পড়ে আছে এক যুবক রক্তাক্ত অবস্থায়।

দুর্ঘটনা ভেবে ঘটনার খবর পেয়ে দমকল কর্মীরা মুড়াবাড়ি এলাকায় যান। তাঁরা গিয়ে দেখেন বাইক সহ এক যুবক রাস্তায় পড়ে আছে। সঙ্গে সঙ্গে গুরুতর আহত যুবককে বিশালগড় হাসপাতালে নিয়ে আসেন। জানা গেছে আহত যুবকের নাম সাদ্দাম হোসেন। তাঁর বাড়ি পশ্চিম লক্ষ্মীবিল এলাকায়। হাসপাতালের কর্তব্যরত চিকিৎসক জানান, সংজ্ঞাহীন অবস্থায় হাসপাতালে আনা হয় যুবককে। প্রাথমিক চিকিৎসার পর জ্ঞান ফিরলে যুবক জানায় তাঁকে মারধর করা হয়েছে। যুবকের মাথা সহ শরীরের বিভিন্ন জায়গায় ছুরির আঘাত। সঙ্গে সঙ্গে তাঁকে জিবি হাসপাতালে রেফার করা হয়। ☞ ৬ এর পাতায় দেখুন


## মহিলার মৃতদেহ উদ্ধার কলমচৌড়ায়

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২১ মে।।** রবিবার জঙ্গল থেকে উদ্ধার হয় মহিলার কঙ্কাল সার মৃতদেহ। ঘটনা কলমচৌড়া থানাধীন উত্তর কলমচৌড়া হাসের ডুং এলাকায়। কিন্তু মৃতদেহ উদ্ধার করার পর স্থানীয়রা ঘটনাস্থলে ছুটে আসে। পুলিশ স্থানীয়দের কাছ থেকে মৃতদেহকে সনাক্ত করার চেষ্টা করে। কিন্তু এলাকার কেউ মৃতদেহ শনাক্ত করতে পারেনি। পুলিশ অস্বাভাবিক মৃত্যুর মামলা হাতে নিয়ে তদন্ত শুরু করেছে। সুষ্ঠু তদন্তে বের হয়ে আসতে পারে মৃত্যুর কারণ।

## এমবি টিলায় যুবককে নৃশংসভাবে খুন, অন্ধকারে হাতরাচ্ছে পুলিশ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২১ মে।।** রবিবার রাজধানীর এম বি টিলা এলাকায় উদ্ধার হল অজ্ঞাত ব্যক্তির পচাগলা মৃতদেহ। এদিন সকাল থেকেই এলাকায় দুর্গন্ধ পেয়ে স্থানীয়রা খবর দেয় আগরতলা পুর নিগম এবং পুলিশকে। যথারীতি পুলিশ এবং নিগম কর্তৃপক্ষ এলাকায় এসে তল্লাশি শুরু করে। এলাকার এফ সি আই গোডাউনের পাশে একটি পরিত্যক্ত জায়গায় দেখতে পায় মাঝ বয়সি এক ব্যক্তির মৃতদেহ পড়ে রয়েছে।

মৃতদেহের মুখ পলিথিন দিয়ে মোড়ানো এবং গলা বিদ্যুতের তার দিয়ে বাধা। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছায় ফরেন্সিক টিম এবং ডগ



স্কোয়াড। প্রশাসনিক নিয়ম অনুযায়ী মৃতদেহ ময়না তদন্তের জন্য মর্গে পাঠানো হয়। এলাকাবাসী বক্তব্য মৃত ব্যক্তির মুখ পুরোপুরি ভাবে নষ্ট হয়ে যাওয়া সনাক্ত করা যায়নি। তবে এলাকায় কেউ নিখোঁজ নেই। এলাকাবাসীর ধারণা বাইরে থেকে খুন করে এলাকায় এনে ফেলে রাখা হয়েছে। যদিও এই বিষয় নিয়ে মুখ খুলতে চায়নি অরুন্ধতী নগর থানার পুলিশ।

তবে এলাকায় পুলিশের নিয়মিত ☞ ৬ এর পাতায় দেখুন

## শান্তিরবাজারে দুই নেশ কারবারি পুলিশের জালে

**নিজস্ব প্রতিনিধি, শান্তিরবাজার, ২১ মে।।** শান্তির বাজার নতুন পেট্রোলপাম্প সংলগ্ন এলাকায় এক নেশাবিক্রেতা ও এক নেশাসেবনকারীকে আটককরে পুলিশের হাতে তুলেদিলো এলাবাসী। পুলিশের উপর আস্থা হারিয়ে নেশাবিরোধী অভিযানে নামলো এলাকাবাসী।

ঘটনার বিবরনে জানাযায় রবিবার শান্তির বাজার নতুন পেট্রোলপাম্প সংলগ্ন এলাকায় এক নেশা সেবনকারীকে দেখতে পায় এলাকাবাসী। পরবর্তীসময় নেশা সেবনকারীকে আটক করে জিজ্ঞাসাবাদকরে এলাকাবাসী জানতেপারে নতুন পেট্রোলপাম্প সংলগ্ন এলাকায় একটি বাড়ীথেকে নেশাসেবনকারী যুবক নেশাসামগ্রী ক্রয় ☞ ৬ এর পাতায় দেখুন

## কর্তব্যরত পুলিশের সাথে উশৃঙ্খল আচরণ গ্রেপ্তার ৩ যুবক

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২১ মে।।** আগরতলা শহর শহরতলী সহ রাজ্যের সর্বত্র অপরাধ প্রবণতা নিয়ন্ত্রণের লক্ষে পুলিশ প্রশাসনের তরফ থেকে বিশেষ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এর অঙ্গ হিসেবে আগর তলা শহর এলাকার পুলিশে নাকা পয়েন্ট গুলিতে রাত্রি কালীন চেকিং এর ব্যবস্থা করা হয়েছে। রাজ্যে চুরি ডাকাতির ছিনতাই সহ নানা অপরাধপ্রবণতা বৃদ্ধি পাচ্ছে। তাতে পুলিশে প্রশাসনের অস্তিত্ব নিয়ে নানামহলে নানা প্রশ্ন উঠতে শুরু করেছে। উদ্ভূত ও পরিস্থিতিতে পুলিশ নড়েচড়ে বসেছে।

শনিবার রাতে আগরতলা শহর এলাকার নাকা পয়েন্টগুলিতে বিশেষ তল্লাশি চালায় পুলিশ। তল্লাশি চালানোর সময় বেশকিছু সংখ্যক যানবাহন ও বাইক আটক করে তাদের বৈধ কাগজপত্র যাচাই করা হয়। শুধু তাই নয় মাদক পান করে যেসব চালক যানবাহন ও দ্বিচক্র যান চালাচ্ছেন তাদের বিরুদ্ধেও আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হয়। শনিবার রাতে এ ধরনের অভিযানে অংশগ্রহণ করেন পশ্চিম জেলার জেলা পুলিশ সুপার এবং মহকুমা পুলিশ আধিকারিক সহ বিভিন্ন থানার ওসি ও পদস্থ পুলিশ আধিকারিকরা।

চেকিং চলাকালে কিছু সংখ্যক উশৃংখল লোকজন পুলিশ ও নিরাপত্তা কর্মীদের সাথে অশালীন আচরণ করে। বাধ্য হয়ে পুলিশ তাদেরকে আটক করে থানায় নিয়ে যায়। তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে বলে পুলিশ জানিয়েছে। রাত্রিকালীন পুলিশের চেকিং ☞ ৬ এর পাতায় দেখুন

## পহরমুড়ায় খোয়াই নদীর জলে ডুবে তিন শিশুর মর্মান্তিক মৃত্যু



**নিজস্ব প্রতিনিধি, খোয়াই, ২১ মে।।** খোয়াই নদীতে দাদুর সাথে স্নান করতে গিয়ে জলে তলিয়ে গেল তিন শিশু। রবিবার সকাল সাড়ে এগারোটা নাগাদ ওই ঘটনায় খোয়াইয়ের পহরমুড়া ব্রিজ সংলগ্ন তাঁত চৌমুহনী এলাকায় শোকের ছায়া নেমে এসেছে।প্রতিবেশীরা ছুটে এসে দুই শিশুকে নদী থেকে উদ্ধার করে খোয়াই জেলা হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক দুই শিশুকে মৃত বলে ঘোষণা করেন। অপর এক শিশুকন্যাকে খোঁজে না পেয়ে প্রতিবেশীরা খোয়াই দমকল বাহিনী এবং বিপর্যয় মোকাবেলা বাহিনীর কর্মীদের খবর পাঠিয়েছিল। টানা দেড় ঘন্টা প্রচেষ্টার পর খোয়াই নদী থেকে শিশু কন্যার মৃত অবস্থায় উদ্ধার হয়েছে। দুপুরে ময়নাতদন্তের পর পরিবারের সদ্যসদের হাতে তিন শিশুর মৃতদেহ তুলে দেওয়া হয়েছে।

জনৈক প্রতিবেশী জানিয়েছেন, গ্রীস্মের ছুটিতে খোয়াইয়ের পহরমোড়া ব্রিজ সংলগ্ন তাঁত চৌমুহনী এলাকার বাসিন্দা গোপাল নম:র দুই মেয়ে মৌটুসী দাস(১২), সপ্তদীপ নম:(৮) নামে সন্তানদের নিয়ে বেড়াতে এসেছিল। আজ তাদের নিজ নিজ বাড়িতে ফিরে যাবার কথা ছিল। কিন্তু দাদু, মামা-মামির আবদারে আজ তারা মামার বাড়িতে থেকে গিয়েছিল। রবিবার সকাল দশটা নাগাদ দাদুর সাথে মৌটুসী, সপ্তদীপ, বাবলি রায় সহ ওই পাড়ার অপর এক শিশু নদীতে স্নান করতে গিয়েছিল। কিন্তু নদীর জল বেশি ☞ ৬ এর পাতায় দেখুন

## শ্রমিক বঞ্চনার প্রতিবাদে খোয়াইয়ে সড়ক অবরোধ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২১ মে।।** স্থানীয় শ্রমিকদের বঞ্চিত করে বহিরাগত শ্রমিকদের দিয়ে ওএনজিসি কর্তৃপক্ষ খনন কার্য করানোর প্রতিবাদ জানিয়ে রবিবার খোয়াই লেম্বছড়া সড়ক অবরোধ করেন ক্ষুব্ধ জনতা।

সদর উত্তরাঞ্চলের লেম্বুছড়ার সিপাহি পাড়া এডিসি ভিলেজ এলাকায় শুরু হয়েছে ওএনজিসির উদ্যোগে খনন কার্য। এই খননের কাজে ওএনজিসি স্থানীয় শ্রমিকদের কাজে না নিয়ে অন্যত্র থেকে শ্রমিক নিয়ে এই কাজ করছে। এতে স্থানীয় মানুষ ক্ষুব্ধ হয়ে উঠেছে।তাদের দাবি এখানে কাজের জন্য স্থানীয় শ্রমিক নিয়োগ করতে হবে। এই দাবি তুলে রবিবার সকালে স্থানীয়রা সড়ক অবরোধ করে এবং ওএনজিসির লোকজনদের ঘেরাও করে বিক্ষোভ প্রদর্শন করে।তাদের একটাই দাবি এখানে চলা নির্মাণ কাজে স্থানীয়দের সুযোগ দিতে হবে। এলাকাবাসীর অভিযোগ কর্তৃপক্ষ কথা দিয়েও কথা রাখেনি। প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল যে কোন নির্মাণ কাজে স্থানীয় শ্রমিক নিয়োগ করা হবে। কিন্তু ওএনজি সি কর্তৃপক্ষ ☞ ৬ এর পাতায় দেখুন

## স্ত্রীর মর্যাদা আদায়ের লক্ষ্যে প্রেমিকের বাড়ির ঘরের দরজার তালা ভেঙ্গে আশ্রয় নিল প্রেমিকা

**গকুলনগর**

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২১ মে।।** স্ত্রীর মর্যাদা আদায়ের লক্ষ্যে প্রেমিকের বাড়ির ঘরের দরজার তালা ভেঙ্গে বাড়িতে আশ্রয় নিল প্রেমিকা। যতদিন স্ত্রীর মর্যাদা না দেবে ততদিন সে যে কোন মূল্যে সেখানে অবস্থান করবে বলে জানিয়ে দিয়েছে। ঘটনাকে কেন্দ্র করে এলাকায় রীতিমতো আলোড়ন সৃষ্টি হয়েছে।

গকুলনগর সুকান্ত কলোনি এলাকার সুশান্ত সাহার ছেলে সুজিত সাহার সাথে গত দুই বছর ধরে প্রেমের সম্পর্কে আবদ্ধ একই এলাকার এক যুবতী। বারবার প্রেমিক সুজিত সাহা তার প্রেমিকাকে আশ্বাস দিয়ে আসছিল যে তাকে সামাজিক রীতিনীতি অনুসারে বিয়ে করে স্ত্রীর মর্যাদা দিয়ে ঘরে তুলবে।

স্ত্রীর স্বীকৃতি দেওয়ার আশ্বাস দিয়ে একাধিকবার শারীরিক সম্পর্কও হয় তাদের মধ্যে।কিন্তু যখন মেয়েটি তার প্রেমিক সুজিত সাহাকে স্ত্রীর মর্যাদা দেওয়ার ক্রমাগত চাপ দিতে থাকে তখন সুজিত সাহা বিভিন্ন অজুহাত দেখাতে থাকে। জানা গেছে ,প্রেমিক সুজিত সাহা হাঁপানিয়া মেডিকেল কলেজ হাসপাতালে বেসরকারি সিকিউরিটি গার্ডে কর্মরত। ইতিমধ্যে সে বিয়ে করতে পারবে না বলে সাফ জানিয়ে দেয়। বাধ্য হয়ে মেয়েটি স্থানীয় এলাকাবাসীদের সহযোগিতা নিয়ে দুইবার গকুলনগর সুকান্ত কলোনি এলাকার প্রেমিক সুজিত সাহার বাড়িতে ধরনায় বসে। মেয়েটি প্রথমবার ধরনায় বসার সময় মেয়েটির প্রেমিক সুজিত সাহা সহ প্রেমিকের গোটা পরিবার বাড়ি থেকে পালিয়ে গিয়েছিল। তারপরেও মেয়েটি হাল ছাড়েনি। বেশ কয়েকবার এ নিয়ে এলাকায় মীমাংসা সভাও হয়। কিন্তু কোন লাভ হয়নি। বেশ কিছুদিন আগেও প্রেমিক সুজিত সাহা এলাকার বিধায়িকা অন্তরা সরকার দেবের কাছে লিখিত আকারে স্বীকারোক্তি দিয়ে জানিয়েছিল এক সপ্তাহের মধ্যে তার প্রেমিকাকে স্ত্রীর মর্যাদা দিয়ে ঘরে তুলবে।

কিন্তু এখনো পর্যন্ত প্রেমিক সুজিত সাহার কোন দেখা নেই। অবশেষে রবিবার দুপুরে পুনরায় স্থানীয় এলাকাবাসীদের সহযোগিতা নিয়ে মেয়েটি তার প্রেমিক সুজিত সাহার বাড়িতে গিয়ে উঠে। এতেই শেষ নয়। রবিবার মেয়েটি তার প্রেমিকের ☞ ৬ এর পাতায় দেখুন

## গণধর্ষণ মামলায় দুই অভিযুক্ত গ্রেপ্তার

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২১ মে।।** অবশেষে পুলিশের জালে পানিসাগরের নাবালিকা ধর্ষণকাণ্ডের আসামী। ফটিকরায় থানা এলাকার দুই অভিযুক্ত রঞ্জিত মজুমদার এবং সুদীপ দে। ঘটনাটি গত জানুয়ারী মাসের চৌদ্দ তারিখের।

এদিন উত্তর জেলার পানিসাগর থেকে ফটিকরায় থানাধীন কাঞ্চনবাড়ীতে এক আত্মীয়ের বাড়ীতে বেড়াতে এসে রাতে দ্বাদশ শ্রেনী পড়ুয়া নাবালিকা কন্যা সুদীপ এবং রঞ্জিতের দ্বারা গণধর্ষণের শিকার হয়েছে বলে ফটিকরায় থানায় লিখিত অভিযোগ দায়ের করে জানিয়েছে নির্যাতিতার মা। ঘটনার পরই গা ঢাকা ☞ ৬ এর পাতায় দেখুন

## বিজেপিতে বহিরাগতদের হস্তক্ষেপ বরদাস্ত করা হবে না ঃ বিপ্লব দেব

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২১ মে।।** বিজেপিতে বহিরাগতদের অযাচিত হস্তক্ষেপ বরদাস্ত করা হবে না। সম্ভবত, সাম্প্রতিক কিছু সিদ্ধান্তে ত্রিপুরায় সংগঠনের চরম ক্ষতি হওয়ার আশঙ্কা দেখা দিয়েছে। তাই, খুবই বিরক্তির সাথে একথা বলেন প্রাক্তন মুখ্যমন্ত্রী তথা সাংসদ বিপ্লব কুমার দেব। তাঁর সাফ কথা, অনুপ্রবেশকারী মানসিকতা বিজেপি মেনে নেয় না।

এদিন আগরতলায় নিজ সরকারি বাসভবনে সাংবাদিক সম্মেলনে বিপ্লব দেব বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে ত্রিপুরায় পুণরায় বিজেপি সরকার প্রতিষ্ঠিত হয়েছে। তাঁর দেখানে পথেই হেঁটে বিজেপি সাফল্য পেয়েছে। তিনি বলেন, দলের দেওয়া দায়িত্ব নিষ্ঠার সাথে পালন করে চলেছি। কিন্তু, সম্প্রতি বাইরে থেকে কিছু মানুষ দলীয় কাজে হস্তক্ষেপ করছেন। বহিরাগতদের অযাচিত হস্তক্ষেপ বরদাস্ত করা হবে না। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং রাষ্ট্রীয় সভাপতি জে পি নড্ডার নেতৃত্বে আমরাই সংগঠন পরিচালনা করব।



সাংবাদিক সম্মেলনে বক্তব্য রাখেন সাংসদ বিপ্লব কুমার দেব। ছবি নিজস্ব।

তাঁর দাবি, সামগ্রিক বিষয়ে অবগত হয়েছি এবং কেন্দ্রীয় নেতৃত্বের গোচরে নিয়েছি। তাঁর কথায়, বহিরাগতদের হস্তক্ষেপে সংগঠনের ক্ষতি হোক, কোনভাবেই তা মেনে নেওয়া যায় না। দলের কল্যাণে কাজের দায়িত্ব পেয়েছি। প্রধানমন্ত্রী এবং রাষ্ট্রীয় সভাপতিকে সমস্ত বিষয় সঠিক সময়ে জানানো হবে।

এদিন তিনি বহিরাগতদের সম্পর্কে সরাসরি কিছুই বলেননি। তবে, সংগঠন দুর্বল হওয়ার জন্য তাঁরাই দায়ী, সে-কথা অত্যন্ত বিরক্তির সাথে জানিয়েছেন। তাঁর বক্তব্য, সংগঠনের কল্যাণে নানা সিদ্ধান্ত নেওয়া হয়। এক্ষেত্রে, সাংগঠনিক রদবদল ব্যতিক্রমী ঘটনা নয়। কিন্তু, অনুপ্রবেশকারী মানসিকতা বিজেপি মেনে নেয় না। তাঁর দাবি, ত্রিপুরায় প্রদেশ নেতৃত্ব সকলের সাথেই কাজ করার অভিজ্ঞতা রয়েছে। তাঁর কাজের ধরণ সম্পর্কে সকলেই অবগত আছেন। ফলে, সংগঠন মজবুত করার জন্য কিভাবে কাজ করতে হয়, তাঁদের সেটা বোঝা উচিত। নাম না করে আবারও বহিরাগতদের নিশানা করেন বিপ্লব দেব।

প্রসঙ্গত, ত্রিপুরায় সম্প্রতি বিজেপিতে বিভিন্ন স্তরে রদবদল হয়েছে। তাতে, দলের অন্দরে চরম অসন্তোষের বাতাবরণ তৈরি হয়েছে। স্বাভাবিকভাবেই, ওই সিদ্ধান্তে অখুশি নেতৃত্ব প্রদেশ নেতৃত্বের বিরুদ্ধে একজোট হতে শুরু করেছেন। তাতে, আখেরে দলের চরম ক্ষতি হওয়ার সম্ভাবনা তৈরি হয়েছে, হয়তো বিপ্লব কুমার দেব তা আঁচ করতে পেরেছেন। কয়েক মাস বাদেই লোকসভা নির্বাচন। এই মুহুর্তে দলের ভিতরে তীব্র মতানৈক্য লোকসভা নির্বাচনে প্রভাব ফেলবে বলেই মনে করা হচ্ছে। ফলে, ☞ ৬ এর পাতায় দেখুন




CMYK

জাগরণ আগরতলা ▫ বর্ষ-৬৯ ▫ সংখ্যা ২১৮ ▫ ২২ মে ২০২৩ইং ▫ ৭ জৈষ্ঠ্য ▫ সোমবার ▫ ১৪৩০ বঙ্গাব্দ

## ভারতের পাশে দাঁড়াইয়া চিনকে কড়া বার্তা

বিদেশ সফরে রহিয়াছেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। বিশ্ব দরবারে ভারতের অবস্থান জোরালো করিবার প্রয়াস নিয়াই প্রধানমন্ত্রী বিদেশ সফর শুরু করিয়াছেন। ভারতের প্রত্যাশা প্রধানমন্ত্রী এই সফল ভারতকে আরও বলিষ্ঠ করিতে যথেষ্ট সহায়তা করিবে। করোণা পরিস্থিতির পর গোটা বিশ্ব যখন চরম আর্থিক সংকটের সম্মুখীন ঠিক সেই সময়ও ভারতের আর্থিক অবস্থান অনেকটাই সবল। ভারত ও ভারতবাসীর কাছে এটি একটি অত্যন্ত প্রাপ্তি দায়ক বিষয়। করোনা পূর্ববর্তী কালেও প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি দফায় দফায় বিদেশ সফর করিয়াছেন। করোনা পরবর্তীকালে পুনরায় বিদেশ সফর শুরু করিয়াছেন প্রধানমন্ত্রী। তাহার এই শহরের মূল উদ্দেশ্য সম্পর্কে দেশবাসী ওয়াকিবহাল। বৈদেশিক সম্পর্ক আরো উন্নত করিবার লক্ষেই দেশের প্রধানমন্ত্রী এ ধরনের কৌশল নিয়াছেন। তাহাতে ইতিমধ্যেই সুফল আসিতে শুরু করিয়াছে। ইতিমধ্যেই নাম না করিয়া একযোগে চিনকে নিশানা করিল কোয়াড গোষ্ঠীভুক্ত দেশগুলি। কোনও রাষ্ট্রের একতরফাভাবে কোনও এলাকার স্থিতাবস্থা বদলের চরম বিরোধিতা করিয়াছেন মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন ও তাঁহার তিন সঙ্গী, অস্ট্রেলিয়া-জাপান-ভারতের প্রধানমন্ত্রী। একইসঙ্গে ইন্দো-প্রশান্ত মহাসাগরীয় এলাকায় শান্তি ও ঐক্য বজায় রাখিবার ডাক দিয়াছেন তাঁহারা। জাপানের হিরোশিমায় কোয়াড গোষ্ঠীভুক্ত চার রাষ্ট্রের প্রধানমন্ত্রীরা বৈঠক হয়। তাহার পর তাঁহারা যৌথ বিবৃতি দেন। সেই বিবৃতিতে নাম না করিয়া চিনকে নিশানা করিয়াছেন বাইডেন-আলবানিজ-কিশিদা-মোদি। বলা হইয়াছে, “একাধিক রাষ্ট্রের মধ্যে বিতর্কিত বিষয়কে সামরিকভাবে সমাধানের চেষ্টা, উপকূলবাহিনীর বিপজ্জনক ব্যবহার, সামরিক জলযানের অতিরিক্ত ব্যবহার এবং অন্যান্য দেশের খনিজ সম্পদ তুলিয়া নিয়া ,শোষণ নিয়া আমরা মারাত্মক উদ্বিগ্ন।” সমুদ্রের বিভিন্ন ক্ষেত্রে যেভাবে বিভিন্ন দেশের জনযানের গতিবিধিতে বাধা দেওয়া হইতেছে তাহা নিয়াও উদ্বেগ প্রকাশ করা হইয়াছে।পাশাপাশি, ইন্দো-প্রশান্ত মহাসাগরীয় এলাকায় শান্তিবজায় রাখিবার ডাক দিয়াছে তাহারা। কোয়াড গোষ্ঠীভুক্ত দেশগুলির বিবৃতিতে বলা হইয়াছে, “জোর করিয়া বা একতরফাভাবে কোনও এলাকার স্থিতাবস্থা বদলের বিরোধিতা করিতেছি।” প্রসঙ্গত, জি-৭ সম্মেলনের জন্য হিরোশিমায় হাজির আমেরিকা, জাপান, অস্ট্রেলিয়া ও ভারতের প্রধানমন্ত্রী। সম্মেলনে ফাঁকে কোয়াড গোষ্ঠীভুক্ত চার রাষ্ট্রপ্রধান বৈঠক সারিয়া যৌথ বিবৃতি জারি করিয়াছেন তাহারা। এই যৌথ বিবৃতি ভারতের জন্য খুবই ইতিবাচক। এই ধরনের প্রয়াসকে আরো সময়োপযোগী করিয়া তুলিতে দেশের প্রধানমন্ত্রী নিঃসন্দেহে বদ্ধপরিকর। কেননা প্রধানমন্ত্রীর কর্মপদ্ধতির মধ্যেই ইহার বীজ নিহিত রহিয়াছে।

## ঝড়েও তো বন্ধ হয়ে গিয়েছিল নবজোয়ার, ২দিন বিশ্রাম পেলেন সিবিআইকে ধন্যবাদ দিন : দিলীপ ঘোষ

কলকাতা, ২১ মে (হি. স.) ঝড়েও তো বন্ধ হয়ে গিয়েছিল নবজোয়ার, ২দিন বিশ্রাম পেলেন সিবিআইকে ধন্যবাদ দিন। স্বভাবসিদ্ধ ভঙ্গিমায় অভিষেক বন্দ্যোপাধ্যায়কে পালটা জবাব দিলেন বিজেপির সর্বভারতীয় সহ সভাপতি দিলীপ ঘোষ।

ন্তল ঘোষের চিঠি মামলায় অভিষেক বন্দ্যোপাধ্যায়কে ৯ ঘণ্টা ৪০ মিনিট জিজ্ঞাসাবাদ করেছে সিবিআই। নিজাম প্যালেস থেকে বেরিয়ে বিজেপির বিরুদ্ধে ক্ষোভ উগড়ে দেন তিনি। ‘তৃণমূলে নবজোয়ার’ কর্মসূচি বন্ধ করার চেষ্টা ছাড়া সিবিআই তলবের অন্য কোনও কারণ নেই বলেই দাবি করেন তিনি। এই ইস্যুতে মুখ খুলে রবিবার ইকো পার্কে প্রাতঃভ্রমণের পর সাংবাদিকদের মুখোমুখি হয়ে দিলীপ ঘোষ বলেন, “ঝড়েও তো বন্ধ হয়ে গিয়েছিল নবজোয়ার। উনি ২দিন বিশ্রাম পেলেন সিবিআইকে ধন্যবাদ দিন। নবজোয়ার করুন না সারা বছর। যখন উনি বলেছেন সহযোগিতা করবেন তাই সিবিআই ডেকেছে। সহযোগিতা করা উচিত। উলটোপালটা বলছেন কেন?”

ঘোষের দলিল উদ্ধারের প্রসঙ্গও তোলেন অভিষেক। তারও পালটা জবাব দেন দিলীপ। তাঁর কথায়, “আমার নাম জপ করে বাঁচতে পারবেন না। যে যা করেছে জবাব দিতে হবে। আদালতে গিয়ে জবাব দিতে হবে। যেদিন আমাকে ডাকবে সেদিন আমি জবাব দেব।”

মদন মিত্রের ক্ষোভেও ঘৃতাহুতি দেন দিলীপ ঘোষ। তিনি বলেন, “সব জায়গায় দালালি চলছে। যে নেতা যেমন পারছে কাজ করিয়ে নিচ্ছে। কাজ আটকালে গণ্ডগোল। কোনও সিস্টেম নেই। সবাই নিজের মতো চালাচ্ছে। পার্টির উপর কারও নিয়ন্ত্রণ নেই। নেতারা জেল যাওয়া থেকে বাঁচার জন্য আদালতে যাচ্ছে। ডামাডোল পরিস্থিতি। তার মধ্যে পুরনোরা বুঝতে পারছে কোণঠাসা হয়ে যাচ্ছি।”

উল্লেখ্য, শুক্রবার দুপুরে সিবিআইয়ের নোটিস পান অভিষেক। বাঁকুড়ায় ‘তৃণমূলে নবজোয়ার’ কর্মসূচি স্থগিত রেখে রাতেই কলকাতায় ফিরে আসেন। শনিবার সিবিআই দফতরে হাজিরা দেন অভিষেক। রবিবারও ‘তৃণমূলে নবজোয়ার’ কর্মসূচি স্থগিত। সোমবার থেকে কর্মসূচি শুরু হবে বলেই জানিয়েছেন তৃণমূল সাংসদ।

## দক্ষিণ ২৪ পরগনার ভাঙড় থেকে উদ্ধার তাজা বোমা, এলাকায় চাঞ্চল্য

ভাঙড়, ২১মে(হি.স.): সামনেই পঞ্চায়েত ভোট। তার আগে দক্ষিণ ২৪ পরগনার ভাঙড় থেকে উদ্ধার তাজা বোমা। রবিবার ভাঙড়ের কালের আইট থেকে উদ্ধার হয় সাতটি তাজা বোমা।

সূত্রের খবর, স্থানীয় এক বাসিন্দা আয়ূব মোল্লা তাঁর বাড়ির গোয়ালঘর থেকে উদ্ধার হয়েছে বোমাগুলি। এ দিন, সকালে আয়ূব মোল্লার পুত্রবধূ কাঠ আনতে বেরিয়েছিলেন। সেই সময় গোয়ালঘরে একটি ব্যাগ পড়ে থাকতে দেখে সন্দেহ হয় তাঁর। সঙ্গে-সঙ্গে তিনি শ্বশুরকে ডাকেন। তৎক্ষনাত শ্বশুর ফোন করে খবর দেন পুলিশে। খবর পেয়ে ভাঙড় থানার পুলিশ এসে সাতটি তাজা বোমা উদ্ধার করে। কে বা কারা এই বোমা রেখেছে তার পূর্ণাঙ্গ তদন্ত শুরু করেছে ভাঙড় থানার পুলিশ।

## আল সালভাদরের ফুটবল স্টেডিয়ামে পদপিষ্ট হয়ে ১২ জনের মৃত্যু

সান সালভাদর, ২১ মে (হি.স.) : মধ্য আমেরিকার এল সালভাদরের রাজধানী সান সালভাদরের একটি ফুটবল স্টেডিয়ামে পদপিষ্ট হয়ে অন্তত ১২ জনের মৃত্যু হয়েছে। দুর্ঘটনায় আহত হয়েছেন বিপুল সংখ্যক মানুষ। কয়েকজনের অবস্থা আশঙ্কাজনক। তাই হতাহতের সংখ্যা আরও বাড়তে পারে বলে আশঙ্কা করা হচ্ছে। তবে, পুলিশ এর আগে বলেছিল যে নিহতদের মধ্যে সাতজন পুরুষ এবং ১৮ বছরের বেশি বয়সী দুই কিশোরী রয়েছে।

ঘটনাটি ঘটেছে ক্যাসকাটলান স্টেডিয়ামে স্থানীয় দল আলিয়াঞ্জা এবং সান্তা আনা-ভিত্তিক দল ফাসের মধ্যে একটি ম্যাচ চলাকালীন। এর পর ম্যাচটি স্থগিত করা হয়। এটাকে দুঃখজনক আখ্যা দিয়ে প্রেসিডেন্ট নায়েব বুকেল বিস্তারিত তদন্তের ঘোষণা দিয়েছেন। তিনি বলেন, অপরাধী যেই হোক, তাদের ছাড় দেওয়া হবে না।পুলিশ বলেছে, গেট বন্ধ করার পর বিপুল সংখ্যক ভক্ত স্টেডিয়ামে প্রবেশের চেষ্টা করে। এর পর এই দুর্ঘটনা ঘটে। কর্মকর্তারা মনে করেন, বিপুল পরিমাণ জাল টিকিট বিক্রির কারণে দর্শকের সংখ্যা বেড়েছে। গেট বন্ধ থাকায় বেহাল হয়ে পড়ে মানুষ।সালভাদরের সিভিল প্রোটেকশন বিভাগের লুইস আলোনসো আমায়া বলেন, প্রায় ৫০০ জনকে চিকিৎসা দেওয়া হয়েছে।

# ‘দাও ফিরে সে অরণ্য’

## রবীন্দ্রনাথ ঠাকুর তো জানতেন, আলবত জানতেন, উন্নয়নের নামে যা আমাদের গেলানো হয়, তার ভেতরকার ‘শুভঙ্করের ফাঁকি’টির ভালোবাসার ডাকনাম “সভ্যতা”। *সৌমিত জয়দ্বীপ*

রোমান্টিকতার বশবর্তী হয়ে নয়, রবীন্দ্রনাথ ঠাকুর নিশ্চয়ই হিসাবনিকাশ করেই কথাটা বলেছিলেন। শুধু বলেনইনি, বড় এক প্রশ্নচিহ্ন এঁটে দিয়েছিলেন এই ‘সভ্যতার প্রতি’। নির্ঝরের যে গান তিনি মহাসাগরের দূরবর্তী ধ্বনিতেও শুনতে পেয়েছিলেন, তা এক অলঙ্ঘনীয় দ্যোতনা তৈরি করে। দ্যোতনা সৃষ্টিকারী সেই পথ পাড়ি দেয়ার হিমালয়সম উচ্চতা নিয়ে ঠাকুর জন্মেছিলেন। ফলে, যান্ত্রিক এ ‘নবসভ্যতা’র প্রতি এক ‘অপরূপ অনাস্থা’ ছিল তাঁর।

রবীন্দ্রনাথ ঠাকুর তো জানতেন, আলবত জানতেন, উন্নয়নের নামে যা আমাদের গেলানো হয়, তার ভেতরকার “শুভঙ্করের ফাঁকি”টির ভালোবাসার ডাকনাম “সভ্যতা”। এও তো তিনি বরং আরও অধিক জানতেন যে, পৃথিবীতে সভ্যতার ইতিহাস মূলত প্রকৃতিদত্ত জঙ্গল ধ্বংসেরই ইতিহাস। ফলতঃ ঠাকুরকে বলতে হয়, “দাও ফিরে সে অরণ্য”।

২.

রবীন্দ্রনাথ যখন বড় হচ্ছেন কলকাতার বুকে, ততদিনে কলকাতা ভারতবর্ষের আধুনিকতম মহানগরীতে রূপান্তরিত হয়ে গেছে। ব্রিটিশ ভারতের রাজধানী হয়েছে। গোবিন্দপুর, সুতানুটি ও কলিকাতা নামক তিনটি গ্রামকে একত্রে জুড়ে নির্মিত হয়েছে শহর। কুঠির সাহেব জব চার্নকের হাতে। মানে, গ্রামই খোদ মহানগরে “উন্নীত” হয়েছে। এমনিই এমনিই হয়নি। গ্রামের জল ও জঙ্গল উল্টেপাল্টেই হয়েছে, গঙ্গার (হুগলি) তীরে।

এহেন কলকাতার পিঠ চাপড়ে দিয়ে “গোরা” উপন্যাসের একদম প্রারম্ভে রবীন্দ্রনাথ বিদ্রুপাত্মক ভঙ্গিতে লিখেছেন: ‘ এত বড়ো এই-যে কাজের শহর কঠিন হৃদয় কলিকাতা, ইহার শত শত রাস্তা এবং গলির ভিতরে সোনার আলোকের ধারা আজ যেন একটা অপূর্ব যৌবনের প্রবাহ বহিয়া লইয়া চলিতেছে।’ (‘গোরা’ রবীন্দ্রনাথ ঠাকুর)

কঠিন হৃদয় বটে! কৌতুক হলো কাজের শহর বানাতে গিয়ে বন বা জঙ্গল ধ্বংস করে আমরা ‘সভ্য’ সমাজে এলাকার নাম রেখেছি বনানী। এই ফাঁকিটা যতটা না শুভঙ্করের, তার চেয়েও বেশি আদতেই কৌতুকের! লেখা বাহুল্য, অভিধানেও সংযুক্ত আছে, বনানীর আরেকটি অর্থ ‘ঢাকার আবাসিক অঞ্চল’। কলকাতা থেকে ঢাকায় মুখ ফেরাবার পালা আমাদের। এই যে ঢাকার কথা আমরা বলছি, তার বুকে বন-বনানীর দেখা মেলা ভার। দেখা মেলা ভার জলাধারেরও। তাহলে এতো এতো জল ও জঙ্গল গেল কোথায়!

এক গবেষণায় এসেছে, ১৯৯৫ সালে এ শহরের গাছপালা ছিল মোট আয়তনের ১২ শতাংশ। ২০১৫ সালে হয়েছে ৭ শতাংশ। এখন আরও কমে ৫-৬ শতাংশ। জলাধারের অবস্থাও সঙ্গীন। বুড়িগঙ্গার তীরে অবস্থিত ঢাকার দু'পাশে নদী প্রবাহিত হয়েছে উত্তর থেকে দক্ষিণে। এই নদীগুলো এখন দখলদারদের খপ্পরে পড়ে সংকুচিত হওয়ার চূড়ান্ত রূপ পেয়েছে, খাল-বিলের কথা তো বাদই থাকল। জানা যাচ্ছে, ২০১০ সালে ড্যাপের নির্ধারিত জলাভূমির মধ্যে ২০১৯ সালের জানুয়ারির মধ্যেই ভরাট হয়ে গেছে ২২ শতাংশ।

কী করুণ দশা! সব জল ও জঙ্গল উন্নয়নের সভ্যতা ও সভ্যতার অট্টালিকায় খেয়েছে!

ঢাকার সমস্যা বহুবিধ। কোনটা ছেড়ে কোনটা বলবে লোকে! এবং প্রায় প্রত্যেকটি সমস্যাই একটি অপরটির সঙ্গে পারস্পরিকভাবে সম্পর্কযুক্ত। ভুবনায়নের যে হাওয়া সারাবিশ্ব মাঝে বইছে, ঢাকাতেও তার ব্যত্যয় ঘটেনি। কিন্তু, ঢাকাতে যা ব্যত্যয় ঘটেছে, তা হলো এ নগর ক্রমেই বসবাসের অনুপোযোগী হয়ে উঠেছে এবং সেটা বিশ্বর্যাংকিংয়েও তাকে, লজ্জাজনকভাবে, শেষ থেকে একদম শুরুর দিকে রাখছে। বিশ্বায়নের তোড়ে এ মহানগরের জলায়ন ও বনায়ন প্রায় উধাও হয়ে গেছে। ফলে, বৈশ্বিক জলবায়ু পরিবর্তনের দরুণ ঢাকায় কমেছে বাতায়ন, অপর পৃষ্টে বেড়ে গেছে উষ্ণায়ন।

উষ্ণায়নের বাতাবরণ চলমান মৌসুমে বেশ টের পাওয়া যাচ্ছে। বাতাসে আর্দতা কমায়, বাতাস অনেক বেশি শুষ্ক। ফলে, কর্কটক্রান্তি রেখার ঠিক নিচে অবস্থিত ঢাকা শহর যেন হয়ে উঠেছে সাহারা মরুভূমি কিংবা উপমহাদেশের সবচেয়ে উষ্ণাঞ্চল গুজরাটের কোনো একটি মেগাসিটি। অথচ, ব্যাপক অপরিকল্পনায় ধরাশায়ী এ মহানগর। ঢাকা এখন মহানগর তো নয়, যেন মহানরক! ঠাকুর তাই বহু আগেই আমাদের কথাটা বলে গেছেন,‘লও এ নগর’!

৩.

বৈশাখের আগমনীগান গাইতে তথা নতুন বর্ষকে বরণ করতেও আমাদের ঠাকুরের কাছেই ঋণী হতে হয়েছে। তিনি গেয়েছেন, ‘অগ্নি স্নানে শুচি হোক ধরা।’ যেমন শুচি হতে হয়েছিল “রামায়ণে” সীতাকে। যেমন যজ্ঞ থেকে জন্ম নেয়া ‘মহাভারতে’র যজ্ঞসিনী (অর্থাৎ পঞ্চপাণ্ডবের স্ত্রী দ্রৌপদী) ফি বছর যজ্ঞের মাধ্যমে পরিশুদ্ধ হয়ে নিজের কুমারিত্বের প্রমাণ দিতেন। যজ্ঞ তো সেই আগুনেরই খেলা।

তবে, এই আজকের আবহাওয়া এতোই বিপদসংকুল যে, এ কালে অগ্নি স্নানে শুচি হওয়ার কথা কেউ ঘুণাক্ষরেও কল্পনা করতে পারে না। মনের মধ্যে এক ব্যাপক বিরূপ ভাব চলে আসে। এ বাবদ ঠাকুরের রোমান্টিকতা তখন অসহ্য লেগে যায়! মনে হয়, ‘ছেড়ে দে মা, কেঁদে বাঁচি!’ তখন আবার ঠাকুরের কাছেই হাতে পেতে বলতে ইচ্ছে করে, ‘লও যত লৌহ লোষ্ট্র কাষ্ঠ ও প্রস্তর/ দাও সেই তপোবন পুণ্যচ্ছায়ারাশি’। (“সভ্যতার প্রতি” রবীন্দ্রনাথ ঠাকুর)

ঠাকুরের প্রত্যাশাটা বাড়াবাড়ি নয়। তপোবন সদৃশ পুণ্য ছায়ার রাশি পেতে হলে তপোবনে যেতে পারলেই ভালো হতো। কিন্তু, সেখানে তখন মানুষ বন উজাড় করে অপরাপর প্রাণীকূলকে নস্যাৎ করে ফেলবে! মানুষ ও তার ধ্বংসাত্মক রাজনীতি যেখানেই গেছে, সেখানেই তারা দখলদার হয়েছে, বিভক্তি-ব্যাকুল হয়েছে। এমনকি, মানুষ মঙ্গলগ্রহে গেলে সেটিও সম্ভবত রাষ্ট্রে-রাজ্যে ভাগ করে ফেলবে!

সে যাই হোক, বরং, বেশি উচ্চাশা না রেখে, আমরা গ্রামের দিকে তাকাতে পারি। আহা বাংলার গ্রাম! ঠাকুরই তো গেয়েছেন, ‘গ্রামছাড়া ওই রাঙা মাটির পথ আমার মন ভোলায় রে’। তবে, গ্রামকে নিয়ে একদম খাসা কথাটা বলেছেন কবি বন্দে আলী মিয়া। তাঁর সেই যে ছোটবেলায় পড়া কবিতাটা মনে পড়ে গেল: ‘আমাদের ছোট গাঁয়ে ছোট ছোট ঘর,/ থাকি সেথা সবে মিলে নাহি কেহ পর।” ওই কবিতাটিতেই আছে, ‘আমাদের ছোট গ্রাম মায়ের সমান/ আলো দিয়ে বায়ু দিয়ে বাঁচাইছে প্রাণ।’ (‘আমাদের গ্রাম’ বন্দে আলী মিয়া) এই যে মাতৃবন্দনা, এটা বহুজনের কবিতাতেই আছে। জীবনানন্দ দাশের ‘রূপসী বাংলা’য় বাংলার যে মুখ তিনি এঁকেছেন, তা তো এই এক লেখায় বলে শেষ করা যাবে না। বরং, তাঁর ধানসিঁড়ি নদীর তীরে জন্মান্তরে প্রত্যাবর্তনের যে আকুতি, সেটাই আমরা স্মরণ করি: ‘আবার আসিব ফিরে ধানসিঁড়িটির তীরে এই বাংলায়/ হয়তো মানুষ নয় হয়তো শঙ্খচীল শালিখের বেশে,/ হয়তো ভোরের কাক হয়ে এই কার্তিকের নবান্নের দেশে/ কুয়াশার বুকে ভেসে একদিন আসিব এ কাঁঠাল-ছাঁয়ায়; / হয়তো বা হাঁস হ'ব কিশোরীর ঘুঙুর রহিবে লাল পায়,/ সারা দিন কেটে যাবে কলমীর গন্ধ ভরা জলে ভেসে ভেসে;/ আবার আসিব আমি বাংলায় নদী মাঠ ক্ষেত ভালোবেসে।’ (‘আবার আসিব ফিরে’ জীবনানন্দ দাশ)

অর্থাৎ, কথাটা পরিষ্কার, জন্মান্তরেও শহর নয়, গ্রামের সবচেয়ে সৌকর্যময় তিন উপাদান ‘নদী মাঠ ক্ষেত’ ভালোবেসে বাংলার গ্রামেই ফিরতে চান বাংলার বিশুদ্ধতম ও তর্কযোগ্যভাবে বাংলা সাহিত্যের শ্রেষ্ঠকবি জীবনানন্দ দাশ। রবীন্দ্র-উত্তর যুগে যেমন জীবনানন্দ দাশ, তেমনই রবীন্দ্র- পূর্বসূরী সর্বশেষ জিনিয়াস কবি ছিলেন মাইকেল মধুসূদন দত্ত। ‘দত্তকুলোদ্ভব’ কবি খ্যাতির মোহে গিয়েছিলেন বিভুঁইয়ে, ফরাসি দেশে। সেখানে গিয়েও বোধোদয়ের স্মৃতিকাতরতা তাঁকে দিয়ে লিখিয়ে নিয়েছিল নদী-বন্দনা, যার নাম কপোতাক্ষ নদ, শেষ ঠিকানাতেও মাইকেল তাই স্বেচ্ছায় ঘুমিয়ে আছেন কপোতাক্ষ তীরের সাগরদাঁড়ি গ্রামে। মাইকেল লিখেছেন: ‘সতত হে নদ তুমি পড়ো মোর মনে/ সতত তোমার কথা ভাবি এ বিরলে/ সতত (যেমনি লোক নিশার স্বপনে/ শোনে মায়া মন্ত্র-ধ্বনি) তব কলকলে/ জুড়াই এ কান আমি ভ্রান্তির ছলনে!’ (‘কপোতাক্ষ নদ’ মাইকেল মধুসূদন দত্ত)

বাংলার পল্লীগ্রাম ও এর পরিবেশকে আরও গ্রামজ- লোকজ পরিব্যাপ্তিতে ভাববার সুযোগ করে দিয়েছেন পল্লীকবি জসীম উদদীন। তাঁর কবিতায় গ্রাম ও গ্রামের প্রতিবেশ-পরিবেশ ধরা পড়েছে এক অনন্য মাত্রায়। তাঁর বিখ্যাত ‘নক্সী কাঁথার মাঠ’ কবিতায় তিনি লিখেছেন: ‘ও-গাঁয় যেন জমাট বেঁধে বনের কাজল কায়া,/ ঘরগুলিরে জড়িয়ে ধরে বাড়ায় বনের মায়া।” ওই কবিতাতেই আরও পাই: ‘এ-গাঁর ও-গাঁর দুধার হতে পথ দুখানি এসে/ জলীর বিলের জলে তারা পদ্ম ভাসায় হেসে!’ (‘নক্সী কাঁথার মাঠ’ জসীম উদদীন)

৪.

কবি-সাহিত্যিকদের গ্রামকে এভাবে দেখতে চাওয়া ও পাওয়ার মধ্যে একটা অবিরল আবেগান্বিত সুখানুভূতি আছে। গ্রামকে, গ্রামের পাশ দিয়ে বয়ে চলা নদীকে তারা মাতৃসম প্রতিশ্রুতিতে লালন করেছেন। ছায়াদায়িনী ও মায়াদায়িনী হিসেবে অন্তরের গহীনে যাপন করেছেন। এ কথা হয়তো নাগরিক কবি শামসুর রাহমানের ক্ষেত্রেও সত্য যে, তিনিও তাঁর আজন্মলালিত ঢাকা শহরকে নিয়ে কবিকৃতির রোমান্টিকতায় ভর করতে চেয়েছেন। কিন্তু অভিজ্ঞতাটা এতোটাই বৈসাদৃশ্যমূলক যে, তিনি ভিন্ন ভঙ্গিতে ঢাকাকে চিত্রায়িত করে বলতে বাধ্য হন: ‘এ শহর ক্ষুধাকেই নিঃসঙ্গ বাস্তব জেনে ধুলায় গড়ায়; / এ শহর পল্টনের মাঠে ছোটে, পোস্টারের উল্কি-ছাওয়া মনে/ এল গ্রেকো ছবি হয়ে ছোঁয় যেন উদার নীলিমা,/ এ শহর প্রত্যহ লড়াই করে বহুরূপী নেকড়ের সাথে।’ (‘এ শহর’ শামসুর রাহমান) নাহ, কথাটা যে শুধু শামসুর রাহমান একাই বলেছেন, এমনও না। বাংলা সাহিত্যের শক্তিমান কথাসাহিত্যিক সৈয়দ ওয়ালীউল্লাহর বয়ানেও এ অভিজ্ঞতা ধরা পড়ে। শহর/নগর এবং মফস্বল/গ্রামের পরিবেশগত বাইনারি প্রপঞ্চ তৈরি করার যে প্রয়াসে আমরা এগোচ্ছি এ লেখায়, তাতে খুব চমৎকার এক বর্ণনার যোগসূত্র সৃষ্টি করেছেন ওয়ালীউল্লাহ; তাঁর ‘নয়নচারা’ গল্পে। যে গল্পটি বাংলার মর্মান্তিক পঞ্চাশের মন্বন্তরের ওপর ভিত্তি করে লেখা এবং যে গল্পে বারবার এসেছে দুর্ভিক্ষপীড়িত মানুষের মনে (মূখ্যত, আমু) সৃষ্টি হওয়া গ্রাম ও শহরের মানবিক পার্থক্য। এসেছে শহুরে ক্রাইসিসে ময়ূরাক্ষী নদী ও তার তীরবর্তী নয়নচারা গ্রামের প্রতি এক মোহনীয় নস্টালজিয়ার কথা। যা কিছু শুভ ও সুন্দর, তার সবই গ্রামকে উপজীব্য করে গড়ে তোলার পথে ওয়ালীউল্লাহ লিখেছেন: ‘সে গুআমুগ্ন ভরা চোখে তাকাল ওপরের পানেতোরার পানে, এবং অকাস্মাৎ অবাক হয়ে ভাবল, ওই তারাগুলিই কি সে বাড়ি থেকে চেয়ে-চেয়ে দেখত? কিন্তু সে-তারাগুলোর নিচে ছিল ঢালা মাঠ, ভাঙা মাটি, ঘাস, শস্য আর ময়ূরাক্ষী। আর এ-তারাগুলোর নিচে খাদ্য নেই, দয়ামায়া নেই, রয়েছে শুধু হিংসাবিদ্বেষ নিষ্ঠুরতা, অসহ্য বৈরিতা।’ (‘নয়নচারা’ সৈয়দ ওয়ালীউল্লাহ) এ গল্পে গল্পকার আমুর মাধ্যমে শহরের মানুষকে ‘কুকুরে’র সঙ্গেও তুলনা করিয়েছেন।

রবীন্দ্রনাথ অবশ্য এতোটা বৈপ্লবিক নন। তাঁর কণ্ঠটা মৃদু, কিন্তু স্বরটা তার। যে কারণে, ওয়ালীউল্লাহর অনেক আগেই, বাংলা ছোটগল্পের একদম উষালগ্নে, ঠাকুর তাঁর ‘পোস্টমাস্টার’ গল্পে শহুরে মানুষের গ্রামের প্রতি বিরূপ মনোভাবের এক নিদারুণ চিত্রাঙ্কন করেছিলেন। মনে রাখতে হবে, এ গল্পের পোস্টমাস্টার কলকাতার ছেলে হলেও, আদতে তৎকালীন (১৮৯২ সাল) ঔপনিবেশিক ভারতবর্ষের রাজধানীর সন্তান। ফলে, একে দেখতে হবে, প্রান্তের প্রতি কেন্দ্রের অবস্থান হিসেবে, যে অবস্থান গ্রামকে ‘অস্বাস্থ্যকর’ বলতেও দ্বিধা করে না। ঠাকুর গল্পের একদম প্রায় শুরুতেই লিখেছেন: ‘... কলিকাতার ছেলে ভালো করিয়া মিশিতে জানে না। অপরিচিত স্থানে গেলে, হয় উদ্ধত নয় অপ্রতিভ হইয়া থাকে। এই কারণে স্থানীয় লোকের সহিত তাঁহার মেলামেশা হইয়া উঠে না।... অন্তর্যামী জানেন, যদি আরব্য উপন্যাসের কোনো দৈত্য আসিয়া এক রাত্রের মধ্যে এই শাখাপল্লব-সমেত সমস্ত গাছগুলা কাটিয়া পাকা রাস্তা বানাইয়া দেয় এবং সারি সারি অট্টালিকা আকাশের মেঘকে দৃষ্টিপথ হইতে রুদ্ধ করিয়া রাখে, তাহা হইলে এই আধমরা ভদ্রসন্তানটি পুনশ্চ নবজীবন লাভ করিতে পারে।’ (‘পোস্টমাস্টার’ রবীন্দ্রনাথ ঠাকুর)

এই যে মনোভাবটা সেটা শুধু ঔপনিবেশিক শিক্ষায় শিক্ষিত পোস্টমাস্টারের মেট্রোপলিটনীয় মধ্যবিত্তের মন নয়। পুঁজিবাদের যুগে এ মননের লালন-পালন সমাজে অবিরল নয়। আজকের দিনে তা প্রায় গগণচুম্বি হয়েছে। নদী দখল হচ্ছে চোখবন্ধ করে, রাষ্ট্র অন্ধের দেশে জন্মান্ধ হয়ে বসে আছে। লোভের বলি হচ্ছে পাহাড়। সবুজভূমে চোখ পড়ে গেছে কর্পোরেটের। হচ্ছে গগণচুম্বি হোটেল-মোটেল, পাহাড়ে! এমনকি রাস্তা প্রশস্তের নামে একাত্তরের স্মৃতিবিজড়িত ঐতিহাসিক যশোর রোডের গাছগুলোও পড়েছে রাষ্ট্রনীতির খপ্পরে। অগত্যা থামতে হচ্ছে, তালিকা তো বলে শেষ কর যাবে না।

আর একদার ‘তিলোত্তমা ঢাকা’র কথা তো আদ্যোপান্ত হতাশার। দূষণের শহর, যানজটের শহর, ভূস্বামীদের শহর, আমলাতন্ত্র-কামলাতন্ত্রের শহর, যাবতীয় নীলনকশার শহর, বায়ান্ন বাজার তেপ্পান্ন গলির শহর! কে বলবে, এ শহরের বুক ঘেঁষে চলা বুড়িগঙ্গার পানি একদা পান করা যেত। কে বলবে, এ শহরের জলববাহিকা একদা ‘নদীপ্রবাহে ভাসমান পথিকের উদাস হৃদয়’ (দ্র. “পোস্টমাস্টার”) জয় করে গন্তব্য পৌঁছে দিত নিরুপদ্রবে। সেসব দিন কোথায় হারিয়ে গেছে!

এ শহর শিক্ষারও শহর! অথচ, প্রাচীন ভারতীয় শিক্ষার রূপকল্পের সঙ্গে এ শহরের কোন সম্পর্কই নেই। এ মাটির শিক্ষার সঙ্গে তপোবন ও বিহারের একটা ওতপ্রোত ও অবিচ্ছেদ্য সম্পর্ক ছিল। রবীন্দ্রনাথ ঠাকুর শান্তিনিকেতনকে তাই মহানগর কলকাতার বাইরে নিয়ে গিয়ে প্রতিষ্ঠা করেছিলেন। ঢাকায় এতো এতো শিক্ষাপ্রতিষ্ঠান, কিন্তু, তপোবনীয় শিক্ষাপদ্ধতির কোন ছোঁয়া বা ছায়া এখানে নেই। শিক্ষা মানে এখানে শুধু সনদ বিকোনো এবং বড় বড় দালান। কেন্দ্র যেমন হয়েছে, প্রান্তও সেই পথের পথিক হতে চলেছে। সমগ্র বাংলাদেশেই শিক্ষার সঙ্গে প্রকৃতির যোগ প্রায় বিলীন হওয়ার পথে এবং এ বাবদও রবীন্দ্রনাথ থেকে আমরা কিছুই শিক্ষা নিতে পারিনি।

৫.

গ্রাম-বন্দনা, অরণ্য-বন্দনার কথা যখন আসবে, তখন আমাদের অবশ্যপাঠ্য বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের উপন্যাস “আরণ্যক”। এ উপন্যাসের ‘প্রস্তাবনা’য় বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় লিখেছেন: ‘কলিকাতা শহরের হৈচৈ কর্মকোলাহলের মধ্যে অহরহ ডুবিয়া থাকিয়া এখন যখন লবটুলিয়া বইহার কি আজমাবাদের সে অরণ্য-ভূভাগ, সে জোৎস্না, সে তিমিরময়ী স্তব্ধ রাত্রি, ধূ-ধূ বনঝাউ আর কাশবনের চর, দিগ্বলয়লীন ধূসর শৈলশ্রেণি, গভীর রাত্রে বন্য নীলগাইয়ের দলের দ্রুত পদধ্বনি, খররৌদ্রমধ্যাহ্নে সরস্বতী কুণ্ডীর জলের ধারে পিপাসার্ত বন্য মহিষ, সে অপূর্ব মুক্ত শিলাস্তৃত প্রান্তরে রঙিন বনফুলের শোভা, ফুটন্ত রক্তপলাশের ঘন অরণ্যের কথা ভাবি, তখন মনে হয় বুঝি কোন অবসর-দিনের শেষ সন্ধ্যায় ঘুমের ঘোরে এক সৌন্দর্যভরা জগতের স্বপ্ন দেখিয়াছিলাম, পৃথিবীতে তেমন দেশ যেন কোথাও নাই।’ (“আরণ্যক” বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়)

গ্রাম-প্রকৃতির দুর্দান্ত বর্ণনায় মহীয়ান বিভূতিভূষণের কিংবদন্তিতুল্য উপন্যাস ‘পথের পাঁচালী’। শিশু-কিশোর মনকে তোলপাড় করে তোলা এ উপন্যাস যারাই পড়বে, বারবার তার গ্রামের কাছে যেতে মন চাইবে। হয়তো বিভূতিভূষণ তাকে বহু বছর পরেও টেনে নিয়ে যেতে পারেন গ্রাম ও বনের গাছপালার সন্নিকটে, কেননা: ‘অন্য অন্য গাছপালার মধ্যে একটি বন্য সোঁদাল গাছ তাহার উপর শাখাপত্রে ছায়াবিস্তার করিয়া বাড়িয়া উঠিয়াছে, চৈত্র বৈশাখ মাসে আড়াই-বাঁকীর মোহনা হইতে প্রবহমাণ জোর হাওয়ায় তাহার পীত পুষ্পস্তবক সারা দিনরাত ধরিয়া বিস্মৃত বিদেশী শিশুর ভগ্ন-সমাধির উপর রাশি রাশি পুষ্প ঝরাইয়া দেয়। সকলে ভুলিয়া গেলেও বনের গাছপালা শিশুটিকে এখনও ভোলে নাই।’ (“পথের পাঁচালী” বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়)

শিশুটির নাম অপু। অপূর্ব এ বর্ণনাটি আছে ‘পথের পাঁচালী’র সপ্তম পরিচ্ছেদ ‘আম আঁটির ভেঁপু’তে। বিভূতিভূষণের বর্ণনায় বন-জঙ্গল-গ্রামকে দেখা একটা পুরোদস্তুর রোমাঞ্চকর ব্যাপার। প্রকৃতিকে উপজীব্য করে গড়ে তোলা তাঁর সৃষ্টিকর্ম নিয়ে বলার আছে হয়তো অনেক কিছু। কিন্তু, বিধিবাম, থামতে হচ্ছে!

আমরা বরং আরেক কিংবদন্তি ‘বন্দ্যোপাধ্যায়’, কথাসাহিত্যিক তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের অত্যন্ত তাৎপর্যপূর্ণ উপন্যাস ‘গণদেবতা’-কে উপজীব্য করে এ পর্বটি শেষ করি। উপন্যাসের শেষ দিকে তারাশঙ্করের নিটোল-নির্মেদ বর্ণনায় আমরা পড়ি: ‘নদীর ওপারে মহাগ্রাম রচনা করিয়াছে নূতন কাল। নূতন কালের সে রচনার মধে যে রূপ ফুটিয়া উঠিবেসে যতীন বইয়ের মধ্যে পড়িয়াছেতার জন্মস্থান কলিকাতায় প্রত্যক্ষ দেখিয়াছে। সে মনে হইলে শিহরিয়া উঠিতে হয়, মনে হয় গোটা পৃথিবীর আলো নিভিয়া যাইবে, বায়ুপ্রবাহ স্তব্ধ হইবে, গোটা সৃষ্টিটা দুর্বৃত্ত-ধর্ষিতা নারীর মত অন্তঃসারশূন্য কাঙালিনীতে পরিণত হইবে। জীর্ণ-অন্তর বুকে হাহাকার, বাহিরে চাকচিক্য, মুখে কৃত্রিম হাসি। দুর্ভাগিনী সৃষ্টি!’ (“গণদেবতা” তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়) বিখ্যাত সমাজতাত্ত্বিক বিনয় ঘোষ বলেছিলেন, কী গড়ে উঠল তা বোঝার জন্য কী ভেঙে গেল তা জানা জরুরি। বাহুল্য ঘটিয়ে লাভ নেই, তারাশঙ্করের উপর্যুক্ত কথাগুলো ব্যাখ্যার জন্য বিনয় ঘোষের কথাটাই যথেষ্ট।

৬.

ফিরে যাই শামসুর রাহমানের কাছে ক্ষণিকের জন্য। তাঁর গ্রাম না-পাওয়ার যে সংকট, সেটা ধরা পড়বে তাঁরই সমসাময়িক দুই কবি, বাংলা কবিতার ‘অবিসংবাদিত বরপুত্র’ আল মাহমুদ ও ‘সব্যসাচী লেখক’ সৈয়দ শামসুল হকের গ্রাম ও গ্রামের পরিবেশকে দেখার দৃষ্টিভঙ্গি থেকে। একটা স্বাধীনতার আকাঙ্ক্ষায় ভরপুর কবিতায় কবি আল মাহমুদ কী দারুণভাবেই না আঙ্গিক হিসেবে বেছে নিয়েছেন গ্রামবাংলার প্রকৃতির অনুষঙ্গকে। এটা আল মাহমুদ করার সক্ষমতা রাখেন শুধু বড় কবিত্বের গুণেই নয়, তিনি পারেন, কেননা ঢাকার অদূরে যে ব্রাহ্মণবাড়িয়া, ত্রিশ-চল্লিশের দশকে সেই মফস্বলে তাঁর বড় হওয়ার একটি অমূল্য কৃতিত্ব আছে। তাই, ‘নোলক’ কবিতায় তিনি লিখেছেন: ‘আমার মায়ের সোনার নোলক হারিয়ে গেল শেষে/ হেথায় খুঁজি হোথায় খুঁজি সারা বাংলাদেশে।/ নদীর কাছে গিয়েছিলাম, আছে তোমার কাছে?/ -হাত দিও না আমার শরীর ভরা বোয়াল মাছে।/ বললো কেঁদে তিতাস নদী হরিণবেড়ের বাঁকে/ শাদা পালক বকরা যেথায় পাখ ছাড়িয়ে থাকে।’ (‘নোলক’ আল মাহমুদ)

অন্যদিকে, সৈয়দ শামসুল হকের জন্ম ঢাকা থেকে বহুদূরের মফস্বল উত্তরবঙ্গের কুড়িগ্রামে। ফলে, গ্রামকে আপন করে নেওয়ার একটা সহজাত বৈশিষ্ট্য তাঁর ছিল। কিন্তু, বাংলা ও বাঙালির ইতিহাসের পথপরিক্রমার বর্ণনা দিতে গিয়ে তিনি শুরুটাই করেছেন আলপথ, পলিমাটি ও নদীর কথার দীপ্ত উচ্চারণে, ‘আমার পরিচয়’ কবিতায়: আমি জন্মেছি বাংলায়, আমি বাংলায় কথা বলি,/ আমি বাংলার আলপথ দিয়ে হাজার বছর চলি/ চলি পলিমাটি কোমলে আমার চলার চিহ্ন ফেলে।/ তেরোশত নদী শুধায় আমাকে, ‘কোথা থেকে তুমি এলে?’ (‘আমার পরিচয়’ সৈয়দ শামসুল হক)

৭.

এ পুরো লেখায় আমাদের একটা অভীষ্ট ছিল শহর ও গ্রামের একটি বাইনারি সাহিত্যের মধ্য দিয়ে দেখানোর। দেখা যাচ্ছে, তাতে গ্রামের জয়জয়কার। বাংলার গ্রাম অনেক বদলে গেছে, এটা সত্য। কিন্তু, এখনও গ্রাম অনেক ভালো আছে। ঢাকা শহরে যারা থাকেন, তারা চট করে বলতে পারবেন না, ঋতুচক্রে আসলে কার রাজত্ব চলছে। আবহাওয়াই এমন! বৃষ্টি হলে রাস্তা প্যাকপ্যাক, আর রোদ হলে শরীর! অথচ, এ দেশ নাকি পৃথিবীর শ্রেষ্ঠ নাতিশোতষ্ণ দেশ! এমন একটি ভূ-প্রাকৃতিক অঞ্চলে আমরা থাকি, আদতেই পৃথিবীতে এমন আবহাওয়া প্রায় বিরল। অথচ, প্রকৃতির সঙ্গে তাল মিলিয়ে আমরা আজও উন্নত হতে পারলাম না। কী করে বলি, এদেশ বিশ্বকবির “সোনার বাংলা”!

কিন্তু, দেখতে পাচ্ছি, আজও আমাদের গ্রামগুলো অনেক সম্ভাবনাময়। গ্রাম নিজেই একটা প্রাকৃতিক চিকিৎসাশ্রম। সুবাতাসের এপিসেন্টার। কৃত্রিম চিকিৎসালয় লাগে শহুরে সভ্যতার বাঁচা-মরার প্রশ্নে। গ্রামের ফল টাটকা, সবজি টাটকা; শহরের সব পরিশোধিত। যে কারণে, শহরে গড়ে ওঠে বড় বড় চিকিৎসাবিদ্যার স্কুল। এবং অত্যাশ্চার্য হলো, এর থেকে আমাদের মুক্তি নেই। কিন্তু, আমরা তো মুক্তি চাই।

এই যে চাওয়া, কিন্তু তার চেয়েও বড় না-পাওয়া, এর সঙ্গে রাজনীতির যোগসাজশ বড়ই প্রবল। রাজনীতি দুষ্টচক্রে পতিত হলে, জনমানুষের চাওয়া ও পাওয়ার মধ্যে সমন্বয় থাকে না। মানুষ তখন অসহায় হয়ে ওঠে। বিশ্বজলবায়ুর এ পরিবর্তনের পেছনে পুঁজিবাদের দোর্দণ্ড আস্ফালন দুনিয়াকে একদম খুবলে খাচ্ছে। মানুষের নাভিঃশ্বাস উঠে গেছে। রেহাই নেই যেন! চারিদিকে বনদস্যু, জলদস্যু, ভূমিদস্যু, নরদস্যুদের প্রবল প্রতাপ এবং এর পেছনে সরাসরি পেট্রনের ভূমিকায় এদের প্রপিতামহ রাজদস্যু। মানুষের আকাঙ্ক্ষার সমাজ ও রাজনীতির আগমন তাই একান্ত পাথেয় ঠাকুরের। স্বাধীনতা চান তিনি, চান আপন শক্তি। তাই তাঁর উদীপ্ত আহবান: ‘চাই স্বাধীনতা, চাই পক্ষের বিস্তার,/ বক্ষে ফিরে পেতে চাই শক্তি আপনার।’ (‘সভ্যতার প্রতি’ রবীন্দ্রনাথ ঠাকুর)

সম্পাদকীয় পাতায় প্রকাশিত নিবন্ধ গুলির বক্তব্য সম্পূর্ণ লেখকদের ব্যক্তিগত অভিমত। সম্পাদক এরজন্য দায়ী নন।

# হিরোশিমা পিস মেমোরিয়াল পার্কে পুষ্পস্তবক অর্পণ করলেন প্রধানমন্ত্রী মোদী



হিরোশিমা (জাপান), ২১ মে (হি.স.) : আজ রবিবার সকালে এখানে জি-৭ শীর্ষ সম্মেলনে যোগদানকারী নেতাদের সঙ্গে হিরোশিমা পিস মেমোরিয়াল পার্কে শ্রদ্ধা জানান ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। পরমাণু হামলায় নিহতদের প্রতি শ্রদ্ধা জানান মোদী ও অন্যান্য নেতারা। পারমাণবিক হামলায় নিহতদের স্মরণে এই পার্কটি তৈরি করা হয়েছে। হিরোশিমা পারমাণবিক হামলার সাক্ষী। ১৯৪৫ সালের ৬ আগস্ট আমেরিকা হিরোশিমায় পারমাণবিক বোমা ফেলে।

এর আগে শনিবার প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মহাত্মা গান্ধীর মূর্তি উন্মোচন করেন। তিনি বলেন, ভারত বুদ্ধ ও গান্ধীর দেশ। ভারত বিশ্বকে শান্তির বার্তা দিয়েছে। ভগবান বুদ্ধের চিন্তাধারায় জাপান উন্নত ও লালিত। বাপুর মূর্তিটি অহিংসা ও করুণার ভাবনাকে এগিয়ে নিতে অনুপ্রেরণা হিসেবে কাজ করবে।

প্রধানমন্ত্রী মোদী গতকাল এই সম্মেলনের ফাঁকে ইউক্রেনের রাষ্ট্রপতি ভলোদিমির জেলেনস্কির সঙ্গেও দেখা করেন। তিনি বলেন, ইউক্রেনে যে যুদ্ধ চলছে, তা সারা বিশ্বের জন্য একটি বড় সমস্যা। তিনি এটাকে রাজনীতির নয়, মানবতার বিষয় বলে মনে করেন। ভারত যতটা সম্ভব সমাধানের চেষ্টা করবে।

## রবিবারেও অপরিবর্তিত জ্বালানির দাম

নয়াদিল্লি, ২১ মে (হি.স.) : আন্তর্জাতিক বাজারে অপরিশোধিত তেলের দাম ওঠানামা অব্যাহত রয়েছে। তবুও আজ রবিবার দেশে পেট্রোল ও ডিজেলের দাম স্থিতিশীল রয়েছে। অপরিশোধিত তেল রফতানি ও ডলারের কারণে প্রতি ব্যারেল ৯৬ ডলারের চেয়ে সামান্য কম। যদিও সরকারি খাতের তেল ও গ্যাস বিপণন সংস্থাগুলি পেট্রোল ও ডিজেলের দামে কোনও পরিবর্তন করেনি। ফলে টানা প্রায় এগারো মাস ধরে অপরিবর্তিত থাকল জ্বালানির দাম।

রবিবার ইন্ডিয়ান অয়েল কর্পোরেশনের এক বিজ্ঞপ্তি অনুসারে, দিল্লিতে পেট্রোল প্রতি লিটার ৯৬.৭২ টাকা এবং ডিজেল প্রতি লিটার ৮৯.৬২ টাকায় বিক্রি হচ্ছে।

মুম্বইতে এক লিটার পেট্রোল পাওয়া যাচ্ছে ১০৬.৩১ টাকায় এবং ডিজেল প্রতি লিটার ৯৪.২৭ টাকায়। চেন্নাইতে এক লিটার পেট্রোলের দাম ১০২.৬৩ টাকা এবং ডিজেলের ৯৪.২৪ টাকা। কলকাতায় এক লিটার পেট্রোলের দাম ১০৬.০৩ টাকা আর ডিজেলের দাম ৯২.৭৬ টাকা।

ভ্যাট এবং মালবাহী চার্জের উপর নির্ভর করে দেশে পেট্রোল এবং ডিজেলের দাম রাজ্যে আলাদা। কেন্দ্রীয় সরকারও মোটর জ্বালানির উপর আবগারি শুল্ক নিয়ে থাকে। প্রসঙ্গত, গত ২১ মে থেকে সারা ভারতে জ্বালানির দাম স্থিতিশীল রয়েছে।

## পঞ্জাব আন্তর্জাতিক সীমান্তের কাছে মাদক বহনকারী পাকিস্তানি ড্রোনকে বিএসএফ-র গুলি



নয়াদিল্লি, ২১ মে (হি.স.) : পঞ্জাবে সীমান্তের কাছে ফের পাকিস্তানি ড্রোন দেখতে পেয়ে গুলি চালাল বিএসএফের জওয়ানরা। তাঁরা ড্রোনটিকে গুলি করে নামিয়েছেন। ওই ড্রোনের মাধ্যমে মাদকদ্রব্য পাচার করা হচ্ছিল বলে প্রাথমিক ভাবে মনে করা হচ্ছে। এই নিয়ে গত দু'দিনে চতুর্থ ড্রোনটি গুলি করে নামানো হল। পঞ্জাব বিএসএফের তরফে টুইট করে এই ঘটনার কথা জানানো হয়েছে। তারা জানিয়েছে, শনিবার অমৃতসরের কাছে পাকিস্তান থেকে আসা একটি ড্রোন বেআইনি ভাবে ভারতের বায়ুসীমায় প্রবেশ করে। বিএসএফ সেই ড্রোন গুলি করে নামিয়েছে। সেই সঙ্গে ওই এলাকায় থাকা বাকি নিরাপত্তারক্ষীদেরও সতর্ক করে দেওয়া হয়। পঞ্জাব সীমান্তে ড্রোনের আনাগোনা গত কয়েক দিন ধরে বৃদ্ধি পেয়েছে। মাঝেমাঝেই দেখা যাচ্ছে, পাকিস্তানের দিক থেকে ড্রোন উড়ে আসছে কাঁটাতার পেরিয়ে। ড্রোনের মাধ্যমে মাদকদ্রব্য পাচারের চেষ্টা চলছে বলে অভিযোগ। তবে নজরদারির জন্যও ড্রোন ব্যবহার করা হতে পারে বলে মনে করছেন অনেকে।

## শাসনে সিপিএম পার্টি অফিস ভাঙচুর

বারাসত, ২১ মে (হি.স.) : শাসনের সিপিএম পার্টি অফিসে দুষ্কৃতীদের ভাঙচুরের প্রতিবাদে খড়িবাড়ি মধ্যমগ্রামে রাস্তা অবরোধ করে আন্দোলন চলল। টায়ার জ্বালিয়ে ও বাঁশের ব্যারিকেড করে রাস্তা অবরোধ করেন সিপিএম কর্মী সমর্থকরা। তাঁদের দাবি, অবিলম্বে তৃণমূল দুষ্কৃতীদেরকে গ্রেফতার করতে হবে, গ্রেফতার না করলে আন্দোলন চলবে। প্রায় ৪০ মিনিট অবরোধ চলে। তারপর মধ্যমগ্রাম থানার পুলিশ দুষ্কৃতীদেরকে গ্রেফতার করার পূর্ণ আশ্বাস দেন। তাঁর আশ্বাস পাওয়ার পরেই সিপিএম নেতৃত্বরা রাস্তা ছেড়ে দেন। এদিকে শাসকদলের দাবি, নিজেরাই ভাঙচুর করে তৃণমূলকে কালিমালিপ্ত করার চেষ্টা করছে সিপিএম। দীর্ঘ ১২ বছর পর শাসনের মাটিতে গত মাসে লাল ঝাণ্ডা উড়েছিল। পুরনো পার্টি অফিস আবার রংচং করে পাটিকর্মীরা বসতে শুরু করেছিল পার্টি অফিসে। বুথ সভাপতি সহ ৪০০ জন তৃণমূল কর্মী সমর্থকরা সিপিএম যোগদান করেন। পঞ্চায়েত ভোটের আগে এই চিত্র শাসকদলের কাছে বেশ চিন্তার কারণ হয়ে ওঠে। এরপর গত শুক্রবার তৃণমূলের দুজন বুথ সভাপতি সহ আরও ২০০ তৃণমূল কর্মী সিপিএমে যোগদান করেন। তারপরেই ওদিন রাতে শাসনের সিপিএমের পার্টি অফিসে তৃণমূল দুষ্কৃতীরা হামলা করে বলে অভিযোগ।

## পশ্চিম মেদিনীপুরে চলন্ত ট্রেনের আলাদা হল বগি, চালকের বুদ্ধিমত্তায় এড়ানো গেল দুর্ঘটনা



কলকাতা, ২১ মে (হি.স.) : বড় দুর্ঘটনার শিকার হতে অল্পের জন্য রক্ষা পেল হাওড়া-পুরী সুপারফাস্ট এক্সপ্রেস। ট্রেনটি শনিবার-রবিবার মধ্যরাতে হাওড়া থেকে পুরীর উদ্দেশ্যে ছেড়েছিল। পশ্চিম মেদিনীপুর জেলার নেকুদসেনি স্টেশনে পৌঁছানোর আগেই ট্রেনের বগিগুলি একে অপরের থেকে আলাদা হয়ে যায়। রেলওয়ের কর্তারা জানিয়েছেন, স্টেশনে ঢোকার আগেই কাপলিং খুলে গেছে। দুটি কোচ ইঞ্জিনের সাথে যুক্ত থেকে যায় এবং ইঞ্জিনটি সেই দুটি কোচের সাথে এগিয়ে যেতে থাকে। বাকি কোচ লাইনচ্যুত হয়। শোনা মাত্রই যাত্রীদের মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়ে। সঙ্গে সঙ্গে স্টেশন মাস্টার ও রেলের অন্যান্য আধিকারিকদের সহায়তায় ওই ট্র্যাকের সিগন্যাল বন্ধ করে সমস্ত ট্রেন চলাচল বন্ধ করে দেওয়া হয়। সুপারফাস্ট ট্রেনের চালকের বুদ্ধিমত্তায় এড়ানো গেল দুর্ঘটনা। রেলওয়ে টেকনিশিয়ানরা আলাদা বগির কাপলিং পুনরায় সংযোগ করা হয় এবং এরপর বাকি কোচগুলোর কাপলিংও পরীক্ষা করা হয় এবং প্রায় এক ঘণ্টা পর ট্রেনটিকে গন্তব্যে পাঠানো হয়।

## পাকিস্তানের বেলুচিস্তানে বন্দুকযুদ্ধে নিহত ৩ সেনা ও ১ জঙ্গি

বেলুচিস্তান, ২১ মে (হি.স.) : পাকিস্তানের বেলুচিস্তানে সেনা বাহিনীর জওয়ানদের উপর জঙ্গি হামলায় তিন পাক সেনার মৃত্যু হয়েছে। সেনার পাল্টা গুলিতে এক জঙ্গি নিহত হয়েছে। শনিবার বেলুচিস্তানের জারঘুন এলাকায় একটি সেনা চৌকিতে এই হামলার ঘটনা ঘটেছে। পাক সেনার তরফে এই তথ্য নিশ্চিত করা হয়েছে।

পাকিস্তান সেনাবাহিনী এক বিবৃতিতে জানিয়েছে, কয়লা খনিতে তোলাবাজি ঠেকাতে সম্প্রতি একটি চেক পোস্ট তৈরি করা হয়েছিল। সেই চেকপোস্টে সন্ত্রাসবাদীরা হামলা চালায়। সেনার তরফে পাল্টা আঘাত হানা হয়। সেই গুলিযুদ্ধে তিন জওয়ান ও এক সন্ত্রাসবাদীর মৃত্যু হয়েছে। সেনার তরফে আরও জানানো হয়েছে, জারঘুনের পাহাড়ে একটি সাফাই অভিযান শুরু করা হয়েছে। আইএসপিআরের মহাপরিচালক মেজর জেনারেল আহমেদ শরীফ চৌধুরী সম্প্রতি বলেছিলেন, 'গত এক বছরে ৪৩৬টি সন্ত্রাসী হামলায় কমপক্ষে ২৯৩ জন নিহত এবং ৫২১ জন আহত হয়েছেন।' তিনি আরও বলেছিলেন, চলতি বছরে সন্ত্রাসবিরোধী অভিযানে সামগ্রিকভাবে ১৩৭ জন নিরাপত্তা কর্মী নিহত এবং ১১৭ জন আহত হয়েছেন।

## আপাতত অস্বস্তিকর গরমই সঙ্গী বঙ্গবাসীর আগামী সপ্তাহে বৃষ্টির পূর্বাভাস



কলকাতা, ২১ মে (হি.স.) : কখনও বৃষ্টি কখনও গরম, মিশ্র আবহাওয়া বঙ্গে । গ্রীষ্ম শেষে দুয়ারে বর্ষার হাজিরা দেওয়ার জোরালো ইঙ্গিত মিলছে । এই অবস্থায় গরম এবং বৃষ্টি মিলেমিশে অস্বস্তিতে জনজীবন। তবে এর মধ্যে কিছুটা হলেও আশার খবর দিয়েছে হাওয়া অফিস ।

আলিপুর হাওয়া অফিসের আধিকারিক গণেশকুমার দাস জানিয়েছেন, এই মুহূর্তে রাজ্যের উপর একটি নিম্নচাপ অক্ষরেখা রয়েছে ।এটি অবস্থান করছে বিহার থেকে ছত্তিশগড় পর্যন্ত । এর প্রভাবে সিকিম এবং উত্তরবঙ্গে প্রচুর পরিমাণ জলীয় বাষ্প প্রবেশ করছে ।ফলে দক্ষিণবঙ্গে বর্ষা ঢুকতে একটু দেরি হচ্ছে । সোমবারের পর আরও বেশি সক্রিয় হবে ।সোমবার থেকে পশ্চিম দিকে যাবে এই জলীয়বাষ্প ।

দক্ষিণবঙ্গের ক্ষেত্রে শুধুমাত্র দুই মেদিনীপুর, নদিয়া, বীরভূম এবং মুর্শিদাবাদে হালকা বৃষ্টির সম্ভাবনা রয়েছে । আজ অর্থাৎ রবিবার দুই মেদিনীপুর নদিয়া, বীরভূম ও মুর্শিদাবাদে ঝড় বৃষ্টি হতে পারে । মাঝে কমলেও মঙ্গলবার থেকে দক্ষিণবঙ্গের জেলাগুলিতে ফের ঝড়-বৃষ্টির পরিমাণ বাড়বে । সব জেলাগুলিতেই হালকা থেকে মাঝারি বৃষ্টি এবং তার সঙ্গে ঝোড়ো হাওয়া বইতে পারে । এমনকী শিলাবৃষ্টি এবং বজ্রবিদ্যুৎ-সহ মাঝারি বৃষ্টির সম্ভাবনা আছে ।

## বরাহনগরে লরির ধাক্কায় ছিটকে গেল বাইক, মৃত্যু অভিনেত্রীর

কলকাতা, ২১ মে (হি.স.) : বরানগরে লরির ধাক্কায় মৃত্যু হল এক টেলি অভিনেত্রীর। মৃতার নাম সুচন্দ্রা দাশগুপ্ত। স্থানীয় সূত্রে খবর, শনিবার রাতে শুটিং সেরে অ্যাপ বাইকে চেপে বাড়ি ফিরছিলেন সুচন্দ্রা। বরাহনগর থানার ঘোষপাড়ার কাছে একটি লরি ওই মোটর বাইকে ধাক্কা দেয়। ঘটনাস্থলেই মৃত্যু হয় অভিনেত্রীর। দুর্ঘটনার ফলে বেশ কিছু ক্ষণ যান চলাচল ব্যাহত হয় বিটি রোডে। ঘটনাস্থলে পুলিশ গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। 'গৌরী এলো'-সহ একাধিক সিরিয়ালে অভিনয় করেছেন সুচন্দ্রা। শনিবারও শুটিং সেরেই বাড়ি ফিরছিলেন তিনি। প্রত্যক্ষদর্শীরা জানাচ্ছেন, অনলাইনে বাইক বুক করেছিলেন ওই অভিনেত্রী। বরাহনগরের মোড়ের কাছে সিগন্যালের ওই বাইকের সামনে একটি সাইকেল চলে আসে। বাইকের চালক ব্রেক কষেন। তাতে সুচন্দ্রা বাইক থেকে পড়ে যান। ওই সময়ই পিছন থেকে একটি দশ চাকার লরি তাঁকে পিষে দিয়ে চলে যায়। অভিনেত্রীর মাথায় হেলমেট ছিল। কিন্তু সেটা ভেঙে গুঁড়ো হয়ে যায়।

## মধ্যপ্রদেশে প্রধানমন্ত্রী মিত্র পার্কের ভিত্তিপ্রস্তর স্থাপন করলেন কেন্দ্রীয় মন্ত্রী পীযূষ গোয়েল




ভোপাল, ২১ মে (হি.স.) : রবিবার দুপুর ১টায় মধ্যপ্রদেশের ধার জেলার গান্ধওয়ানিতে কেন্দ্রীয় বস্ত্র মন্ত্রকের পিএম মিত্র পার্কের ভিত্তিপ্রস্তর স্থাপন করলেন কেন্দ্রীয় মন্ত্রী পীযূষ গোয়েল। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী শিবরাজ সিংও। চৌহান এবং গোয়েল এখানে মুখ্যমন্ত্রী লাডলি বহনা সম্মেলনে যোগ দেবেন এবং মুখ্যমন্ত্রী আবাসিয়া ভূ অধিকার যোজনার অধীনে ৪,০১২টি পাট্টা বিতরণ করবেন। এর পাশাপাশি ৪১৭ কোটি ৪২ লাখ টাকার বিভিন্ন উন্নয়ন কাজের উদ্বোধন ও ভূমিপূজা করা হবে।

জানা গিয়েছে, কেন্দ্রীয় বস্ত্র মন্ত্রক ৪,৪৪৫ কোটি টাকা ব্যয়ে দেশের সাতটি রাজ্যে সাতটি পিএম মিত্র পার্ক অনুমোদন করেছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর ফাইভ এফ ভিশন বাস্তবায়নের জন্য এই পার্কগুলি স্থাপন করা হচ্ছে। ধার জেলার ভৈনসোলায় প্রায় ১৫৬৩ একর জমিতে পিএম মিত্র পার্ক তৈরি করা হচ্ছে।

কেন্দ্রীয় মন্ত্রী পীযূষ গোয়েল এদিন সকালে দিল্লি থেকে ইন্দোরে আসবেন এবং এখান থেকে শ্রী মহাকালেশ্বর জ্যোতির্লিঙ্গ দর্শন করতে উজ্জয়িনী যাবেন। এরপর ইন্দোর বিমানবন্দরে আসার পর ধার জেলার গান্ধওয়ানিতে আয়োজিত অনুষ্ঠানে অংশ নিতে চলে যাবেন। কেন্দ্রীয় মন্ত্রী গোয়েল গান্ধওয়ানি থেকে ইন্দোরে আসবেন এবং ইন্দোর বিমানবন্দর থেকে বিকাল ৫.১৫ মিনিটে দিল্লির উদ্দেশ্যে রওনা দেবেন।

## দুদিনের কেরল সফরে যাচ্ছেন উপ-রাষ্ট্রপতি ধনখড়

নয়াদিল্লি, ২১ মে (হি.স.) : আজ দুদিনের কেরল সফরে যাচ্ছেন উপ-রাষ্ট্রপতি জগদীপ ধনখড়। আগামীকাল ২২ মে কেরল বিধানসভা কমপ্লেক্সের রজত জয়ন্তী উদযাপনের উদ্বোধন করবেন উপ-রাষ্ট্রপতি। উপ-রাষ্ট্রপতির সচিবালয় অনুসারে, উপ-রাষ্ট্রপতি জগদীপ ধনখড় ২১-২২ মে কেরলে (তিরুবনন্তপুরম এবং কান্নুর) তার প্রথম দুই দিনের সফরে থাকবেন। তিনি ২১ মে তিরুবনন্তপুরমের শ্রী পদ্মনাভস্বামী মন্দিরে প্রার্থনা করবেন। উপরাষ্ট্রপতি ধনখড় ২২ মে তিরুবনন্তপুরমে কেরল বিধানসভার রজত জয়ন্তী উদযাপনের উদ্বোধন করবেন, যেখানে তিনি সমাবেশে ভাষণ দেবেন এবং কেরল আইনসভা আন্তর্জাতিক বই উৎসব - ২০২৩-এর একটি পুস্তিকা প্রকাশ করবেন।

## গোয়ালিয়রে এলেন কেন্দ্রীয় মন্ত্রী সিন্ধিয়া

গোয়ালিয়র, ২১ মে (হি.স.) : রবিবার একদিনের গোয়ালিয়র সফরে আসলেন কেন্দ্রীয় অসামরিক বিমান পরিবহন মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়া। এখানে স্থানীয় বিভিন্ন কর্মসূচিতে তিনি যোগ দেবেন বলে জানা গিয়েছে। সূচি অনুযায়ী, কেন্দ্রীয় মন্ত্রী সিন্ধিয়া সকাল ১১.৩০ টার দিকে আকাশপথে রাজমাতা বিজয়রাজে সিন্ধিয়া বিমানবন্দর মহারাজপুরা পৌঁছবেন। এখান থেকে তারা দুপুর ১২টায় কাশিপুরা মুরার, দুপুর সাড়ে ১২টায় হাজিরা, দুপুর ১২টা ৫০ মিনিটে পদাব এবং দুপুর ১টা ১৫ মিনিটে জীবনজি বিশ্ববিদ্যালয়ে পৌঁছে স্থানীয় কর্মসূচিতে অংশ নেবেন। সিন্ধিয়া জিওয়াজি বিশ্ববিদ্যালয় থেকে দুপুর ২:৫০ টায় রওনা হবেন এবং সড়কপথে শিবপুরীর নারওয়ারের উদ্দেশ্যে রওনা হবেন।

কেন্দ্রীয় মন্ত্রী বিকাল ৩.০০ টায় নারওয়ারের নাহারবাগ গ্রাউন্ড রেস্ট হাউসে পৌঁছাবেন এবং গোয়ালিয়র, গুনা লোকসভার বিভিন্ন নির্বাচনী এলাকায় বসবাসকারী পাল, বাঘেল এবং ধনগর সম্প্রদায়ের লোকদের উদ্দেশ্যে ভাষণ দেবেন।

## রাজীব গান্ধীর মৃত্যুবার্ষিকীতে বীর ভূমিতে প্রার্থনা সভার আয়োজন



নয়াদিল্লি, ২১ মে (হি.স.) : প্রাক্তন প্রধানমন্ত্রী রাজীব গান্ধীর মৃত্যুবার্ষিকীতে জাতীয় রাজধানীর বীর ভূমি সমাধিতে একটি প্রার্থনা সভার আয়োজন করা হয়েছে। কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়গে, প্রয়াত কংগ্রেস নেতা রাজীবের স্ত্রী সোনিয়া গান্ধী, ছেলে রাহুল গান্ধী, মেয়ে প্রিয়াঙ্কা গান্ধী ভঢড়া ছাড়াও কেসি ভেনুগোপাল প্রমুখ প্রার্থনা সভায় অংশ নেন। সবাই সমাধিতে পৌঁছে তাকে আবেগঘন শ্রদ্ধা জানান।

কংগ্রেস সভাপতি খাড়গে বলেন, ২১ শতকের ভারত গড়তে রাজীব গান্ধীর অবদান অতুলনীয়।

দেশ তাকে ভুলতে পারবে না। প্রসঙ্গত, ২১ মে, ১৯৯১ সালে রাজীব গান্ধী আত্মঘাতী মানববোমা বিস্ফোরণে নিহত হন।

## সাতসকালে ভয়াবহ পথ দুর্ঘটনা বিটি রোডে, মৃত ৩ বাইক আরোহী

কলকাতা, ২১ মে (হি.স.) : রবিবার সকালে কলকাতার পার্শ্ববর্তী অঞ্চলে জোড়া পথ দুর্ঘটনা। আগরপাড়ায় মৃত্যু হয়েছে তিনজনের। নিউটাউনে জখম ২ জন হাসপাতালে চিকিৎসাধীন। ক্ষতিগ্রস্ত হয়েছে ট্রাফিক কিয়স্ক, একাধিক গাড়িও।

প্রথম ঘটনাটি ঘটে আগরপাড়া সংলগ্ন বিটি রোডে। এদিন সকাল সাতটা নাগাদ দ্রুত গতিতে আসা একটি বাইক পানিহাটি তেঁতুলতলা মোড়ের কাছে দমকল অফিসের সামনে থাকা পিকআপ ভ্যানে ধাক্কা মারে। বাইকটিতে তিনজন আরোহী ছিলেন। বাইক থেকে ছিটকে পড়ে ঘটনাস্থলেই মৃত্যু হয় তিনজনের। বাইকের ধাক্কায় দুমড়ে মুচড়ে যায় ভানটি। ক্ষতিগ্রস্ত হয় বিটি রোডের উপরে থাকা একটি ট্রাফিক কিয়স্কও। জানা গিয়েছে, ডানলপের দিক থেকে বারাকপুরের দিকে বিটি রোড ধরে যাচ্ছিল বাইকটি। খবর পাওয়া মাত্র ঘটনাস্থলে ছুটে আসে খড়দহ থানার পুলিশ। বটি রোড সংলগ্ন এলাকার বাসিন্দাদের অভিযোগ, এই রোডে প্রায়শই বেপরোয়াভাবে বাইক ছোটে। যার জেরে মাঝেমধ্যেই দুর্ঘটনা ঘটে। দুর্ঘটনা এড়াতে সতর্ক দৃষ্টি রেখেছে ট্রাফিক পুলিশ। নাসিম আলি, রোহিত কেশরী, করণ সিং এই তিন যুবকের মৃত্যু হয়েছে। তিনজনেরই বাড়ি টিটাগড় এলাকায়। বয়স কুড়ি থেকে বাইশ বছরের মধ্যে। পুলিশ ঘাতক পিকআপ ভ্যানটিকে আটক করেছে। চালক পলাতক। তার খোঁজে তল্লাশি চলছে।

# হরেকরকম

হরেকরকম
হরেকরকম

## ৩৫-এই কপালে ভাঁজ পড়ছে ?



বয়স বাড়লে তার ছাপ সবার প্রথম মুখের উপর দেখা যায়। বয়সের সঙ্গে সঙ্গে গলায় চামড়া কুঁচকে যায়, কপালে ভাঁজ পড়তে থাকে, চোখের কোণের চামড়াও কুঁচকে যায়। এগুলোই ত্বকের বার্ধক্যের লক্ষণ। আর যদি প্রথম থেকে আপনি ত্বকের যত্ন না নেন, তাহলে সময়ের আগেই দেখা দেয় এই সব লক্ষণগুলো। আর বয়স বাড়ার সঙ্গে সঙ্গে জোরাল হয় সেগুলো। একবার মুখে বয়সের ছাপ পড়ে গেলে তা কোনওভাবেই ঠেকানো যায় না। আপনি যদি স্বাস্থ্যকর ডায়েট মেনে চলেন, অ্যান্টি-অক্সিডেন্ট সমৃদ্ধ ফল ও শাকসবজি খান, তাহলে বার্ধক্যের লক্ষণগুলো আপনাকে খুব বেশি বিরক্ত করবে না। তাছাড়া বয়স বাড়লে এই ধরনের খাবার আপনাকে শারীরিকভাবে সুস্থ থাকতেও সাহায্য করবে। কিন্তু ডায়েটই শেষ কথা নয়। যেহেতু ত্বকের বার্ধক্য নিয়ে কথা হচ্ছে, তাই জোর দিতে হবে অ্যান্টি-এজিং পণ্যের উপরও। তাছাড়া একটা নির্দিষ্ট বয়সের পর থেকেই অ্যান্টি-এজিং পণ্য ব্যবহার করা উচিত। সামগ্রিকভাবে নাইটক্রিম আর সিরাম ব্যবহার করলেই আপনার ত্বকের জেল্লা বজায় থাকবে। বাজারে একাধিক নামী-দামি ব্র্যান্ডের নাইটক্রিম ও সিরাম পাওয়া যায়। এই দুটো স্কিন কেয়ার প্রোডাক্টের দামই তুলনামূলক বেশি। তাছাড়া সেগুলো আপনার ত্বকে কতটা বেশি কার্যকর হবে, সেই নিয়েও মনে প্রশ্ন থেকে যায়। তার চেয়ে বাড়িতে নিজের মতো করে বানিয়ে নিতে পারেন নাইটক্রিম ও সিরাম। যেহেতু প্রাকৃতিক উপাদানের তৈরি হবে নাইটক্রিম ও সিরাম, তাই এগুলোর কার্যকারিতা অনেক বেশি। পাশাপাশি নেই পার্শ্বপ্রতিক্রিয়ার ঝুঁকি।

যে উপায়ে বাড়িতে অ্যান্টি-এজিং সিরাম তৈরি করবেন-
৩ চামচ অ্যালোভেরা জেল নিন। এর সঙ্গে ২টো ভিটামিন ই ক্যাপসুলের নির্যাস মিশিয়ে নিন। এবার এতে ৩ চামচ গোলাপ জল আর ২-৩ ফেঁটা অ্যাভোকাডো তেল এবং ২-৩ ফেঁটা আপনার পছন্দের যে কোনও এসেনশয়াল মিশিয়ে নিন। শুষ্ক ত্বক হলে ১ চামচ গ্লিসারিন মিশিয়ে নেবেন। উপকরণগুলো ভাল করে মিশিয়ে নিয়ে কাচের শিশিতে ভরে নিন। প্রতিদিন রাতে মুখ পরিষ্কার করে তারপর এই সিরাম মেখে নিন।

যে উপায়ে বাড়িতে অ্যান্টি-এজিং নাইট ক্রিম তৈরি করবেন- ১ চামচ দুধের সর নিন। এর সঙ্গে ১ চামচ গোলাপ জল, ১ চামচ অলিভ অয়েল এবং ১ চামচ গ্লিসারিন মিশিয়ে নিন। এই উপকরণগুলো একসঙ্গে মিশিয়ে নিয়ে ব্লেন্ডারে মসৃণ পেস্ট বানিয়ে নিন। এই নাইট ক্রিমের মধ্যে ল্যাকটিক অ্যাসিড রয়েছে। এই নাইট ক্রিম ত্বকের উপর লাগালে সূক্ষ্মরেখা ও বলিরেখা রুখে দিতে পারেন। অন্যদিকে, অলিভ অয়েল ও গ্লিসারিন আপনার ত্বকের আর্দ্রতা বজায় রাখবে।

## কুমড়োর বীজের যে কত গুণ জানলে অবাক হবেন



সবজি হিসেবে অনেকই মিষ্টি কুমড়ো খেতে পছন্দ করলেও এর বীজ অনেকেই খান না। কিন্তু কুমড়ার বীজ না খেলেই অনেক বড় ভুল করবেন আপনি।

কুমড়োর তুলনায় কুমড়ো বীজ ভীষন উপকারী। পুষ্টিবিদরা কুমড়ো বীজ কে পাওয়ার হাউসের সঙ্গে তুলনা করেছেন। ভিটামিন বি, ম্যাগনেশিয়াম, প্রোটিন ও আয়রনের মতো গুরুত্বপূর্ণ সব খাদ্য উপাদান রয়েছে মিষ্টি কুমড়ার বিচিতে।

১০০ গ্রাম কুমড়োর বীজে আনুমানিক ৫৬০ গ্রাম ক্যালোরি পাওয়া যায়। বিশেষজ্ঞ দের মতে কুমড়ার বীজ খেলে ভালো থাকে হৃদযন্ত্র , এছাড়াও এই পুষ্টিকর বীজটি রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়ে, ওজন কমায়, এমনকি চুল ও ত্বকের স্বাস্থ্য ভালো রাখতে ভীষন উপযোগী।

যদি আপনি দীর্ঘদিন ঘুমের সমস্যায় ভোগেন তবে কুমড়ার বীজের ওপর ভরসা রাখতে পারেন। কারণ কুমড়ার বীজে থাকা সেরোটোনিন ঘুম এনে দিতে পারে নিমিষেই।

## মাথায় হাত দিলেই মুঠো মুঠো চুল উঠে আসছে ?



চুল পড়া আজকালকার দিনে অন্যতম বড় সমস্যা। শীত, গ্রীষ্ম, বর্ষা - যে মরশুমই হোক না কেন, চুল ঝরেই চলেছে। মার্কেটের নামীদামি প্রোডাক্ট থেকে ঘরোয়া টোটকা, কোনও কিছুতেই চুল পড়া আটকায় না।

চিকিৎসকদের মতে, অস্বাস্থ্যকর খাওয়াদাওয়া এবং জীবনযাত্রা, হরমোনের ভারসাম্যহীনতা, স্ট্রেস, শারীরিক অসুস্থতা ছাড়াও চুল পড়ার আরও অনেক কারণ রয়েছে।

বংশগত প্রবণতাও চুল পড়ার অন্যতম কারণ। জিনের কারণে সাধারণত কৈশোরকাল থেকেই চুল পড়া শুরু হয়।

নির্দিষ্ট কিছু প্রাকৃতিক উপাদান রয়েছে, যেগুলি চুল পড়া আটকাতে পারে। এর মধ্যে সবচেয়ে কার্যকর উপাদান হল মৌরি। মৌরিতে প্রচুর ভিটামিন এবং খনিজ রয়েছে। যা চুলের ফলিকলে পুষ্টি যোগায় এবং শক্তিশালী করে। ফলে চুল পড়া কমে। জেনে নিন, চুল পড়া কমাতে মৌরি কী ভাবে ব্যবহার করবেন- চুলের যত্নে মৌরি ব্যবহারের পদ্ধতি

১) এক টেবিল চামচ মৌরি সারা রাত জলে ভিজিয়ে রাখুন। পরদিন সকালে জলটা ছেঁকে নিয়ে, মৌরি মিক্সি বা শিলনোড়ায় বেটে নিন। টক দইয়ের সঙ্গে মৌরি গুঁড়ো দিয়ে একটা পেস্ট তৈরি করুন। মাথার ত্বকে ও চুলে এই পেস্টটি লাগিয়ে আধা ঘণ্টা রেখে দিন।

৩০ মিনিট পর একেবারে হালকা গরম জল দিয়ে মাথা ধুয়ে ফেলুন। তারপর মাথা মুছে ফ্যানের তলায় চুল শুকিয়ে নিন। সপ্তাহে দু'বার মৌরির পেস্ট ব্যবহার করতে পারেন। ২) কয়েক চামচ মৌরি জলে দিয়ে ফোটান কিছুক্ষণ। জলটা ছেঁকে ঠাণ্ডা হতে দিন। তারপর, এই মৌরির জল দিয়ে চুল ভাল করে ধুয়ে ফেলুন। মৌরি ব্যবহারের পাশাপাশি, রোজ স্বাস্থ্যকর ডায়েট মেনে চলুন, প্রচুর জল পান করুন। আপনার চুলের ধরন অনুযায়ী শ্যাম্পু এবং কন্ডিশনার ব্যবহার করুন। হিট-স্টাইলিং সরঞ্জাম যেমন হেয়ার ড্রায়ার, কার্লিং আয়রন এবং স্ট্রেইটনারের ব্যবহার বন্ধ করুন। এই সব পদক্ষেপ সঠিকভাবে মেনে চললে তবেই স্ক্যাল্প ও চুল সুস্থ থাকবে। চুল পড়াও ধীরে ধীরে কমবে।

## দেখে নিন বাসন ঝকঝকে করার ৬টি টিপস



অতিথিদের তো আর স্টিলের থালায় খেতে দেওয়া যায় না। এর পরিবর্তে আমরা চীনামাটির থালা বাসন ব্যবহার করে থাকি। কিন্তু আসন ঝামেলা শুরু হয় অতিথিরা চলে যাওয়ার পর! চীনামাটির পাত্রে লেগে থাকা হলুদ দাগ তুলতে নাজেহাল হতে হয় কম-বেশি সকলকেই। তবে চিন্তার কোনও কারণ নেই! সাধের চীনামাটির বাসন ঝকঝকে রাখতে মেনে চলতে হবে শুধু কয়েকটি সহজ টিপস!

দেখে নিন, চীনামাটির বাসন নতুনের মতো করে তুলতে কোন কোন উপায়ের সাহায্য নেবেন -

বেকিং সোডা পেস্ট
দুই টেবিল চামচ বেকিং সোডায় কয়েক ফেঁটা জল দিয়ে ঘন মিশ্রণ বানিয়ে নিন। এই মিশ্রণ দিয়ে চীনামাটির বাসনে মিনিট ২০ মাখিয়ে রাখুন। তারপর ঘষে ঘষে হলুদের দাগ তুলে ফেলুন।

টুথপেস্ট
একটি টুথব্রাশে সামান্য টুথপেস্ট নিয়ে জলে ভিজিয়ে নিন। বাসনের দাগের জায়গায় এটি দিয়ে ভাল করে ঘষুন। মিনিট খানেক স্ক্রাব করার পর আরও ৫ মিনিট এ ভাবে রেখে দিন। তারপর হালকা গরম জল দিয়ে বাসন ধুয়ে ফেলুন।

লবণ এবং ভিনেগার লবণ এবং ভিনেগার উভয়ই যে কোনও ধরনের দাগ তুলতে দারুণ কার্যকর। একটি বাটিতে ভিনেগার আর নুন মিশিয়ে নিন। চীনামাটির পাত্রগুলি এই মিশ্রণটি দিয়ে ভাল করে মেজে নিন। মিনিট দশেক এ ভাবে রেখে দিন। তারপর সাবান জলে ধুয়ে নিন।

লেবুর রস
লেবুর রসে একটি পরিষ্কার টুথব্রাশ ডুবিয়ে নিন। বাসনের গায়ে লেগে থাকা হলুদের দাগের উপর লেবুর রস দিয়ে ভালো ভাবে স্ক্রাব করুন। আরও ১০ মিনিট এ ভাবে বাসনগুলি রেখে দিন। পরে হালকা গরম জলে ধুয়ে ফেলুন।

গরম জল
এক বালতি গরম জলে সব কয়টি চীনামাটির বাসন ২০ মিনিটের জন্য ভিজিয়ে রাখুন। তারপর ডিশ ওয়াশিং সাবান এবং জল দিয়ে বাসন ঘষে ধুয়ে ফেলুন। তবে জল যেন খুব বেশি গরম না হয়, নইলে বাসন ভেঙে যেতে পারে। হালকা গরম জল ব্যবহার করবেন।

লেবুর খোসা
উষ্ণ গরম জলে লেবুর রস মিশিয়ে বাসনগুলি ভিজিয়ে রাখুন। এ বার লেবুর খোসা দিয়ে বাসনের দাগের উপর ভালো করে ঘষে নিন। এতে সহজেই দূর হবে বাসনের উপর লেগে থাকা হলুদের দাগ।

## উচ্চ রক্তচাপ এড়াতে মেনে চলুন এই ঘরোয়া টিপস



মানুষের আধুনিক জীবনযাত্রার কারণে বিভিন্ন ধরণের রোগ বাসা বাঁধছে মানুষের শরীরে।এর মধ্যে অন্যতম হল উচ্চ রক্তচাপ। ভোগ আর বিলাসিতার কারণে এই রোগের দিকে আমরা প্রতিনিয়ত ঝুঁকছি। আজকাল এই উচ্চ রক্তচাপের কবলে বয়স্ক মানুষ থেকে শুরু করে তরুণরাও। এর পেছনে অনিয়ন্ত্রিত জীবনযাত্রাই প্রধানত দায়ী। ভুল কিছু পদক্ষেপের কারণে আমরা নিজেদের অজান্তেই বাড়িয়ে চলছি উচ্চ রক্তচাপের ঝুঁকি। আমরা রক্তচাপকে নিয়ন্ত্রণে রাখতে পারি একটু নিয়ম মেনে চললেই। উচ্চ রক্তচাপকে এড়নো গেলে নিজেদের জীবনকে কীভাবে স্বাচ্ছন্দ্যে কাটানো।

## পিঠে বানানোর চাল গুঁড়ি দিয়ে সেরে দিন রূপচর্চা

রান্নাঘরে এমন অনেক উপাদান রয়েছে, যা রূপচর্চায় ব্যবহার করা হয়। কাঁচা হলুদ থেকে শুরু টমেটো, টক দই ইত্যাদি প্রায়শই মুখে মাখা হয়। কখনও ট্যান তুলতে, আবার কখনও ব্রণ দূর করতে। যদিও এখন বিশ্বজুড়ে মানুষের মধ্যে কোরিয়ান বিউটির চল বেড়েছে। কিন্তু কোন অংশেই কমেনি ঘরোয়া প্রতিকারের ব্যবহার।

বরং, কে-বিউটিকে ভালবাসে মানুষ এমন উপায় খুঁজে নিচ্ছে যা সহজলভ্য এবং উপকারী। তেমনই একটি উপাদান হল চালের গুঁড়ো। যে চালের গুঁড়ি আপনি পিঠে বানাতে ব্যবহার করেন, এবার সেটা দিয়েই সেরে দিন রূপচর্চা। তাও একদম কোরিয়ান স্টাইলে। চালের গুঁড়ো ত্বকের চিরযৌবন বজায় রাখতে সাহায্য করে। ত্বকের জেল্লা ধরে রাখে। ত্বকের দাগছোপ দূর করা থেকে শুরু করে ত্বককে এক্সফোলিয়েট করতে সাহায্য করে চালের গুঁড়ো। পাশাপাশি সূর্যের ক্ষতিকারক রশ্মির হাত থেকে রক্ষা করে এই উপাদানটি। চাইলে সান ট্যানও তুলে ফেলতে পারবেন চালের গুঁড়ো গায়ে মেখে। শুধু আপনাকে জানতে হবে, ব্যবহারের সঠিক উপায়।

ব্রণর কমায়- তৈলাক্ত ত্বকে সবচেয়ে বেশি ব্রণর সমস্যা দেখা দেয়। যদিও ব্রণ হওয়ার পিছনে নানা কারণ দায়ী থাকতে পারে। লিভারের সমস্যা, হরমোনের ভারসাম্যহীনতা, পুষ্টির ঘাটতির মতো নানা কারণে মুখে ও পিঠে ব্রণ হতে পারে। তবে তৈলাক্ত ত্বকের জন্য যদি আপনি ব্রণর সমস্যায় ভোগেন, তাহলে চালের গুঁড়োর সাহায্য নিতে পারেন। ২ চামচ চালের গুঁড়োর সঙ্গে ১ চা চামচ মুলতানি মাটি ও গোলাপ জল মিশিয়ে ঘন ফেসপ্যাক বানিয়ে নিন। এই ফেসপ্যাক সপ্তাহে ১-২ বার ব্যবহার করলে ধীরে ধীরে ত্বকের তেলতেলে ভাব ও ব্রণর সমস্যা কমবে। দাগছোপ দূর করে- ব্রণ কমলেও ব্রণর দাগ সহজে পিছু ছাড়ে না। তাছাড়া সূর্যের ক্ষতিকারক রশ্মিও ত্বকের ক্ষতি করে। মেলানিন বাড়িয়ে দেয় এবং যার জেরে হাইপারপিগমেনটেশনের সমস্যা দেখা দেয়। এই অবস্থায় চালের গুঁড়োর সঙ্গে বাদাম তেল ও গোলাপ জল মিশিয়ে ভাল মুখে লাগান। শুকিয়ে গেলে জল দিয়ে ধুয়ে ফেলুন। সপ্তাহে ৩ বার আপনি এই চালের গুঁড়োর ফেসপ্যাক ব্যবহার করতে পারবেন। ত্বককে উজ্জ্বল করে- গরমে ত্বকের অবস্থাও খারাপ হয়ে যায়। ত্বক ম্লান দেখায়। এই সময় চালের গুঁড়ো মিশিয়ে রূপচর্চা করলে আপনি ফিরে পেতে পারেন সেই হারানো গ্লো। ১ চামচ চালের গুঁড়োর সঙ্গে ১ চামচ মধু ও গোলাপ জল মিশিয়ে নিয়ে মুখে লাগালেই কাজ শেষ। এই ফেসপ্যাক আপনাকে এনে দেবে প্রাকৃতিক উজ্জ্বলতা। পাশাপাশি এর কোনও পার্শ্বপ্রতিক্রিয়াও নেই।



## স্বাদের পাশাপাশি স্বাস্থের খেয়াল রাখতে বেকড স্প্রাউটস খিচুড়ি

স্বাদের পাশাপাশি প্রয়োজনীয় পুষ্টির বরাদ্দ ঠিক রাখা একান্ত জরুরি। কিন্তু এই প্রচণ্ড গরমে এমন রান্না এড়িয়ে চলুন যা করতে অনেক সময় আর পরিশ্রম লাগে কারণ বাড়ির সব কাজও নিজেকেই করতে হয়। রান্না দারুণ একটি শিল্প, ভালো রান্না মানুষকে খুশি করে, আনন্দ দেয়। আর প্রিয়জনকে খুশি রাখতে কার না ভালো লাগে? তাই খুব সহজেই বানিয়ে ফেলুন সুস্বাদুএবং পুষ্টিকর এই রেসিপি।

যাঁরা স্বাস্থ্যসচেতন, তাঁরা কিনওয়া বা ব্রাউন রাইস দিয়েও এই খিচুড়ি বানাতে পারেন।

উপকরণ:
১/৪ কাপ সাদা চাল
২ বড়োচামচ ঘি
১/২ কাপ হলুদ মুগ ডাল
২ বড়োচামচ ফেটানো দই
১টেবিলচামচ পেঁয়াজকুচি
১চাচামচ জিরে
১টি কাঁচালঙ্কা
১/৪চাচামচ হলুদগুঁড়ো
স্বাদ অনুযায়ী নুন
১বড়ো চামচ টোম্যাটোকুচি
২বড়োচামচ ফেটানো দই
১চাচামচ গরম মশলা
১/৪কাপ অঙ্কুরিত মুগডাল
১চাচামচ গরম মশলা
কাপ অঙ্কুরিত মুগডাল
১বড়োচামচ ভাজা পেঁয়াজ


পদ্ধতি:
সব উপকরণ ভালো করে ধুয়ে নিন।
পেঁয়াজ, লঙ্কা, টোম্যাটো কুচিয়ে নিয়ে সরিয়ে রাখুন।চাল আর ডাল খুব ভালো করে ধুয়ে নিতে হবে, তার পর জলে ভিজিয়ে রাখুন খানিকক্ষণের জন্য।এবার চাল, মুগ ডাল আর স্প্রাউটস একসঙ্গে সেদ্ধ করতে বসান।
অন্য পাত্রে ঘি গরম করে তাতে জিরে, কাঁচালঙ্কা, হিং, পেঁয়াজ, টোম্যাটো দিয়ে ভাজা ভাজা করে নিন।তার মধ্যে সেদ্ধ করা চাল-ডালের মিশ্রণ দিন।
নুন-মিষ্টি চেখে দেখে নিন ঠিক আছে কিনা।এবার আভেনপ্রুফ পাত্রে ঢেলে উপরে ফেটানো দই ছড়িয়ে ১২০ ডিগ্রিতে বেক করে নিন ১০ মিনিট। নামিয়ে ভাজা পেঁয়াজ ছড়িয়ে পরিবেশন করুন চাটনির সঙ্গে।

নুন কম খেতে হবে:
সারা দিনে মাত্র ২ গ্রাম লবণ খাওয়া উচিত উচ্চ রক্তচাপের রোগীদের। একজন রক্তচাপের রোগী সর্বোচ্চ ৫ গ্রাম পর্যন্ত নুন খেতে পারেন। বেশি নুন খেলে ধমনি মোটা হয়ে যায় এতে হার্ট ব্লক হয়ে যাওয়ার সম্ভাবনা প্রবল। উচ্চ রক্তচাপের রোগীদের লবণ খাওয়ার উপর নজর দিতে হবে। তবে রান্নায় স্বাভাবিক মাত্রায় নুন ব্যবহার করা যেতেই পারে। কিন্তু পরে খাবারে আলাদা করে নুন খেলেই।

নিজেকে সময় দিন : সারা দিনের ব্যাস্ততায় আমরা একটুও সময় রাখিনা নিজেদের জন্য। যার কারণে আমরা একটুও শান্তি খুঁজে পাই না। আর এতে ভেতরে জমে ক্লান্তি যা আমাদের জীবনকে নষ্ট করে দেয়। তাই নিজেকে সময় দিতে হবে। হাসি খুশি থাকতে হবে। আনন্দে থাকলে উচ্চ রক্তচাপের ঝুঁকি এড়ানো সম্ভব। ধূমপান বন্ধ রাখুন:

## এই সুযোগে রুখে দিন ত্বকের বার্ধক্য

পাকা আমের জন্য গ্রীষ্মকালের জন্য মুখিয়ে থাকে সকলে। মে মাস হল সেই সময় যখন বাজারে দেখা মেলে পাকা হিমসাগরের। কিন্তু ক্যালোরির ভয়ে অনেকেই এড়িয়ে যান পাকা আম। আম না খেলেও মুখে মাখতে পারেন। হ্যাঁ, পাকা আম দিয়ে নিতে পারেন ত্বকের যত্ন। ফলের রাজা যেহেতু তাই এর কোনও গুণ থাকবে না, এমন হয় না।



পাকা আমের মধ্যে প্রয়োজনীয় ভিটামিন, মিনারেল ও অ্যান্টিঅক্সিডেন্ট রয়েছে, যা ত্বকের জন্য উপকারী। তাছাড়া নিয়মিত মুখে আম মাখলে আপনি সহজেই বয়সের ছাপ রুখে দিতে পারবেন। রূপচর্চায় কী ভাবে আম ব্যবহার করবেন, রইল টিপস।

স্ক্রাব বানিয়ে নিন
ত্বকের উপর মরা কোষ জমে জেল্লা হারিয়ে যায়। তার উপর ঘাম, ধুলোবালি, ময়লা ত্বকের জেল্লা কেড়ে যায়। এক্ষেত্রে আমের তৈরি স্ক্রাব ব্যবহার করলে উপকার পেতে পারেন। ২ চামচ পাকা আমের নির্যাস বের করে নিন। এই পাকা আমের পাল্প ম্যাশ করে নিন। এতে ১ চামচ ওটসের গুঁড়ো ভাল করে মিশিয়ে নিন। এবার এই স্ক্রাবটি ত্বকের উপর লাগিয়ে হালকা হাতে ঘষতে থাকুন। ২ মিনিট পর সাধারণ জল দিয়ে মুখ ধুয়ে ফেলুন।

টকদই ও আমের ফেসপ্যাক
ত্বকের বার্ধক্য রুখে দিতে আপনি আমের ফেসপ্যাক ব্যবহার করতে পারেন। ২ চামচ পাকা আমের নির্যাস নিন। ম্যাশ করে নেবেন। এর মধ্যে ৩ চামচ টকদই ও ৩ চামচ মুলতানি মাটি মিশিয়ে নিন। এবার এই মিশ্রণটা ভাল করে মুখে লাগিয়ে নিন। ফেসপ্যাক শুকিয়ে গেলে জল দিয়ে মুখ ধুয়ে নিন। এই ফেসপ্যাক আপনার ত্বকের অতিরিক্ত তেলও অপসারণ হয়ে যাবে। গোলাপ জল দিয়ে মাখুন পাকা আম

আপনার ত্বক যদি সংবেদনশীল হয়, তাহলে আমের সঙ্গে গোলাপ জল মিশিয়ে ব্যবহার করতে পারেন। ২ চামচ পাকা আমের নির্যাস নিয়ে ম্যাশ করে নিন। এবার এতে ২ চামচ গোলাপ জল মিশিয়ে নিন। এবার এটা মুখ ও গলায় ভাল করে লাগিয়ে নিন। শুকিয়ে গেলে সাধারণ জল দিয়ে মুখ ধুয়ে নিন। এই ফেসপ্যাক আপনার ত্বকের আর্দ্রতা বজায় রাখবে এবং ত্বকের জেল্লা বাড়বে।

## চুল ধোওয়ার ঠিকঠাক নিয়ম জানেন তো ?

চুলের যত্নে যে শ্যাম্পু ব্যবহারের প্রয়োজন রয়েছে, সে কথা তো সকলেরই জানা। কিন্তু শ্যাম্পু করার সঠিক নিয়ম সম্পর্কেসিংহভাগ মহিলাই অবগত নন। ফলে অবুঝের মতো শ্যাম্পু ব্যবহারের কারণে চুলের স্বাভাবিক উজ্জ্বলতা হারায়, চুল রুক্ষ-শুষ্ক হয়ে যায় এবং আরও বেশি ঝরতে থাকে। তাই কী কী নিয়ম মেনে চুল ধোওয়া উচিত, সে সম্পর্কে জেনে নেওয়াটা খুব জরুরি।

তবেই চুল পড়া কমবে এবং চুলের হারিয়ে যাওয়া জেল্লাও ফিরে আসবে। বলা ভাল চুলের স্বাস্থ্য বজায় থাকবে। চুলের ধরন অনুযায়ী শ্যাম্পু কিনুন প্রথমেই চুলের ধরন বুঝে শ্যাম্পু এবং কন্ডিশনার বাছাই করতে হবে। আপনার চুল শুষ্ক, তেলতেলে কিংবা মিশ্র ধরনের কী না, তা বুঝে নিয়ে শ্যাম্পু ও কন্ডিশনার বাছাই করুন।

শ্যাম্পু করার আগে চুলে তেল দিন
চুলে শ্যাম্পু করার ২-৩ ঘন্টা আগে স্ক্যাল্প এবং চুলে ভাল করে তেল লাগিয়ে কিছুক্ষণ ম্যাসাজ করুন। চুলে তেল মাখলে, তবেই শ্যাম্পুতে যে সব রাসায়নিক থাকে, তা থেকে চুলের গোড়াটা বাঁচানো যাবে। নারকেল তেল ব্যবহার করা সবচেয়ে ভাল। এর পাশাপাশি অলিভ অয়েল বা সর্ষের তেলও ব্যবহার করতে পারেন।

বড় দাঁতের চিরুনি দিয়ে জট ছাড়ান
শ্যাম্পু করার আগে চুলের জট ছাড়ানো খুব গুরুত্বপূর্ণ। বড় এবং চওড়া দাঁতের চিরুনি খুব সহজেই চুল জটমুক্ত করতে পারে। এতে চুলে টান কম পড়ে, চুল ভাঙা এবং পড়াও আটকায়। চুলে শ্যাম্পু করুন প্রথমে একেবারে হালকা গরম জল দিয়ে চুল ভাল ভাবে ধুয়ে নিন। এক মিনিট চুল ভিজিয়ে রাখুন। তারপর শ্যাম্পু দিয়ে চুল এবং মাথার ত্বক ভাল ভাবে পরিষ্কার করুন। শ্যাম্পু করার সময় মাথার ত্বকে ম্যাসাজ করবেন। এতে চুলের গোড়ায় রক্ত সঞ্চালন বাড়ে এবং চুল ভাল থাকে। শ্যাম্পু করার পর ঠান্ডা জলে চুল ধুয়ে ফেলুন। হালকা গরম পানি আপনার চুলের কিউটিকল খুলে দেবে এবং ঠান্ডা জল তা বন্ধ করবে। চুলের কিউটিকাল খোলা থাকলে আর্দতা কমতে থাকে।

কন্ডিশনার ব্যবহার করুন শ্যাম্পুর পর চুলে কন্ডিশনার ব্যবহার করুন। তবে ভুলেও মাথার ত্বকে কন্ডিশনার লাগাবেন না। শুধুমাত্র চুলে লাগান। কন্ডিশনার লাগানোর পর পাঁচ মিনিট রাখুন। তারপর মাথা ধুয়ে ফেলুন।

মাথা মোছা
চুল ধোওয়ার পর একেবারে নরম তোয়ালে দিয়ে মাথা মুছুন। কিন্তু কখনই খুব জোরে ঘষে ঘষে মাথা মুছবেন না। এতে চুল ঝরতে পারে। একেবারে আলতো হাতে মাথা মোছার চেষ্টা করুন।



# শুরু হল নিউ জলপাইগুড়ি-গুয়াহাটি বন্দে ভারত এক্সপ্রেসের ট্রায়াল রান



শিলিগুড়ি, ২১ মে (হি.স.) : রাজ্য পেতে চলেছে তৃতীয় বন্দে ভারত। হাওড়া-পুরীর পর এবার নিউজলপাইগুড়ি থেকে গুয়াহাটি। রবিবার ভোরে তৃতীয় বন্দে ভারতের ট্রায়াল রান হয়ে গেল। রবিবার সকাল ৬টা ১০ মিনিট নাগাদ নিউজলপাইগুড়ি স্টেশন থেকে গুয়াহাটির উদ্দেশে রওনা দেয় রাজ্যের তৃতীয় বন্দে ভারত এক্সপ্রেস।

সকাল ৬টা ৫১ মিনিট নাগাদ ধূপগুড়ি স্টেশন পার করে এই ট্রেন।

এদিন শুধুমাত্র ট্রায়াল রান করা হল। কবে থেকে যাত্রীদের পরিষেবা দেবে এই সেমি হাইস্পিড ট্রেন, সেটি এখনও পর্যন্ত জানানো হয়নি রেলের তরফ থেকে। পাশাপাশি ট্রেনের ভাড়া কত হবে এবং নিউজলপাইগুড়ি থেকে গুয়াহাটি পর্যন্ত এই যাত্রাপথে কোন কোন স্টেশনে দাঁড়াবে সেটিও জানা যায়নি।

সূত্রের খবর এ মাসের ২৪ তারিখ থেকে যাত্রী নিয়ে নিউজলপাইগুড়ি থেকে গুয়াহাটি পর্যন্ত ছুটতে পারে বন্দে ভারত।

উল্লেখ্য, বৃহস্পতিবার ভিডিও কনফারেন্সে সবুজ পতাকা দেখিয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী উদ্বোধন করেন পুরী-হাওড়া বন্দে ভারত এক্সপ্রেসের।

পুরীতে মূল অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণব সহ বহু বিশিষ্ট ব্যক্তি।

## পুঞ্চে সন্ত্রাসীদের বিরুদ্ধে সামরিক অভিযানে চলল গুলির লড়াই

পুঞ্চ, ২১ মে (হি.স.) : রবিবার জম্মু ও কাশ্মীরের পুঞ্চ জেলার ভাতাদুদিয়ান এবং মেনধারের টোটা গালির কাছে কেরি এলাকায় সন্ত্রাসীদের বিরুদ্ধে সেনা অভিযানে চলল গুলি লড়াই। নিরাপত্তা বাহিনী সম্মুখ সামলাতে গিয়ে পাল্টা জবাব দেয়। কিছুক্ষণ পর গুলি থেমে যায়।

এ সময় নিরাপত্তা বাহিনী এলাকার মসজিদ থেকে ঘোষণা দিয়েছে এবং লোকজনকে ঘরের ভেতরে থাকার নির্দেশ দিয়েছে। নিরাপত্তা বাহিনী পুরো এলাকা ঘেরাও করে তল্লাশি শুরু করেছে, সমস্ত পথ বন্ধ করে দেওয়া হয়েছে।

## ভোটমুখী চার রাজ্যের নেতাদের নিয়ে ২৪ মে বৈঠক ডাকল কংগ্রেস

নয়াদিল্লি, ২১ মে (হি.স.) : কর্ণাটক বিধানসভা ভোটে জিতে একক সংখ্যাগরিষ্ঠতা নিয়ে সে রাজ্যে সরকার গঠন করেছে কংগ্রেস। হিমাচল প্রদেশ ও কর্ণাটককে জয়লাভের পর এবার ভোটমুখী দেশের চার রাজ্য নিয়ে ঘুঁটি সাজাতে চলেছে ভারতের গ্র্যান্ড ওল্ড পার্টি। তেলঙ্গানা, মধ্যপ্রদেশ, ছত্তিশগড় এবং রাজস্থানের কংগ্রেস নেতাদের নিয়ে বৈঠকে বসতে চলেছে কংগ্রেসের শীর্ষ নেতৃত্ব। কংগ্রেস সূত্রে খবর, আগামী ২৪ মে হবে সেই বৈঠক।

আগামী ২৪ মে কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়গে ওই বৈঠকে সভাপতিত্ব করবেন বলে সূত্রের খবর। সম্প্রতি কর্ণাটকে মুখ্যমন্ত্রীর পদ নিয়ে দলের বর্ষীয়ান নেতাদের মধ্যে দ্বন্দ্ব তৈরি হয়েছিল। যদিও শেষ পর্যন্ত কংগ্রেস হাইকম্যান্ড সিদ্দারামাইয়াকে মুখ্যমন্ত্রী ও ডিকে শিবকুমারকে উপমুখ্যমন্ত্রীর পদ দিয়ে বিষয়টির মীমাংসা করেছিল।

## অরবিন্দ কেজরিওয়ালের সঙ্গে দেখা করলেন নীতীশ কুমার

নয়াদিল্লি, ২১ মে (হি.স.) : আসন্ন লোকসভা নির্বাচনকে সামনে রেখে বিহারের মুখ্যমন্ত্রী নীতীশ কুমার ভারতীয় জনতা পার্টির (বিজেপি) বিরুদ্ধে বিরোধী ঐক্য গড়ে তুলতে ব্যস্ত। এরই ধারাবাহিকতায় রবিবার দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়ালের বাড়িতে পৌঁছেছেন বিহারের মুখ্যমন্ত্রী নীতীশ কুমার। কেজরিওয়ালের সঙ্গে এটি নীতীশের দ্বিতীয় বৈঠক। নীতীশ কুমারের সঙ্গে উপস্থিত ছিলেন বিহারের উপমুখ্যমন্ত্রী তেজস্বী যাদবও।

## কুস্তিগিরদের পাশে বাংলার সম্বরণ-উৎপলরা

কলকাতা, ২১ মে (হি.স.) : কুস্তি ফেডারেশনের সভাপতি ব্রিজভূষণ সিংয়ের অপসারণের দাবিতে দীর্ঘদিন ধরে আন্দোলন চালিয়ে যাচ্ছেন সাক্ষী মালিক, বিনেশ ফোগত, বজরং পুনিয়ারা। দিনের পর দিন দিল্লির যন্তর মন্তরেই ধর্নায় রয়েছেন দেশের এই কুস্তিগিররা। কোনো সুরাহা মিলছে না। ব্রিজভূষণ সিংয়ের বিরুদ্ধে একাধিক অভিযোগ জমা পড়েছে কুস্তিগিরদের। এর মধ্যে রয়েছে যৌন নির্যাতনের অভিযোগও।

আন্দোলনরত কুস্তিগিরদের পাশে দাঁড়িয়েছেন দেশের বিভিন্ন ক্রীড়াবিদ থেকে বিভিন্ন রাজনৈতিক ব্যক্তিত্ব। এছাড়া বিভিন্ন রাজনৈতিক দলও আছে।

এবার পশ্চিমবঙ্গ থেকে একাধিক খেলোয়াড় এসএফআইয়ের এক কর্মসূচিতে সামিল হয়েছেন। কুস্তিগিরদের আন্দোলনের পাশে দাঁড়িয়ে বার্তা পাঠিয়েছেন বুলা চৌধুরী। এ ছাড়া সম্বরণ বন্দ্যোপাধ্যায়, উৎপল চট্টোপাধ্যায়, অনুষ্টুপ মজুমদার, ভাস্কর গঙ্গোপাধ্যায়, বিশ্বজিৎ ভট্টাচার্য, সুকুমার সমাজপতি, সুব্রত পালের মতো একাধিক খেলোয়াড়রাও ন্যায়বিচারের দাবিতে কুস্তিগিরদের আন্দোলনে সংহতি জানিয়েছেন।

# প্রধানমন্ত্রী মোদীর জাপান সফর সফল, রওনা দিলেন পাপুয়া নিউ গিনির উদ্দেশ্যে



নয়াদিল্লি, ২১ মে (হি.স.) : জাপানে সফল সফরের পর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী তাঁর তিন দেশের সফরের দ্বিতীয় পর্যায়ে পাপুয়া নিউ গিনির উদ্দেশ্যে রওনা হয়েছেন। এটি কোনো ভারতীয় প্রধানমন্ত্রীর পাপুয়া নিউগিনিতে প্রথম সফর। বিদেশ মন্ত্রকের মুখপাত্র অরিন্দম বাগচি এই খবর জানিয়েছেন। বাগচি বলেন, হিরোশিমায় প্রধান অংশীদারদের সাথে দুদিনের তীব্র দ্বিপাক্ষিক এবং বহুপাক্ষিক ব্যস্ততার পর প্রধানমন্ত্রী মোদী জাপান সফর শেষ করেছেন। প্রধানমন্ত্রী এখন তার সফরের পরের পর্যায়ে পোর্ট মোরেসবিতে পৌঁছাবেন। সেখানে তাকে অভ্যর্থনা জানাবেন পাপুয়া নিউগিনির প্রধানমন্ত্রী।

সাধারণত, সূর্যাস্তের পরে আসা কোনও নেতাকে দেশ আনুষ্ঠানিকভাবে স্বাগত জানায় না, তবে প্রধানমন্ত্রী মোদীর জন্য একটি বিশেষ ব্যতিক্রম হিসাবে, তাঁকে একটি পূর্ণ আনুষ্ঠানিক সংবর্ধনা দেওয়া হবে। পাপুয়া নিউ গিনির প্রধানমন্ত্রী জেমস মারাপের সঙ্গে পোর্ট মোরসবিতে ২২ মে ভারত-প্রশান্ত মহাসাগরীয় দ্বীপপুঞ্জ সহযোগিতা ফোরামের তৃতীয় শীর্ষ সম্মেলনের যৌথ আয়োজন করবেন প্রধানমন্ত্রী মোদী। পাপুয়া নিউগিনিতে দ্বিপাক্ষিক কর্মসূচিতে থাকবেন প্রধানমন্ত্রী মোদী।

প্রসঙ্গত, ২০১৪ সালে চালু হওয়া এই ফোরামে ভারত এবং ১৪টি প্রশান্ত মহাসাগরীয় দ্বীপ দেশ অন্তর্ভুক্ত রয়েছে। অর্থাৎ, এতে ফিজি, পাপুয়া নিউ গিনি, টোঙ্গা, টুভালু, কিরিবাতি, সামোয়া, ভানুয়াতু, নিউ, মাইক্রোনেশিয়ার ফেডারেটেড স্টেটস, মার্শাল দ্বীপপুঞ্জ, কুক দ্বীপপুঞ্জ, পালাউ, নাউরু এবং সলোমন দ্বীপপুঞ্জ অন্তর্ভুক্ত রয়েছে।

# কলকাতা-সহ দক্ষিণবঙ্গের বিস্তীর্ণ এলাকায় ঝড়বৃষ্টির সম্ভাবনা, জারি কমলা সতর্কতা



শিলিগুড়ি, ২১মে (হি. স.) : কলকাতায় আবার বজ্রপাত এবং ঝড়বৃষ্টির পূর্বাভাস। চলতি সপ্তাহে বুধবারই কলকাতা-সহ দক্ষিণবঙ্গের বিস্তীর্ণ এলাকায় ঝড়বৃষ্টির সম্ভাবনা রয়েছে বলে জানিয়েছে হাওয়া অফিস। ওই দিনের জন্য একাধিক জেলায় জারি করা হয়েছে কমলা সতর্কতা।

আলিপুর আবহাওয়া দফতরের তরফে জানানো হয়েছে, আগামী বুধবার কলকাতা-সহ দক্ষিণবঙ্গে বজ্রপাত এবং ঝড়বৃষ্টি হতে পারে। ঘণ্টায় ৫০ থেকে ৬০ কিলোমিটার বেগে বইতে পারে ঝোড়ো হাওয়া। ওই দিন ঝড়বৃষ্টির সম্ভাবনা রয়েছে উত্তর ২৪ পরগনা, দক্ষিণ ২৪ পরগনা, পূর্ব মেদিনীপুর, পশ্চিম মেদিনীপুর, হাওড়া, হুগলি, পুরুলিয়া, ঝাড়গ্রাম, বাঁকুড়া, পূর্ব বর্ধমান, পশ্চিম বর্ধমান, বীরভূম, মুর্শিদাবাদ এবং নদিয়ায়।

তবে বুধবার ঝড়বৃষ্টি হলেও তার আগে বেশ কয়েকটি জেলায় তাপপ্রবাহের সতর্কতাও জারি করেছে হাওয়া অফিস। দক্ষিণের পাঁচটি জেলায় সোমবার এবং মঙ্গলবার তাপপ্রবাহের পরিস্থিতি তৈরি হতে পারে। তালিকায় আছে পুরুলিয়া, ঝাড়গ্রাম, বাঁকুড়া, পশ্চিম বর্ধমান এবং পশ্চিম মেদিনীপুর। রবিবার দক্ষিণের সব ক'টি জেলাতেই বিক্ষিপ্ত ভাবে বজ্রবিদ্যুৎ-সহ বৃষ্টি হতে পারে। বিকেলের দিকে কলকাতা-সহ বেশ কিছু জেলায় বইতে পারে ঝোড়ো হাওয়া। তবে গরমের অস্বস্তিও একই সঙ্গে বজায় থাকবে দক্ষিণবঙ্গ জুড়ে।

হাওয়া অফিস জানিয়েছে, রবিবার কলকাতার সর্বনিম্ন তাপমাত্রা ২৯ ডিগ্রি সেলসিয়াস। যা স্বাভাবিকের চেয়ে ২ ডিগ্রি বেশি। শনিবার সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৫.৪ ডিগ্রি সেলসিয়াস। এই তাপমাত্রা স্বাভাবিক। রবিবার কলকাতার সর্বোচ্চ তাপমাত্রা পৌঁছে যেতে পারে ৩৭ ডিগ্রি সেলসিয়াসে।

## সামশেরগঞ্জ থেকে উদ্ধার ব্যাগ ভর্তি তাজা বোমা

মুর্শিদাবাদের, ২১ মে (হি. স.) ফের ব্যাগ ভর্তি তাজা বোমা উদ্ধার মুর্শিদাবাদের সামশেরগঞ্জে। শনিবার গভীর রাতে সামসেরগঞ্জ থানার আলমশাহী গ্রামের একটি আম বাগান থেকে বোমা গুলি উদ্ধার করে পুলিশ। ব্যাগের মধ্যে ১৪টি বোমা ছিল বলে পুলিশ সূত্রে খবর মিলেছে। বোমা উদ্ধারের ঘটনায় ইতিমধ্যেই খবর দেওয়া হয়েছে বোম স্কোয়াড টিমকে।


রবিবার সকাল থেকেই বোমা উদ্ধারের জায়গাটি ঘিরে রেখেছে সামসেরগঞ্জ থানার পুলিশ। কে বা কারা সেখানে বোমাগুলো মজুত করে রেখেছিল তার তদন্ত করে দেখা হচ্ছে। এদিকে, পঞ্চায়েত ভোটের আগে সামসেরগঞ্জে আম বাগান থেকে বোমা উদ্ধারের ঘটনায় রীতিমতো শোরগোল সৃষ্টি হয়েছে।

## মাকে ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে খুন করল ছেলে

মথুরাপুর, ২১ মে (হি.স.) : মাকে ধারালো অস্ত্র দিয়ে খুন করার অভিযোগ উঠল নিজের ছেলের বিরুদ্ধে। ঘটনায় চাঞ্চল্য ছড়িয়ে পড়ে দক্ষিণ ২৪ পরগনার মথুরাপুর থানার কাটানদিঘি এলাকায়। নিহত মহিলার নাম জাহানারা বিবি। অভিযুক্ত ছেলে রফিকুল গাজীকে আটক করেছে পুলিশ। শুরু হয়েছে তদন্ত।

স্থানীয় ও পুলিশ সূত্রে জানা যায়, মানসিক ভারসাম্যহীন রফিকুল গাজী, তার চিকিৎসা চলছিল। শনিবার সন্ধ্যায় নিজের বাড়িতে মা এর সাথে বচসা শুরু হলে ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে নিজের মাকে খুন করে সে। রক্তাক্ত অবস্থায় ঘটনাস্থলেই লুটিয়ে পড়েন জাহানারা বিবি। পরে ঘটনার খবর দেওয়া হয় মথুরাপুর থানার পুলিশকে। ঘটনাস্থলে পৌঁছে পুলিশ জাহানারা বিবিকে উদ্ধার করে মথুরাপুর গ্রামীণ হাসপাতালে নিয়ে গেলে সেখানেই চিকিৎসকরা তাকে মৃত বলে জানায়। অন্যদিকে ঘটনায় অভিযুক্ত ছেলে রফিকুল গাজীকে আটক করেছে পুলিশ। অন্যদিকে দেহ ময়না তদন্তের জন্য ডায়মন্ড হাবরা পুলিশ মর্গে পাঠিয়ে ঘটনার তদন্ত শুরু করেছে মথুরাপুর থানার পুলিশ।

# ব্রিটেনের প্রধানমন্ত্রী সুনক ও ব্রাজিলের রাষ্ট্রপতির সঙ্গে সাক্ষাৎ করলেন প্রধানমন্ত্রী মোদী



নয়াদিল্লি, ২১ মে (হি.স.) : আজ রবিবার জি-৭ শীর্ষ সম্মেলনের ফাঁকে হিরোশিমায় ব্রিটেনের প্রধানমন্ত্রী ঋষি সুনাকের সঙ্গে দেখা করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। দুই নেতা ভারত-ব্রিটেনের এফটিএ আলোচনার অগ্রগতি পর্যালোচনা সহ তাদের ব্যাপক কৌশলগত অংশীদারিত্বের পর্যালোচনা করেছেন।

বিদেশ মন্ত্রকের মতে, নেতৃবৃন্দ বাণিজ্য ও বিনিয়োগ, বিজ্ঞান ও প্রযুক্তি, উচ্চ শিক্ষা এবং জনগণের মধ্যে সম্পর্কের মতো বিস্তৃত ক্ষেত্রে সহযোগিতাকে আরও গভীর করতে সম্মত হয়েছেন। ভারতের চলমান জি-২০ প্রেসিডেন্সি নিয়েও আলোচনা হয়েছে। প্রধানমন্ত্রী বলেন, তিনি জি-২০ সম্মেলনের জন্য প্রধানমন্ত্রী সুনাককে নয়াদিল্লিতে স্বাগত জানাতে উন্মুখ।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীও আজ জি-৭ শীর্ষ সম্মেলনের ফাঁকে হিরোশিমায় ব্রাজিলের রাষ্ট্রপতি লুইজ ইনাসিও লুলা দা সিলভার সাথে দেখা করেছেন। এটি ছিল দুই নেতার মধ্যে প্রথম বৈঠক। তাঁরা তাদের কৌশলগত অংশীদারিত্ব পর্যালোচনা করেছেন। বিশেষ করে প্রতিরক্ষা উৎপাদন, বাণিজ্য, ওষুধ, কৃষি, দুগ্ধ ও পশুপালন এবং জৈব-জ্বালানি ও পরিচ্ছন্ন শক্তির খাত অন্তর্ভুক্ত ছিল।

প্রধানমন্ত্রী বলেন, তিনি এই বছরের সেপ্টেম্বরে জি-২০ সম্মেলনের জন্য রাষ্ট্রপতি লুলাকে ভারতে স্বাগত জানাতে উন্মুখ।

# উত্তরাখণ্ড: ২৩ মে থেকে পাহাড়ি এলাকায় আবহাওয়া বদলের পূর্বাভাস



দেহরাদুন, ২১ মে (হি.স.) : দু'দিন পর রাজ্যের পাহাড়ি এলাকায় ফের আবহাওয়ার পরিবর্তনের সম্ভাবনা রয়েছে। এ জন্য আবহাওয়া দফতরও সতর্কতা জারি করেছে। দফতর ২৩ থেকে ২৫ মে পর্যন্ত হলুদ এবং কমলা সতর্কতা জারি করেছে। এ সময় পার্বত্য এলাকায় হাল্কা থেকে হালকা বৃষ্টি, শিলাবৃষ্টি ও বজ্রবিদ্যুৎসহ দমকা হাওয়াসহ বৃষ্টির সম্ভাবনা রয়েছে। তবে অন্যান্য স্থানে আবহাওয়া শুষ্ক থাকবে। রবিবার সকাল থেকে দেরাদুনে হালকা মেঘের মধ্যে রাজ্যের বেশিরভাগ অঞ্চলে উজ্জ্বল রোদ ছিল। আজ আবহাওয়া স্বাভাবিক থাকবে বলে আশা করা হচ্ছে। আবহাওয়া দফতরের তরফে জানানো হয়েছে, ২৩ মে থেকে ফের রাজ্যে আবহাওয়ার পরিবর্তন হতে পারে। ২২ মে উত্তরকাশী, রুদ্রপ্রয়াগ, চামোলি জেলা এবং রাজ্যের কুমায়ুন বিভাগের পাহাড়ী এলাকায় বিচ্ছিন্ন জায়গায় খুব হালকা বৃষ্টি এবং বজ্রবৃষ্টির সম্ভাবনা রয়েছে। ২৩ মে রাজ্যের কিছু জায়গায় হালকা থেকে মাঝারি বৃষ্টি, বজ্রপাত এবং বজ্রপাতের বিষয়ে একটি হলুদ সতর্কতা সতর্কতা জারি করা হয়েছে। ২৪ এবং ২৫ মে, রাজ্যের বেশিরভাগ জেলাগুলিতে হালকা থেকে মাঝারি বৃষ্টি এবং বজ্রবৃষ্টির সম্ভাবনা রয়েছে।

আবহাওয়া কেন্দ্রের ডিরেক্টর বিক্রম সিংহের মতে, উত্তরকাশী, রুদ্রপ্রয়াগ, চামোলি, বাগেশ্বর, পিথোরাগড় এবং আলমোড়ার পার্বত্য জেলাগুলিতে ২৩ মে পর্যন্ত হালকা বৃষ্টি হতে পারে। রাজ্যের অন্যান্য অংশে আবহাওয়া পরিষ্কার থাকবে বলে পূর্বাভাস দেওয়া হয়েছে। রাজ্যের পার্বত্য অঞ্চলে ২৪ এবং ২৫ মে শিলাবৃষ্টি এবং দমকা হাওয়া সহ বজ্রঝড়ের সম্ভাবনা রয়েছে। আগামী দিনে সমতল ভূমিতে তাপমাত্রা ৩৬ ডিগ্রি পর্যন্ত পৌঁছতে পারে। ২৩ মে-তে ৩০ থেকে ৪০ কিমি ঘন্টা এবং ২৪ এবং ২৫ মে রাজ্যের পার্বত্য জেলাগুলিতে বৃষ্টি, শিলাবৃষ্টি এবং সমতল ভূমিতে ঘন্টায় ৫০ থেকে ৭০ কিমি বেগে ঝোড়ো হাওয়া বয়ে যাওয়ার সম্ভাবনা রয়েছে।

# কাপলিং খুলে বিপত্তি, বড়সড় দুর্ঘটনা থেকে রক্ষা হাওড়া-পুরী সুপারফাস্ট এক্সপ্রেসের



হাওড়া, ২১ মে (হি. স.) অল্পের জন্য বড়সড় দুর্ঘটনা থেকে রক্ষা পেল হাওড়া-পুরী সুপারফাস্ট এক্সপ্রেস। চলন্ত ট্রেন থেকে কাপলিং খুলে বিপত্তি। পশ্চিম মেদিনীপুরের নেকুরসেনি স্টেশনের ঘটনায় প্রায় ঘণ্টাপাঁচেক দাঁড়িয়ে থাকে ট্রেন। তার ফলে সমস্যায় পড়েন যাত্রীরা।

শনিবার নির্দিষ্ট সময়মতো হাওড়া স্টেশন থেকে হাওড়া-পুরী সুপারফাস্ট এক্সপ্রেস ছাড়ে। রাত ১.০৫ নাগাদ পশ্চিম মেদিনীপুরের নেকুরসেনি স্টেশনের কাছে পৌঁছয়। সেই সময় ট্রেনের ভিতরে থাকা বেশিরভাগ যাত্রীই ঘুমোচ্ছিলেন।

সেই সময় চলন্ত ট্রেন থেকে কাপলিং খুলে আলাদা হয়ে যায় ইঞ্জিন ও দুটো বগি। বেশ কিছুদূর এগিয়ে যায় ইঞ্জিন-সহ বগি দুটি। পিছনে পড়েছিল বাকি ট্রেন। ঝাঁকুনি দিয়ে থেমে যায় ট্রেনটি। তা নজরে আসে ট্রেনের নিরাপত্তারক্ষীর। সঙ্গে সঙ্গে খবর দেওয়া হয় দক্ষিণ-পূর্ব রেলের খড়গপুর ডিভিশনের আধিকারিকদের। তৎক্ষণাৎ ঘটনাস্থলের উদ্দেশে রওনা দেন রেল আধিকারিররা। তবে কাপলিং খুলে যাওয়া ওই দুটি বগিকে মেরামত করা সম্ভব হয়নি। তাই খড়গপুর থেকে নতুন বগি আনা হয়। রেল সূত্রে খবর, প্রায় তিনঘণ্টা পর ট্রেনটি ফের পুরীর উদ্দেশে রওনা হয়। তবে যাত্রীদের দাবি, প্রায় ঘণ্টাপাঁচেক সময় লেগে যায়। স্বাভাবিকভাবে সমস্যায় পড়েন যাত্রীরা।



খয়েরপুর গীতবিতান হলে বিধায়ক রতন চক্রবর্তীর হাত ধরে উদ্বোধন হল ইউপিএসসি এবং এসএসসি পরীক্ষা বিষয়ক সেমিনার। ছবি নিজস্ব।

# ভারত বিশ্বের সবচেয়ে প্রাচীন সভ্যতা ও জ্ঞানের দেশ, বলেছেন রাজ্যপাল গুলাবচাঁদ

গুয়াহাটি, ২১ মে (হি.স.) : ভারত হলো বিশ্বের সবচেয়ে প্রাচীন সভ্যতা, সমৃদ্ধ সম্পদসম্পন্ন এবং জ্ঞানের দেশ। দর্শন, গণিত, বিজ্ঞান ও প্রযুক্তির বিকাশের জন্য কৃতিত্ব দেওয়া হয় ভারতকে। উচ্চ-সমৃদ্ধ গুণাবলির জন্য বিশ্বজুড়ে পণ্ডিতদের আকৃষ্ট করেছিল ভারত। বলেছেন অসমের রাজ্যপাল গুলাবচাঁদ কাটারিয়া।ভারতের গৌরবময় অতীত নিয়ে রাম মাধবের লেখা ‘পার্টিশনডফ্রিডম’ শীর্ষক একটি বই উন্মোচন করে প্রদত্ত ভাষণে বলেছেন অসমের রাজ্যপাল গুলাবচাঁদ কাটারিয়া। আজ গুয়াহাটি মহানগরের ভিভিন্টা তাজ-এ ‘ব্যতিক্রম মাসডো’ আয়োজিত অনুষ্ঠানে বইয়ের লেখক রাম মাধব, শিক্ষাবিদ ড় সঙ্গীতা ত্রিপাঠি, গুয়াহাটিতে বাংলাদেশের ডেপুটি হাইকমিশনার রুহুল আমিন সহ অন্যান্য বিশিষ্ট ব্যক্তিবর্গের উপস্থিতিতে ‘পার্টিশনডফ্রিডম’-এর উন্মোচন করেছেন রাজ্যপাল।দেশের গৌরবময় অতীতের প্রসঙ্গে রাজ্যপাল কাটারিয়া আরও বলেন, সভ্যতার অগ্রযাত্রায় ভারতের অবদান বহু হাজার বছরের। ব্রিটিশের আবির্ভাবের আগে ভারতীয় পণ্যসামগ্রী তাদের গুণমান এবং কারুকার্যের জন্য আন্তর্জাতিকভাবে স্বীকৃত ছিল। ইউরোপ বা এশিয়ার যে কোনও দেশের তুলনায় শিল্প ও উৎপাদনে ভারতের অনেক বড় উপস্থিতি ছিল। ঐতিহাসিক নথিপত্র ইউরোপীয়দের আবির্ভাবের আগে ভারতে অর্জিত অগ্রগতি ও সমৃদ্ধির স্তরকে প্রতিষ্ঠিত করে, বলেন রাজ্যপাল।রাজ্যপাল আরও বলেন, দেশের স্বাধীনতা সংগ্রাম জাতীয় চেতনাকে আলোড়িত করেছিল। বহু মানুষের প্রাণাহুতির মাধ্যমে ভারতকে দুটি দেশে বিভক্ত করে অর্জিত হয়েছে স্বাধীনতা। ফলস্বরূপ, ভারত স্বাধীনতা লাভ করলেও সে সময় কোনও আনন্দ-উল্লাসের পরিবেশ ছিল না। তিনি বলেন, দেশের জনগণ দেশভাগের ফলে উদ্ভূত সমস্যা প্রশমিত করতে এবং প্রাচীন গৌরব ও অতীত ঐতিহ্যকে কাজে লাগিয়ে দেশকে এগিয়ে নিতে কঠোর পরিশ্রম করছেন।বলেন, গণতন্ত্র এ দেশকে যে সুযোগ দিয়েছে তা কাজে লাগাতে সরকার রোডম্যাপ অনুযায়ী নিরলসভাবে কাজ করে যাচ্ছে। রাজ্যপাল বলেন, স্বাধীনতার আগে দেশে যে হারানো প্রাণশক্তি ছিল তা পুনরুদ্ধার করতে সরকার মিশন মুডে কাজ করছে। দেশকে সর্বক্ষেত্রে মহান করতে সরকার ও জনগণ প্রতিদিন, প্রতিটি পদক্ষেপ, প্রতিটি যাত্রা এবং প্রতিটি প্রক্রিয়া উৎসর্গ করছেন।ভারতের গৌরবময় অতীত ইতিহাস সংবলিত এ ধরনের সমৃদ্ধ একটি বই লেখার জন্য রাম মাধবকে অভিনন্দন জানিয়েছেন রাজ্যপাল। এই বইটি অ্যাকাডেমিক এবং বুদ্ধিজীবী সমাজের কাছে অনেক মূল্যবান হবে বলে আশা ব্যক্ত করেছেন গুলাবচাঁদ কাটারিয়া।


## সতেজ ও তারুণ্যময় ত্বকের জন্য অ্যামওয়ের অনবদ্য বৈজ্ঞানিক পণ্য

**আগরতলা, ২১ মে:** বিজ্ঞানীরা ব্যাপক গবেষণার পরে স্বাস্থ্যোজ্জ্বল ত্বকের জন্য মূলত পাঁচটি বিষয়কে গুরুত্ব দেওয়ার কথা জানাচ্ছেন পরিশোধন, ভারসাম্য, পুনর্নির্মাণ, সুরক্ষা এবং আর্দ্রতা। কিন্তু ত্বকের এই পাঁচটি বিষয়কে সঠিকভাবে ব্যবস্থাপন ও নিয়ন্ত্রণ করা সবার পক্ষে সবসময় সম্ভব হয়ে উঠে নাঊ আর ঠিক সেজন্যই সহযোগিতায় এগিয়ে এসেছে অ্যামওয়েঊ যার বিশাল সম্ভারের মধ্যে ‘আর্টিস্ট্রি স্কিন নিউট্রিশন’-এর ব্যালেন্সিং ও হাইড্রেটিং রেঞ্জটি ঠিক সেজন্যই প্রস্তুত করা হয়েছে। যা ত্বকে সমতা এনে তাকে আর্দ্র করবে এবং ত্বক হয়ে উঠবে সতেজ আর তারুণ্যময়। সম্পূর্ণ রূপে উদ্ভিজ্জ গুণাবলীতে সমৃদ্ধ এই পণ্যে কোনো ধরনের প্রাণীজ উপাদান থাকে না। ত্বক-বিজ্ঞানের সর্বাধুনিক গবেষণালব্ধ এই পণ্য ত্বকের স্বাভাবিক প্রতিরোধ ব্যবস্থাকে ৩৫০ শতাংশ উন্নত করতে সক্ষম, যার ফলে বয়সের লক্ষণগুলো অনেক দেরিতে দেখা দেয়।

আশ্চর্য এই উপকরণটি নিয়ে অ্যামওয়ে ইন্ডিয়ার সিএমও অজয় খান্না বলেছেন, “ভারতে জনসংখ্যার ৬৫ শতাংশই যুব অংশের, যাদের ৮৭ শতাংশই ত্বকের স্বাস্থ্য নিয়ে দারুণ ভাবে সচেতন। তাই স্কিনকেয়ার পণ্যগুলো ব্যাপক জনপ্রিয়তা লাভ করছে। কিন্তু তারা সঠিক পণ্য বেছে নিতে গিয়ে প্রায়শই সমস্যার মুখোমুখি হয়ে থাকেন। তাদের জন্য অ্যামওয়ে একটা ফাইনাল ডেস্টিনেশ। তৈলাক্ত বা শুষ্ক সব রকম ত্বকের কথা ভেবেই তৈরি হয়েছে অ্যামওয়ের এই উপাদান। তাছাড়া দেখা গেছে পুরুষরা আগে ততটা এনিয়ে না ভাবলেও এখন অনেকটাই চিন্তা করেন। অ্যামওয়ে তাদের উদ্বেগ দূর করবে।” বিস্তারিত জানতে দেখুন অ্যামওয়ের ওয়েবসাইট: www.amway.in


## বিশালগড় প্রেস ক্লাবের দ্বিবার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত

নিজস্ব প্রতিনিধি, চড়িলাম, ২১ মে।। রবিবার বিশালগড় প্রেস ক্লাবের দ্বিবার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়। বিশালগড় প্রেস ক্লাবে সকাল দশটায় শুরু হয় সভা। সভায় প্রেস ক্লাবের সকল সদস্য উপস্থিত ছিলেন। সাধারণ সভায় সভাপতিত্ব করেন প্রেস ক্লাবের সভাপতি ভবতোষ ঘোষ। প্রয়াত বিশালগড় প্রেস ক্লাবের প্রতিষ্ঠাতা সদস্য রঞ্জিত কুমার দেবনাথ এবং সুব্রত সাহার প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করেন উপস্থিত সাংবাদিকরা। সভার শুরুতে বর্তমান সম্পাদক তাজুল ইসলাম সম্পাদকীয় প্রতিবেদন পেশ করেন। সহ সম্পাদক খোকন ঘোষ আয় ব্যায় এর হিসাব পেশ করেন। সম্পাদকীয় প্রতিবেদনের ওপর আলোচনা করেন সদস্যরা। সভাপতি ভবতোষ ঘোষ আলোচনা শেষে বর্তমান কমিটি ভেঙে দেন। মধ্যাহ্নভোজনের পর সিনিয়র সাংবাদিক সাধন দেবনাথ, কৃষ্ণ পাল, জীবন কুমার ঘোষ সভাপতি মন্ডলীর আসন অলঙ্কৃত করে পরবর্তী সভা পরিচালনা করেন। গঠন করা হয় আগামী দুই বছরের জন্য নতুন পরিচালন কমিটি। সভাপতি এবং সম্পাদক নির্বাচিত হয়েছে যথাক্রমে ভবতোষ ঘোষ, তাজুল ইসলাম।

## এসবিএল এর উদ্যোগে শান্তিরবাজারে চিকিৎসকদের নিয়ে কর্মশালা অনুষ্ঠিত

নিজস্ব প্রতিনিধি, শান্তিরবাজার, ২১ মে।। হোমিওপ্যাথি চিকিৎসায় বিশেষ সুনাম অর্জন করেছে এস বি এল। এস বি এলের উদ্দ্যোগে রবিবার শান্তির বাজারে জেলা হাসপাতালে কর্তব্যরত চিকিৎসক সহ অন্যান্য চিকিৎসকদের নিয়ে এক বিশেষ কর্মশালা অনুষ্ঠীত করাহয়। আজকের এই কর্মশালার মাধ্যমে এস বি এল বিভিন্ন ঔষধ সম্পর্কে কিছু তথ্য তুলেধরাহয়। আজকের এই কর্মশালায় চিকিৎসক ও সাধারন লোকজনের কাছ থেকে ব্যাপকহারে সারাপাওয়া যায়।

## ধর্মনগর বয়েজ ক্লাবের উদ্যোগে মেগা স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২১ মে।। ধর্মনগর বয়েজ ক্লাবের উদ্যোগে রবিবার এক মেগা স্বাস্থ্য শিবির এবং রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। ধর্মনগরের বয়েজ ক্লাব বরাবরই নানা সামাজিক কর্মসূচির সঙ্গে জড়িয়ে রয়েছে। পূজা পার্বণ কৃষ্টি সংস্কৃতি সহ সমাজের মানুষের কল্যাণে তারা কাজ করে চলেছে। সামাজিক কর্মসূচির অঙ্গ হিসেবেই রবিবার ধর্মনগর বয়েজ ক্লাবের উদ্যোগে এক মহতি রক্তদান শিবির ও স্বাস্থ্য শিবিরের আয়োজন করা হয়। এই শিবিরে উপস্থিত ছিলেন ধর্মনগর মহকুমা শাসক ,উত্তর জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিক, মেডিকেল সুপারিনটেন্ট , ধর্মনগর বয়েজ ক্লাবের সভাপতি, সম্পাদক সহ এলাকার বিশিষ্ট ব্যক্তিবর্গ। এদিন মেগা স্বাস্থ্য শিবিরে হুইলচেয়ার, ট্রাই সাইকেল, ইয়ার রিং ইত্যাদিও প্রদান করা হয়। তাছাড়া গাইনো, এমডি ,মেডিসিন ,,চক্ষু বিশেষজ্ঞ চিকিৎসকরা শিবিরে আসা সমস্ত জনগণকে পরীক্ষা করেন এবং বিনামূল্যে ওষুধ প্রদান করা হয়। বয়েস ক্লাবের এ ধরনের উদ্যোগের প্রশংসা করেছেন বিভিন্ন মহল।

## বিশালগড়ে

● প্রথম পাতার পর


এই ঘটনায় অপি মিঞা নামে আরও এক ব্যক্তি আহত হয়েছেন। এদিকে ঘটনার খবর পেয়ে ছুটে যায় বিশালগড় থানার পুলিশ। ঘটনাস্থলে রক্ত মাখা জুতা পাওয়া যায়। পুলিশ ঘটনার সঙ্গে যুক্ত থাকার অভিযোগে ফারুক মিয়া নামে এক যুবককে রাতেই আটক করেছে। মামলা নিয়ে তদন্তে নেমেছে পুলিশ। এই হামলার ঘটনার পেছনে কি কারণ তা জানা যায়নি। তবে এলাকাবাসী সূত্রে জানা গেছে রাতের বেলা সেখানে এক বাড়িতে ঢিল ছোড়া হয়েছে।


**বিজ্ঞাপন সম্পর্কিত সতর্কীকরণ**

জাগরণ পত্রিকায় নানা ধরনের বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে। এ সম্পর্কে পাঠকদেরকে অনুরোধ তারা যেন খোঁজখবর নিয়েই বিজ্ঞাপনদাতাদের সঙ্গে যোগাযোগ করেন। বিজ্ঞাপনদাতাদের কোন দাবি, বক্তব্য সম্পর্কে জাগরণ এর কোন দায়িত্ব নেই।

**বিজ্ঞাপন বিভাগ**
**জাগরণ**


## জরুরী পরিষেবা



**হাসপাতাল : জিবি :** ২৩৫-৫৮৮৮ **আইজিএম :** ২৩২-৫৬০৬, **টি এম সি :** ২৩৭ ০৫০৪ **চক্ষুব্যাঙ্ক :** ৯৪৩৬৪৬২৮০০। **অ্যাম্বুলেন্স : একতা সংস্থা :** ৯৭৭৪৯৯৮৯৯৬ **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **শিবনগর মডার্ণ ক্লাব : ও আমরা তরুণ দল :** ২৫১-৯৯০০, **সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় :** ৭৬৪২৮৪৪৬৫৬ রিলিভার্স : ৯৮৬২৭৬৭৪২৮ **কর্ণেল চৌমুহনী যুব সংস্থা :** ৯৮৬২৫৭০১১৬/ **সংহতি ক্লাব :** ৮৭৯৪১ ৬ ৮২৮১, **অনীক ক্লাব :** ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৬৪৬০১, **রামকৃষ্ণ ক্লাব :** ৮৭৯৪১৬৮৮১ **শতদল সংঘ :** ৯৮৬২৯৩৯৭৮০, **প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া) :** ৯৭৭৪১১৬৬২৪, **রেডক্রস সোসাইটি :** ২৩১-৯৬৭৮, **টিআরটিসি :** ২৩২৫৬৮৫, **এগিয়ে চলো সংঘ :** ৯৪৩৬১২১৪৮৮, **লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় :** ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, **মানব ফাউন্ডেশন:** ২৩২৬১০০। **চাইল্ড লাইন :** ১০৯৮ **(টোলফ্রি : ২৪ ঘন্টা)। ব্লাড ব্যাঙ্ক : জিবি :** ২৩৫-৬২৮৮ **(পি বি এক্স), আইজিএম:** ২৩২-৫৭৩৬, **আই এল এস :** ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ **কসমোপলিটন ক্লাব :** ৯৮৫৬০ ৩৩৭৭৬, **শববাহী যান : নব অঙ্গীকার** ৮৭৯৪৫১৪৩১১, **সেন্ট্রাল রোড যুব সংস্থা :** ৭৬৪২৮৪৪৬৫৬ **বটতলা নাগেরজলা স্ট্যান্ড ডেভেলাপমেন্ট সোসাইটি :** ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩৩৫, ৯৮৬২৭০২৮২৩, **সমাজ কল্যাণ ক্লাব :** ৯৭৭৪৬৭০২৪২, **সংযোগ সংঘ :** ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৫৬৮৬৭১২০, **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট :** ২৩৮-৫৮৫২, **ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন :** ২৩৮-৬৪২৬, **রিলিভার্স :** ৮৮৩৭০৫৯৫৯৮, **কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন :** ৮৯৭৪৫৮১৮১০, **ত্রিপুরা ন্যায্যমূল্যের দোকান পরিচালক সমিতি :** ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, **সূর্য তোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী) :** ৮৭২৯৯১১২৩৬, **আগন্তুক ক্লাব :** ৭০০৫৪৬০০৩৫/ ৯৪৩৬৫৯১৮৯১, **ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন :** ৮২৫৬৯৯৭ **ফায়ার সার্ভিস : প্রধান স্টেশন :** ১০১/২৩২-৫৬৩০, **বাধারঘাট :** ১০১/২৩৭-৪৩৩৩, **কুঞ্জবন :** ২৩৫-৩১০১, **মহারাজগঞ্জ বাজার :** ২৩৮ ৩১০১ **পুলিশ : পশ্চিম থানা :** ২৩২-৫৭৬৫, **পূর্ব থানা :** ২৩২-৫৭৭৪, **আমতলী থানা :** ২৩৭-০৩৫৮, **এয়ারপোর্ট থানা :** ২৩৪-২২৫৮, **সিটি কন্ট্রোল :** ২৩২-৫৭৮৪, **বিদ্যুৎ : বনমালীপুর :** ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। **দুর্গা চৌমুহনী :** ২৩২-০৭৩০, **জিবি :** ২৩৫-৬৪৪৮। **বড়দোয়ালী :** ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ **আইজিএম :** ২৩২-৬৪০৫। **বিমানবন্দর এয়ার ইন্ডিয়া :** ২৩৪১৯০২, ২৩৪-২০২০, **এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর :** ১৮৬০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, **ইন্ডিগো :** ২৩৪-১২৬৩, **স্পাইস জেট :** ২৩৪-১৭৭৮, **রেল সার্ভিস : রিজার্ভেশন :** ২৩২-৫৫৩৩ **আন্তর্জাতিক বাস সার্ভিস : টি আর টি সি বিল্ডিং :** ২৩২-৫৬৮৫। **আগরতলা রেলস্টেশন :** ০৩৮১-২৩৭৪৫১৫।

## প্রদ্যোতের

● প্রথম পাতার পর

নিয়ে বেশি সরব মাথার নেতৃত্ব। আজ বিরোধী দলনেতা অনিমেষ দেববর্মা খোয়াইয়ের আশারামবাড়ী এডিসি এলাকায় কাজকর্ম পরিদর্শন করে এসে সাংবাদিকদের বলছিলেন বিরোধীদল সৈনিকের মত কাজ করবে। রাজ্যের হীরাকে চকচক বানিয়ে দেবে।

রাজ্য সরকারের কাছে আহ্বান রাখলেন দেখিয়ে দিন কোথায় কি কাজ করতে হবে মথা তার জন্য প্রস্তুত। তা থেকে স্পষ্ট দলের সুপ্রিমো দিল্লিতে যেভাবে গ্রেটার তিপ্রালান্ডও সাংবিধানিক সমাধানের জন্য প্রতিনিয়ত আওয়াজ তুলে যাচ্ছেন তার সঙ্গে মিল রেখেই বিরোধী দলনেতা ও কথা বলছেন। তবে তাদের কথায় দলের নেতাকর্মীরা যে সন্তুষ্ট নয় তা বুঝা যাচ্ছে প্রতিনিয়ত দল ছাড়া হিড়িক দেখে। বিশেষজ্ঞরা বলছেন আগামী লোকসভা নির্বাচনের আগে দলের মধ্যে এই নিয়ে মতানৈক্য তৈরি হতে পারে। যদি না মাথা তার দাবি পূরণে সক্ষম হয়।

এদিকে গতকাল মথার সুপ্রিম প্রদ্যুৎ কিশোর দেব বর্মন এক টুইট বার্তায় সম্প্রতি প্রাক্তন মুখ্যমন্ত্রী মানিক সরকারের মথার প্রসঙ্গে যেসব মন্তব্য করেছেন তার পরিপ্রেক্ষিতে প্রদ্যুৎ উল্লেখ করেছেন যখন সিপিএম সর্বভারতীয় সাধারণ সম্পাদক সীতারাম ইয়েচুরি সঙ্গে দেখা করি তার মধ্যে যে কমিউনিস্টসুলভ মনোবৃত্তি রয়েছে এবং উদার মানসিকতার লোক তা তাতে মানুষ উৎসাহিত হয় অথচ মানিক সরকার তার উল্টোটা। মুখ্যমন্ত্রী থাকাকালীন মানিকবাবু মানুষের কতটা সমস্যা সমাধান করতে পেরেছেন। এ বিষয়ে আত্ম সমালোচনা না করে বরং তিনি রাজাদের উপর সমস্ত দায়ভার চাপিয়ে দেয়ার চেষ্টা করেছেন। এই প্রসঙ্গ ছেড়ে দিয়ে এবার নিজেদের দলের দাবিগুলির পাশাপাশি উত্তর পূর্বাঞ্চলের পূর্বাঞ্চলে সমস্যার কথা তুলে ধরে চব্বিশে লোকসভা নির্বাচনে আগে ত্রিপুরাতে মথার গুরুত্ব কতটুকু তা বারবার বুঝানোর চেষ্টা করেছেন। যাতে কেন্দ্রীয় সরকার এই বিষয়ে ভাবনা চিন্তা করে। এখন দেখার দেশের সরকার মাথার এই দাবি পূরণে কতটা পদক্ষেপ নেন।

## উদ্ধার

● আটের পাতার পর

ফাঁসিদেওয়ার গ্রামীণ হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা তাকে মৃত ঘোষণা করেন। অন্যদিকে, ঘটনার খবর পেয়ে ফাঁসিদেওয়া থানার পুলিশ ঘটনাস্থলে পৌঁছে মৃতদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য উত্তরবঙ্গ মেডিক্যাল কলেজ ও হাসপাতালে পাঠায়। ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।

## এমবি টিলায়

● প্রথম পাতার পর

টহলদারির যথেষ্ট অভাব রয়েছে বলে মনে করে। এলাকায় বহির্রাজ্য থেকে প্রতিদিন শত শত লরি গোডাউনের উদ্দেশ্যে আসে। সন্ধ্যার পর থেকে এলাকায় জমে উঠে নেশার আসর। থানার পুলিশ বাবুদের ম্যানেজ করে এভাবেই চলছে গোটা এলাকা। ফলে বাড়ছে অপরাধমূলক ঘটনা। যার জবাব নেই পুলিশ প্রশাসনের কাছে।

## মর্মান্তিক মৃত্যু

● প্রথম পাতার পর

থাকার ফলে চার শিশু নদীর জলে তলিয়ে যায়। তাৎক্ষণিক গোপালনম: এক শিশুকে উদ্ধার করতে পারলেও অন্যদের আর উদ্ধার করতে পারেননি। গোপাল নম:র চিৎকারে প্রতিবেশীরা ছুটে এসে নদী থেকে সপ্তদীপ ও বাবলি নামে দুই শিশুকে উদ্ধার করেন। প্রতিবেশীরা দুই শিশুকে খোয়াই জেলা হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাদের মৃত বলে ঘোষনা করেন।প্রতিবেশীরা অপর শিশু মৌটুসীকে উদ্ধার করতে না পেরে খোয়াই দমকল বাহিনী এবং বিপর্যয় মোকাবেলা বাহিনীর কর্মীদের খবর পাঠিয়েছিল।খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে আসেন খোয়াই থানার ওসি সহ মহকুমা শাসক বিজয় কুমার সিনহা এবং বিপর্যয় মোকাবিলা বাহিনীর আধিকারিকগণ। বিপর্যয় মোকাবিলা বাহিনীর টানা দেড় ঘন্টা প্রচেষ্টার পর খোয়াই নদী থেকে মৌটুসীকে মৃত অবস্থায় উদ্ধার করেন।

জনৈক পুলিশ আধিকারিক জানিয়েছেন,সকালে খবর আসে খোয়াই নদীতে স্নান করতে গিয়ে তিন শিশু জলে তলিয়ে গেছে।ওই খবরের ভিত্তিতে ঘটনাস্থলে ছুটে গিয়েছেন খোয়াই থানার ওসি সহ মহকুমা শাসক বিজয় কুমার সিনহা এবং বিপর্যয় মোকাবিলা বাহিনীর আধিকারিকগণ।মৃত তিন শিশু হলো মোহরছড়ার বাসিন্দা মহাপ্রভু দাসের কন্যা সন্তান মৌটুসী দাস(১২), বিশালগড়ের বাসিন্দা বাপি নম:র পুত্র সন্তান সপ্তদীপ নম:(৮), ও ওই পাড়ার বাসিন্দা রঞ্জিত রায়ের বাড়ি কন্যা বাবলি রায়(১১) এর মৃতদেহ উদ্ধার হয়েছে। মৌটুসি এবং সপ্তদীপ তারা তাদের মায়ের সাথে দাদু গোপাল নম: এর বাড়িতে বেড়াতে আসেছিল। দুপুরে ময়নাতদন্তের পর তিন শিশুর মৃতদেহ তুলে দেওয়া হয়েছে পরিবারের লোকদের হাতে বলে জানান তিনি।

এদিকে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা. মানিক সাহা তিন অবুঝ শিশুর মৃত্যুর ঘটনায় ভীষণভাবে মর্মাহত। সন্তানহারা পরিবার-পরিজনদের প্রতি তিনি গভীরভাবে সমবেদনা জ্ঞাপন করেছেন। ঈশ্বরের কাছে প্রার্থনা করেছেন মৃত শিশুদের পরিবারকে বিয়োগ ব্যথা সহ্য করার শক্তি প্রদানের জন্য। তিনি সকল অভিভাবকদের কাছে আবেদন জানিয়েছেন দুর্ঘটনা এড়াতে শিশুদের প্রতি আরো একটু বেশি যত্নবান হওয়ার জন্য।

## প্রেমিকা

● প্রথম পাতার পর

বাড়ির তালা ভেঙ্গে ঘরে প্রবেশ করে এবং মেয়েটি জানিয়েছে তার প্রেমিক সুজিত সাহা তাকে স্ত্রীর মর্যাদা দিতেই হবে। য

যতদিন পর্যন্ত সে স্ত্রীর মর্যাদা না পায় ততদিন পর্যন্ত সে তার প্রেমিক সুজিত সাহার বাড়িতেই বসবাস করবে। অসহায় এই মেয়েটির এই করুন অবস্থার দরুন এত কিছু হয়ে যাবার পরেও এখনো পর্যন্ত রাজ্য মহিলা কমিশন অসহায় মেয়েটির পাশে এসে দাঁড়ায়নি এবং কোন ধরনের সাহায্যের হাতও বাড়িয়ে দেয়নি। তবে যতদূর জানা গেছে স্থানীয় এলাকাবাসীরা অসহায় প্রেমিকার পাশে থেকে তাকে স্ত্রীর মর্যাদা পাইয়ে দিতে আপ্রাণ চেষ্টা করে যাচ্ছে।

## রাধারমণ ক্যানসার হাসপাতালের মউ চুক্তি সম্পর্কিত আলোচনাসভা

করিমগঞ্জ (অসম), ২১ মে (হি.স.) : কাছাড় ক্যানসার হাসপাতাল সমিতির সঙ্গে আজ রবিবার করিমগঞ্জ জেলার অন্তর্গত বারইগ্রামে শ্রীশ্রী গোপালজিউ, শ্রীশ্রী রাধাবিনোদ জিউ ও শ্রীশ্রী রাধারমণ গোস্বামী জিউর আশ্রম কমিটির এক যৌথ সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় বারইগ্রামে প্রস্তাবিত রাধারমণ ক্যানসার হাসপাতালের মউ চুক্তি সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়। আলোচনায় উভয় পক্ষ তাঁদের মতামত ব্যক্ত করেন। আলোচনা সভার পর উভয় কমিটির প্রতিনিধিরা প্রস্তাবিত হাসপাতালের ভূমি পরিদর্শন করেছেন।শিলচরে অবস্থিত কাছাড় ক্যানসার হাসপাতালের চেয়ারম্যান ডা. সুজিতকুমার নন্দি পুরকায়স্থ বলেন, প্রভুপাদ শ্রীশ্রী রাধারমণ গোস্বামী জিউ সনাতন ধর্মের প্রচার ও প্রসারের পাশাপাশি মানবকল্যাণে নানা ধরনের সেবামূলক কাজের যে সূচনা করে গিয়েছেন তা চালিয়ে যাচ্ছেন তাঁর শিষ্যরা। সেই সেবামূলক ধারা বজায় রাখতে গিয়ে আশ্রম পরিচালন সমিতি এবার কাছাড় ক্যানসার হাসপাতালকে এক খণ্ড ভূমি দান করবে বলে চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হয়েছে। ওই ভূমিতে গড়ে উঠবে শ্রীশ্রী রাধারমণ ক্যানসার হাসপাতাল অ্যান্ড রিসার্চ সেন্টার।কাছাড় ক্যানসার হাসপাতালের সম্পাদক নীলমাধব দাস বলেন, মউ চুক্তির পাশাপাশি কাছাড় ক্যানসার হাসপাতাল পরিচালন সমিতির পদাধিকারীরা এক সভায় মিলিত হয়ে বারইগ্রামের প্রস্তাবিত রাধারমণ ক্যানসার হাসপাতালের ভূমিতে কাজ শুরু করবে।বারইগ্রাম আশ্রম কমিটির সম্পাদক তরুণ চৌধুরী বলেন, কাছাড় ক্যানসার হাসপাতালের কর্মকর্তাদের সঙ্গে আজকের আলোচনাসভা সফল হয়েছে। দিন-কয়েকের মধ্যে মউ চুক্তি স্বাক্ষর হবে।সভাপতি সুনীল পাল বলেন, প্রভুপাদ শ্রীশ্রী রাধারমণ গোস্বামী ধর্মীয় কাজকর্মের পাশাপাশি মানবকল্যাণে সেবামূলক অনেক কাজ করে গেছেন। প্রভুর আশীর্বাদ নিয়ে আমরা কাছাড় ক্যানসার হাসপাতালের প্রস্তাবিত করিমগঞ্জের বারইগ্রামে শ্রীশ্রী রাধারমণ ক্যানসার হাসপাতাল ও রিসার্চ সেন্টার তৈরি হবে।

আজকের সভায় কাছাড় ক্যানসার হাসপাতালের পক্ষ থেকে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন ভাইস চেয়ারম্যান প্রাক্তন অধ্যাপক ডিপি রায়, কোষাধ্যক্ষ সখারঞ্জন রায়, সহ-সম্পাদক স্বপনকুমার ঘোষ, গভর্নিং বডির সদস্য নীলাভ মজুমদার (মৃদুল), সাধন পুরকায়স্থ, নিখিলরঞ্জন দাস। বারইগ্রাম শ্রীশ্রী গোপালজিউ, শ্রীশ্রী রাধাবিনোদ জিউ ও শ্রীশ্রী রাধারমণ গোস্বামী জিউর আশ্রম কমিটির পক্ষে ছিলেন সহ- সভাপতি বাদল পাল ও ডা. দুর্বাদল দাস, অলোক রায়, প্রচার-সচিব কার্তিক পাল, অরূপ রায়, সদস্য সুনয়ন দাস, জন্টু সাহা, শ্যামল রায়, অভিজিৎ মালাকার প্রমুখ।

## বিজেপি নেত্রীর বিরুদ্ধে অর্থ তছরূপের অভিযোগ

**নিজস্ব প্রতিনিধি, উদয়পুর, ২১ মে।।** অর্থনৈতিক প্রতারণার অভিযোগে মামলা দায়ের হলো উদয়পুর মহকুমা টাউন সোনামুড়া এলাকার কুলসুম বিবির বিরুদ্ধে। ঘটনা রাধাকিশোরপুর থানার অন্তর্গত টাউন সোনামুড়া এলাকার এক স্বঘোষিত বিজেপি নেত্রী কুলসুম বিবি নামের মহিলাকে নিয়ে। অভিযোগ কুলসুম বিবি এলাকার অনেক পরিবার থেকে চাকুরি দেওয়ার নাম করে, ঘর দেওয়ার নাম করে , অটো পারমিট পাইয়ে নাম করে, লোন পাওয়ার নাম করে প্রায় দেড় কোটি টাকার প্রতারনা করেন। অভিযোগ কুলসুম বিবি গত চার মাস ধরে প্রতারিত দীন দরিদ্র, শ্রমিক, বেকার যুবকদের সাথে প্রতারণা করে বাড়ি থেকে পালিয়ে বেড়াচ্ছেন। উদয়পুর টাউন সোনামুড়া এলাকার প্রতারিত জনগন আজ সংঘবদ্ধ ভাবে উদয়পুর রাধাকিশোরপুর থানায় তেত্রিশ জন মিলে মামলা করেন। পুলিশ অভিযোগ পেয়ে প্রতারক কুলসুম বিবির স্বামী জালাল মিয়াকে জিজ্ঞাসাবাদ করার জন্য থানায় নিয়ে আসেন। প্রতারিত জনগনের একটাই দাবি অবিলম্বে কুলসুম বিবির গ্রেপ্তার চাই এবং প্রতারিত অর্থ ফেরত চাই ।এখন দেখার পুলিশ কুলসুম বিবির টিকিটি নাগাল পায়কিনা।

## অবরোধ

● প্রথম পাতার পর

সেই প্রতিশ্রুতি রক্ষা করেনি। অভিযোগ, স্থানীয় শ্রমিকদের বঞ্চিত করে বাইরে রাজ্য থেকে শ্রমিক এনে কাজ করা হচ্ছে। ওএনজিসির খোয়াই শাখার কর্তৃপক্ষের এই ধরনের কার্যকলাপে শ্রমিক বিক্ষোভ শুরু হয়ে যায়। স্থানীয় শ্রমিক নিয়োগের দাবিতে আজ সকাল থেকে খোয়াই লেবুছড়া সড়ক অবরোধ করে। সড়ক অবরোধ চলার ফলে চরম যাত্রী দুর্ভোগ পোয়াতে হয়েছে সাধারণ মানুষজনকে। কেননা সড়কের উভয় পাশে ছোট বড় যানবাহনের দীর্ঘ লাইন পড়েছে।

## বিজেপিতে

● প্রথম পাতার পর

শীঘ্রই ড্যামেজ কন্টোল সম্ভব না হলে, লোকসভা নির্বাচনে হোঁচট খাওয়ার আশঙ্কা উড়িয়ে দিচ্ছেন না প্রদেশ নেতৃত্ব।

তবে, বিজেপিতে বহিরাগত ইস্যুতে বিপ্লব কুমার দেবের বিস্ফোরক মন্তব্য রাজ্য রাজনীতিতে ঝড় তুলবে, তা অস্বীকার করার কোন সুযোগ নেই। তাতে, দলে আড়াআড়িভাবে বিভাজন তৈরি হবে বলে রাজনৈতিক মহলে জোর চর্চা শুরু হয়েছে। অবশ্য, বিপ্লব কুমার দেব এদিন জোর গলায় দাবি করেছেন, আগামী লোকসভা নির্বাচনে ত্রিপুরা থেকে আবারও দুইটি আসন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে উপহার দেওয়া হবে।

## কর্তব্যরত

● প্রথম পাতার পর

এ রাজধানীর বিভিন্ন নাকাতে ছিলেন পশ্চিম ত্রিপুরা জেলার পুলিশ সুপার কিরণ কুমার কে এবং সদর এডিপিও আশীষ দাশগুপ্ত। তারা জানিয়েছেন রাত্রিকালীন এ ধরনের বিশেষ তল্লাশি অভিযান অব্যাহত থাকবে।

## পুলিশের জালে

● প্রথম পাতার পর

করেছে। এইকথা জানতেপেরে এলাকাবাসী খবরদেয় শান্তির বাজার থানায়। এলাকাবাসীর অভিযোগ নেশাকারবারী ও নেশাসেবনকারীকে আটক করে থানায় খবর দিলেও থানাথেকে ডিল ছোঁড়া দুরত্বে খবর দেওয়ার পর ৪৫ মিনিট অতিক্রান্ত হবার পরেও পুলিশ ঘটনাস্থলে পৌঁছাতে পারেননি। এই নিয়ে এলাকাবাসী সংবাদমাধ্যমের সামনে একরাশ ক্ষোভ উবরেদেন। ঘটনা অতিক্রান্ত হবার প্রায় ১ ঘন্টা পর ঘটনাস্থলে উপস্থিত হয় পুলিশ। পুলিশ ঘটনাস্থলে উপস্থিত হয়ে নেশাকারবারীর ঘরে তল্লাশি চালিয়ে নেশাসামগ্রী উদ্ধার করেন। পুলিশ নেশাসামগ্রী , নেশাকারবারী ও নেশা সেবনকারীকে ঘটনাস্থলথেকে উদ্ধারকরে শান্তির বাজার থানায় নিয়েআসে। এই বিষয়ে পুলিশ জানান উনারা ঘটনার তদন্তকরছেন।

## গণধর্ষণ

● প্রথম পাতার পর

দেয় অভিযুক্তরা। অবশেষে এই ঘটনার তিনমাস পর পুলিশ জালে তুলতে সক্ষম হলো ঘটনার দুই মূল অভিযুক্ত রঞ্জিত এবং সুদীপকে। রবিবার কাঞ্চনবাড়ী স্থিত নিজ বাড়ী থেকে দুজনকে পাকড়াও করে পুলিশ। বলতে গেলে পরিবারের উপর দফায় দফায় পুলিশি জেরার চাপেই একপ্রকার আত্মসমর্পন করতে বাধ্য হয়েছে অভিযুক্তরা। ফটিকরায় থানার ওসি জানিয়েছেন প্রাথমিক জিজ্ঞাসাবাদে ঘটনা স্বীকার করেছে অভিযুক্তরা। তিনদিনের রিমাণ্ড চেয়ে এদিনই অভিযুক্তদের আদালতে তুলেছে পুলিশ।

## AFFIDAVIT

I, MD MOIN ALI, S/O Chhiddek Ali, of Vill. Halgora, P.O.- Ichabpur, P.S. & Sub-Division - Kailashahar, Dist.- Unakoti Tripura in the State of Tripura, aged about 35 Years, by profession-Cultivation, by Religion-Islam, by Nationality Indian do hereby solemnly affirm and declare as follows;

That, I am an Indian National and permanently residing at above mentioned address.

This is true to my knowledge..

That, I used my father's forename i.e. "MD CHHIDDEK ALI" and accordingly some documents alongwith my Passport, my father's name has been recorded as MD CHHIDDEK ALI.

This is true to my knowledge.

That, in other some documentation my father's name has been recorded as CHIDDEK ALI & CHHIDDEK ALL instead of MD CHHIDDEK ALL

This is true to my knowledge:

That, all the names of my father i.e. MD CHHIDDEK ALL, CHIDDEK ALI & CHHIDDEK ALI was/ were identically same and one person in the eye of law and I want to omit my father's forename.

This is true to my knowledge.

That, I am swearing this affidavit before the Notary Public, Kailashahar, Unakoti Tripura, today on 16th day of May, 2023, for the confirmation of my above statement and for avoiding any future legal complicacy.

Sd/-
MD. MOIN ALI

# াঙ্গন

# টেরেসা ডায়াগনস্টিকের রোড রেসে চ্যাম্পিয়ান স্পোর্টস স্কুলের আকাশ, লক্ষ্মী

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২১ মে।। অনুষ্ঠিত হয় রোড রেইস। গ্রীষ্মের সকালে ভোরের আলো ফোটার সাথে সাথেই। রৌপ্য জয়ন্তী বর্ষ পূর্তি উপলক্ষ্যে টেরেসা ডায়াগনস্টিক সেন্টারের উদ্যোগে। রাজ্য ক্রীড়া পর্ষদ ও ক্রীড়া দপ্তরের সহযোগিতায়। রবিবার সকালে আস্তাবলে স্বামী বিবেকানন্দ ময়দানের বিপরীতে টেরেসা হেলথ কেয়ার সেন্টারের প্রাঙ্গণ থেকে ৫ কিলোমিটার রোড রেইস অনুষ্ঠিত হয়। তাতে বালিকা ও বালক বিভাগে শ্রেষ্ঠত্ব বজায় রাখে ত্রিপুরা স্পোর্টস স্কুলের লক্ষীরানী ত্রিপুরা (১৬ মি. ৫৩.০৮ সে.) ও আকাশ নাথ (১৩ মি.৫০.৪১ সে.)। প্রথম স্থান অধিকারী উভয়কে দশ হাজার টাকা করে পুরস্কার দেয়া হয়। পুরুষদের দ্বিতীয় রানীর বাজার প্লে সেন্টারের মোবারক হোসেন, তৃতীয় নবগ্রামের আকাশ বর্মন। মহিলাদের বিভাগে আড়ালিয়ার ডঃ বি আর আম্বেদকর প্রশিক্ষন কেন্দ্রের অন্তরা ঘোষ দ্বিতীয়, ফটিকরায়ের অর্পিতা সরকার তৃতীয় স্থানে দৌড় শেষ করে। তাদের প্রত্যেককে যথাক্রমে পাঁচ হাজার ও তিন হাজার টাকা পুরস্কৃত করা হয়। রাজ্যের তথা শহরের বিভিন্ন প্রান্ত থেকে পুরুষদের ৪১৭ ও মহিলাদের ৯৭ জন প্রতিযোগী অংশ নেয়। শহরের উত্তর গেইট থেকে দৌড় শুরু হয়, কর্নেল চৌমুহনী- বিদুরকার্তা- টি আর টি সি- আই জি এম- প্যারাডাইস- পোষ্ট অফিস- সূর্য্য চৌমুহনী- কামান চৌমুহনী- রাজ বাড়ী- মহিলা মহাবিদ্যালয়- বি কে রোড- মরা চৌমুহনী হয়ে বিভিন্ন রাজপথ অতিক্রম করে উত্তর গেইটে দৌড়ের সমাপ্তি রেখা স্পর্শ করে। শরীরকে সুস্বাস্থ্য রাখার জন্যেই ছিল এই দৌড়। অনেকের অভিযোগ হাঁটা প্রতিযোগিতা করা হয়নি কেন? প্রজুক্তিগত কিছু ত্রুটি থাকায় আয়োজকরা দৌড়ের মাধ্যমেই প্রতিযোগিতা সম্পন্ন করেন। এই আসরে উপস্থিত ছিলেন প্রাক্তন ক্রীড়া আধিকারিক স্বপন সাহা ও ক্রীড়া পর্ষদের যুগ্ম সচিব সরজু চক্রবর্তী। তাঁদের হাত দিয়ে বিজয়ীদের পুরস্কৃত করা হয়। অংশগ্রহনকারী প্রত্যেককে টি-শার্ট দেয়া হয়। আগামীতে আরও বড়পরিসরে এই দৌড় করার প্রচেষ্টা থাকবে। টেরেসা ডাইগ্নোস্টিক সেন্টারের তরফে অংশগ্রহনকারী ও উপস্থিত সহযোগিতাকারী সকলকে আন্তরিক ধন্যবাদ জানায়।

# এ-ডিভিশন সুপার ফোর সুপার লিগ শুরু ২৪ শে

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২৩ মে।।এ-ডিভিশন সুপার ফোর-এর সুপার লিগ শুরু হচ্ছে ২৪ মে থেকে। সন্তোষ মেমোরিয়াল প্রথম ডিভিশন লীগ ক্রিকেটে সেরা চার দল ব্লাড মাউথ, পোলস্টার, চলমান সংঘ এবং বনমালীপুর ক্রিকেট ক্লাব (বিসিসি) খেলবে এই এ-ডিভিশন সুপার ফোর সুপার লিগে। এবার ম্যাচ দুই দিনের দুই ইনিংসে। তবে প্রথম ইনিংস প্রতি দল ৯০ ওভারে সীমিত। টুর্নামেন্ট পুরোপুরি ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশনের ২০২২ ২৩ টুর্নামেন্ট বিধি অনুযায়ী চলবে। সাড়ে আটটা থেকে ১১ টা পর্যন্ত প্রথম সেশন, ৪০ মিনিট লাঞ্চ টাইমের পর ১:৪০ মিনিট পর্যন্ত দ্বিতীয় সেশন। কুড়ি মিনিটের টি-ব্র্যাকের পর সাড়ে তিনটা পর্যন্ত সেকেন্ড সেশন। এডভাইসারি টুর্নামেন্ট কমিটির কনভেনার জয়ন্ত দে টুর্নামেন্টের ক্রীড়া সূচি ঘোষণা করেছেন। ২৪ এবং ২৫ মে নরসিংগড়ের পুলিশ ট্রেনিং একাডেমী গ্রাউন্ডে ব্লাড মাউথ খেলবে বনমালীপুর ক্রিকেট ক্লাবের বিরুদ্ধে। একই দিনে এমবিবি স্টেডিয়ামে পোলস্টার খেলবে চলমান সংঘের বিরুদ্ধে। একদিন বিরতির পর ২৭ এবং ২৮ মে পুলিশ ট্রেনিং একাডেমী গ্রাউন্ডে ব্লাডমাউথ খেলবে চলমান সংঘের বিরুদ্ধে। একই দিনে এমবিবি স্টেডিয়ামে পোলস্টার খেলবে বনমালীপুর ক্রিকেট ক্লাবের বিরুদ্ধে। পুনরায় দুই দিন বিরতির পর ৩১ মে এবং ১ জুন এমবিবি স্টেডিয়ামে ব্লাড মাউথ খেলবে পোলস্টারের বিরুদ্ধে। একই দিনে চলমান সংঘ খেলবে বনমালীপুর ক্রিকেট ক্লাবের বিরুদ্ধে।

# উদয়পুরে স্কুল ক্রিকেটের ফাইনালে আজ জামজুরি - ইংলিশ মিডিয়াম

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২১ মে।। ফাইনালে জামজুরি স্কুল খেলবে ইংলিশ মিডিয়াম স্কুলের বিরুদ্ধে। আগামীকাল হবে খেতাব নির্ণায়ক ম্যাচটি। কে বি আই মাঠে।

মহকুমা ক্রিকেট সংস্থা আয়োজিত অনূর্ধ-১৭ আন্ত: স্কুল ক্রিকেটে। রবিবার অনুষ্ঠিত হয় আসরের দ্বিতীয় সেমিফাইনাল ম্যাচ। তাতে উদয়পুর ইংলিশ মিডিয়াম স্কুল ৯৮ রানে পরাজিত করে বগাবাসা স্কুলকে। কে বি আই মাঠে অনুষ্ঠিত ম্যাচে উদয়পুর ইংলিশ মিডিয়াম স্কুলের গড়া ২৩০ রানের জবাবে বগাবাসা স্কুল ১৩২ রান করতে সক্ষম হয়। বিজয়ী শ্রীমান দেবনাথ ৭৪ রান করে।

রবিবার সকালে টসে জয়লাভ করে প্রথমে ব্যাট নিয়ে ইংলিশ মিডিয়াম স্কুল নির্ধারিত ৪০ ওভারে ৯ উইকেট হারিয়ে ২৩০ রান করে। দলের হয়ে গোড়াপত্তন করতে নেমে শ্রীমান দেবনাথ এবং শোয়েব আহমেদ ১৩৩ বল খেলে ১৩৮ রান যোগ করে দলকে বড় স্কোর গড়ার দিকে নিয়ে যায়। শ্রীমান ৯২ বল খেলে ১১ টি বাউন্ডারির সাহায্যে ৭৪ এবং শোয়েব ৫২ বল খেলে ৫ টি বাউন্ডারি ও ১ টি ওভার বাউন্ডারির সাহায্যে ৪৬ রান করে। এছাড়া দলের পক্ষে শুভম দেবনাথ ৪২ বল খেলে ৪ টি বাউন্ডারির সাহায্যে ২৮ এবং রক্তিম দাস ৭ বল খেলে ১ টি বাউন্ডারি ও ১ টি ওভার বাউন্ডারির সাহায্যে ১১ রান করে। দল অতিরিক্ত খাতে পায় ৪৬ রান। বগাবাসা স্কুলের পক্ষে দলনায়ক সুমন দাস (৩/২৮), প্রীতম দেবনাথ (২/৪৩) এবং বিজয় পাল (২/৪৮) সফল বোলার। জবাবে খেলতে নেমে দলনায়ক শুভজিৎ সূত্রধরের (৩/১৪) বিধ্বংসী বোলিংয়ে মাত্র ১৩২ রান করতে সক্ষম হয় বগাবাসা স্কুল। দলের পক্ষে প্রশান্ত জমাতিয়া ৮৬ বল খেলে ৮ টি বাউন্ডারি ও ১ টি ওভার বাউন্ডারির সাহায্যে ৫৫ এবং প্রীতম দেবনাথ ৩২ বল খেলে ১ টি বাউন্ডারি ও ২ টি ওভার বাউন্ডারির সাহায্যে ২৪ রান করে। দলের আর কোনও ব্যাটসম্যান রংখে দাড়াতে পারেনি। দল অতিরিক্ত খাতে পায় ২৭ রান। ইংলিশ মিডিয়াম স্কুলের পক্ষে শুভজিৎ ছাড়া তুষার দাস (২/২৩) সফল বোলার।

# জাতীয় স্কুল দাবার জন্য সিলেকশন ট্রায়াল স্থগিত

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২১ মে।। হলো না নির্বাচনী শিবির। দাবাড়ু-র সংখ্যা কম থাকায়। জাতীয় স্কুল দাবায় অংশগ্রহণের জন্য রবিবার ছিলো নির্বাচনী শিবির। এন এস আর সি সি-র দাবা হলঘরে অনুষ্ঠিত হওয়ার কথা ছিলো অনূর্ধ-১৯ ওই শিবির। তাতে মাত্র অংশ নিলেন ৩ জন দাবাড়ু। কৈলাসহর থেকে ২ জন এবং সাব্রুম থেকে ১ জন দাবাড়ু অংশ নিয়েছেন। মাত্র ৩ জন দাবাড়ু আসায় শেষ পর্যন্ত শিবির করানো সম্ভব হয়নি। পরে রাজ্য স্কুল স্পোর্টস বোর্ডের যুগ্মসচিব দিব্যেন্দু দত্ত জানান, আজ সভা করে আসরে অংশ নেওয়ার ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হবে। প্রয়োজনে ওই ১৭ দাবা আসরে যারা সাফল্য পেয়েছিলো তাদের ডাকা হবে। যদি ওরা লিখিত দেয় আগামীদিনে আর অনূর্ধ-১৭ আসরে খেলবে না। আবাক করার বিষয় হলো, নির্বাচনী শিবিরের সময় আগে থেকে ঠিক করা হলেও এদিন এন এস আর সি সি-র চত্তরে রাজ্য স্কুল স্পোর্টস বোর্ডের কোনও কর্তার টিকির নাগাল পাওয়া যায়নি। প্রসঙ্গত: ৬-১১ জুন দেশের রাজধানী দিল্লিতে অনুষ্ঠিত হবে জাতীয় অনূর্ধ-১৯ স্কুল দাবা প্রতিযোগিতা।

# অমরপুরে ক্লাব ক্রিকেটের ফাইনালে আজ দেবাপর্তি - ডায়মন্ড মুখোমুখি

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২১ মে।। ফাইনাল আগামীকাল। মহারণে আগামীকাল মুখোমুখি হবে দেবার্পিত ক্রিকেট আকাদেমি এবং ব্রাইট ডায়মন্ড ক্লাব। রাঙ্গামাটি স্কুল মাঠে আগামীকাল সকাল ৯ টায় শুরু হবে ম্যাচটি। অমরপুর মহকুমা ক্রিকেট সংস্থা আয়োজিত সিনিয়র ক্লাব লিগ ক্রিকেটে। দুই দলই রবিবার শেষ প্রস্তুতি সেরে নেয়। আগামীকাল ফেভারিট হিসাবেই মাঠে নামবে দেবার্পিত ক্রিকেট আকাদেমি বলে মনে করছেন ক্রীড়াপ্রেমীরা। ফাইনাল ম্যাচে দুই দলই কিছুটা শক্তি বাড়ানোর পরিকল্পনা নিচ্ছে বলে খবর।

বলা বাহুল্য, গত শুক্রবার রাঙ্গামাটি স্কুল মাঠে টুর্নামেন্টের দ্বিতীয় সেমিফাইনালে ব্রাইট ডায়মন্ড ক্লাব ৫ উইকেটের ব্যবধানে জুপিটার ক্লাবকে পরাজিত করে ফাইনালে প্রবেশ করেছে। এদিকে, গত ১৭ মে বুধবার প্রথম সেমিফাইনালে দেবার্পতি ক্রিকেট একাডেমী বৃষ্টিবিঘ্নিত ম্যাচে প্রতিপক্ষ ইয়াপ্রি কৌতাল ক্লাবকে ৭৮ রানের ব্যবধানে পরাজিত করে ফাইনালে খেলার ছাড়পত্র পেয়েছিল।

**PRESS NOTICE INVITING TENDER No. e-PT-VI/EE/RD/STB/2023-24, Dated-18/05/2023**

On behalf of the 'Governor of Tripura 'the Executive Engineer, R.D Santirbazar Division, Santirbazar, South Tripura' invites percentage rate Two Bid System e-tender in PWD Form No-7 up to 2:00 P.M. on 07/06/2023 for 01 (One) No Construction work & 01 (One) No Internal Electrification work. For details please visit website https://tripuratenders.gov.in and contact at M-8787480265. Any subsequent corrigendum will be available in the website only.

ICA/C-620/23

Executive Enginéer
RD Santirbazar Division
Santirbazar, South Tripura

**NOTICE INVITING E-TENDER**
**DNIT.No.F.4(1)-H&SC/ DDH/W/TENDER/2023-24/1 126/Dated-16.05.2023.**

The Deputy Director of Horticulture, West Tripura, Agartala invites e-tender in single Bid system (Technical & Financial) for determining single rate of planting materials for Lemon for supply during the year 2023-24 in West District from the individual nursery man having valid license issued by the State Govt. under Tripura Nursery Regulation Act, 2013.

| Name of Work | Tender value/ Estimated cost | EMD & Tender Fee | Completion Period | Document Download & Bid Submission End Date & Time | Bid Opening Date |
|---|---|---|---|---|---|
| Supply of 17808 Nos. of Planting mateials of Lemon under different scheme as per following breakup:- CMSPY- 17808 Nos. | Rs.2,67,120/- | EMD : Rs.13,300/- (Rupees Thirteen thousand Three Hundred)only Tender fee- Rs.500.00 | 15 days | 20.05.2023 & 05.06.2023 upto 05:00 PM | 06.06.2023 at 12:00 Noon |

Last date & time for BID submission:-05.06.2023 upto 5 PM.
Date & time for opening BID:- 06.06.2023 at 12 Noon
Submission of Bids physically is not permitted.
Earnest Money Deposit (EMD) & Tender Fee (TF) is to the made as online mode only through Net Banking. For details related to e-tender may be visited and obtained from website:- http// tripuratenders.gov.in Eligible Bidders shall apply in bidding, only in online mode, through website https: // tripuratenders.gov.in,

ICA/C-616/23

(ASOK RAMAN CHAUDHURI)
Dy. Director of Horticulture
West Tripura District

**PNieT No: 21 / EE/CCD/PWD/2023-24, Dated. 19/05/2023**

The Executive Engineer, Capital Complex Division, PWD (Buildings), Capital Complex, Agartala, West Tripura on behalf of the ' Governor of Tripura', invites online percentage rate e-tender in single bid system from the eligible Central & State Public sector undertaking / enterprise and eligible Contractors/Firms/Private Ltd. Firm/Agencies of Appropriate Class registered with PWD/TTAADC/MES/CPED/Railway/Gov't Organization of other State & Central for the following work, Maintenance of old G.I. pipe line at New Secretariat Complex, during the year 2023-24 under Capital Complex Division.For Details visit website https://tripuratenders.gov.in.
Any subsequent corrigendum will be available in the website only.
DNIeTNo: 17 /DNIT/ EE/CCD/PWD/2023-24
Estimated Cost: = 17, 08, 349.36 Earnest Money: % 34.166.98 and Time for completion will be 180 (One Hundred and Eighty) Days.
Last date & time for online Bidding: 09/06/2023 Upto 3.00 PM

ICA/C-613/23

Executive Engineer
Capital Complex Division,
PWD(Buildings)
Agartala, West Tripura

সৃষ্টির প্রেরণায় নতুন প্রতিশ্রুতি


উন্নত মুদ্রণ

সাদা, কালো, রঙিন
নতুন ধারায়

রেণ্‌বো প্রিন্টিং ওয়ার্কস

জাগরণ ভবন, (লক্ষ্মীনারায়ণ মন্দির সংলগ্ন), এন এল বাড়ি লেইন
প্রভুবাড়ী, বনমালীপুর, আগরতলা, ত্রিপুরা পশ্চিম - ৭৯৯০০১
মোবাইল ঃ- ৯৪৩৬১২৩৭২০
ই-মেল ঃ rainbowprintingworks@gmail.com

■ Phone : 9862797843/9436123720, e-mail : jagarandaily@gmail.com
■ Postal Regd. No. AGT/NE-928/2021- 2023

রবিবার রাজ্য জুড়ে অনুষ্ঠিত হয়েছে টিপিএসসি'র পরীক্ষা। ছবি নিজস্ব।

## যুবকের মৃতদেহ উদ্ধার

শিলিগুড়ি, ২১ মে (হি. স.) শিলিগুড়ি ডিভিশনের ফাঁসিদেওয়ার জলাস নিজামতারা এলাকায় ফাঁস দিয়ে ঝুলন্ত অবস্থায় এক যুবকের দেহ উদ্ধারের পর চাঞ্চল্য ছড়িয়েছে। নিহতের নাম রোমানশিস মিঞ্জ (৩১)। নিহত ব্যক্তি রেলওয়ে বিভাগে গেটম্যান হিসেবে কাজ করতেন। পরিবার সূত্রে খবর, রবিবার সকালে ওই যুবক ঘর থেকে বের হয়নি বলে সন্দেহ হয়। বাড়ির লোকজন দরজা ভেঙে ঘরে প্রবেশ করলে তাকে ঝুলন্ত অবস্থায় দেখতে পান। যুবককে ☞ ৬ এর পাতায় দেখুন

# জুনের প্রথম সপ্তাহে ভারত সফরে যাবেন নেপালের প্রধানমন্ত্রী

কাঠমাণ্ডু, ২১ মে (হি.স.) : আগামী জুনের প্রথম সপ্তাহে ভারত সফরে যাবেন নেপালের প্রধানমন্ত্রী পুষ্প কমল দাহাল "প্রচণ্ড"। এ যাত্রার প্রস্তুতি শুরু করেছে সরকার।নেপালের বিদেশ মন্ত্রণালয় সূত্রে জানা গেছে, জুনের প্রথম সপ্তাহে ভারত সফরে যাবেন নেপালের প্রধানমন্ত্রী পুষ্প কমল দাহল "প্রচণ্ড"। এ জন্য প্রস্তুতি শুরু হয়েছে। সফরের তারিখ এখনো আনুষ্ঠানিকভাবে ঘোষণা করা হয়নি। নেপালের বিদেশ মন্ত্রণালয় সফরের প্রস্তুতি হিসেবে স্টেকহোল্ডারদের সঙ্গে আলোচনা করেছে। ১৮ এবং ১৯ মে বিদেশমন্ত্রী এনপি সৌদ প্রধানমন্ত্রীর ভারত সফর নিয়ে প্রাক্তন বিদেশমন্ত্রী, প্রাক্তন বিদেশ সচিব এবং প্রাক্তন রাষ্ট্রদূতদের সাথে আলোচনা করেছেন। সূত্রের খবর, নেপাল সরকার বাণিজ্য, জলবিদ্যুৎ, পেট্রোলিয়াম পাইপলাইন, সীমান্ত প্রভৃতি বিষয়ে আলোচনার এজেন্ডা নির্ধারণ করছে। উল্লেখ্য, তৃতীয়বারের মতো প্রধানমন্ত্রী হওয়ার পর প্রচণ্ড ভারতে তার প্রথম বিদেশ সফরের অপেক্ষায় রয়েছেন। তিনি প্রকাশ্যে বলেন, তাঁর ভারত সফর শীঘ্রই হবে।

## ফিরিয়ে দিল দুষ্কৃতীরা ! কিশনগঞ্জে ভুট্টা খেত থেকে উদ্ধার চুরি যাওয়া হাতির দাঁত

কিশনগঞ্জ, ২১ মে (হি. স.) : ফিরিয়ে দিয়ে গেল দুষ্কৃতীরা! কিশনগঞ্জে ভুট্টা খেত থেকে উদ্ধার চুরি যাওয়া হাতির দাঁত রবিবার সকালে কিশনগঞ্জের দিঘলব্যাংকের কামাত ইটভাটা গ্রামে ভুট্টা খেত থেকেচুরি যাওয়া হাতির দাঁত উদ্ধার করে পুলিশ। দাঁতটি এদিন জেলার বনকর্তা উমানাথ দুবের হেপাজতে তুলে দেওয়া হয়েছে বলে জানিয়েছেন দিঘলব্যাংক থানার আইসি সঞ্জীব কুমার।

স্থানীয় সূত্রের খবর, ১৪ এপ্রিল ধনটোলা গ্রাম পঞ্চায়েতের কামাত ইটভাটা গ্রামে একটি দলছুট বুনো দাঁতালের অস্বাভাবিক মৃত্যু হয়। বন দফতরকে পাঠানো স্থানীয়দের ছবিতে হাতিটির দুটি দাঁতই অক্ষত দেখা গিয়েছে। ঘটনার দিন মৃত হাতি দেখতে আশপাশের এলাকা ও নেপালের বহু মানুষ ভিড় করেছিলেন। সেইসময় কেউ রটিয়ে দেয়, বুনোদের একটি দল সেখানে আসছে। তখন ঘটনাস্থলে ভিড় জমানো লোকজন পালিয়ে যান। অভিযোগ, সেই সুযোগে অজ্ঞাত পরিচয় দুষ্কৃতীরা মৃত হাতির বাম দিকের দাঁত কেটে চুরি করে পালায়। এই মর্মে বনাধিকারিক উমানাথ দুবে ১৮ এপ্রিল দিঘলব্যাংক থানায় দুষ্কৃতীদের বিরুদ্ধে লিখিত অভিযোগ দায়ের করেন।

তদন্তে নেমে পুলিশ প্রথমে ডগ স্কোয়াডের সাহায্য নেয়। পরে একজন সন্দেহভাজনকে আটক করে। জিজ্ঞাসাবাদ করে মুচলেকা নিয়ে তাকে ছেড়ে দেয় পুলিশ। তবে জারি থাকে তল্লাশি অভিযান। এদিন পুলিশ খবর পায়, কামাত ইটভাটা গ্রামে ভুট্টা খেতে হাতির দাঁত পড়ে আছে। পুলিশ সেখানে গিয়ে দাঁতটি উদ্ধার করে বন দফতরের হাতে তুলে দেয়। বন দফতর সূত্রের খবর, ছবি মিলিয়ে দেখা গিয়েছে দাঁতটি মৃত হাতিটিরই। পুলিশের অনুমান, দাঁত উদ্ধারে লাগাতার তল্লাশি চলছিল। চাপে পড়েই দুষ্কৃতীরা চুরি যাওয়া হাতির দাঁত ফিরিয়ে দিয়ে গিয়েছে।

## বৃষ্টি হতেই পাহাড়ে জুমচাষে ব্যস্ত জুমিয়ারা

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২১ মে।। সামান্য বৃষ্টিতেই পাহাড়ি এলাকায় জুম চাষের জমি প্রস্তুত করতে ব্যস্ত জুমিয়ারা। জমে দান ও সবজির বীজ বপন করতে তারা এখন খুবই ব্যস্ত। বহু জনজাতি পরিবার জুম চাষ করে তাদের জীবিকা অর্জন করে চলেছেন। এক্ষেত্রে সরকারি সহযোগিতা আরো বেশি পরিমাণে পেলে রাজ্যের উপজাতিদের আয় উপার্জন আরও বৃদ্ধি পাবে বলে তারা আশা ব্যক্ত করেছেন।। প্রত্যন্ত এলাকার জুমিয়ারাও সমতলের বা গ্রামাঞ্চলের কৃষকদের মত অন্নদাতা। জুম চাষ ত্রিপুরা রাজ্যের পাহাড়ি এলাকার জনজাতি অংশের মানুষের উপার্জনের অন্যতম একটি মাধ্যম ।কাজেই জুম চাষাবাদের ক্ষেত্রেও সরকারি সাহায্য সহায়তা প্রয়োজন। বৈশাখের শুরুতে আংশিক বৃষ্টিপাতের ছোঁয়া পেয়ে প্রত্যন্ত এলাকার জুমচাষের টিলাভূমি উর্বর হয়ে ওঠে। যদিও এবছর প্রকৃতি একটু বিমুখ। তার পরেও বৈশাখের শেষে অল্প বৃষ্টি হওয়ায় জুমের জন্য টিলা ভুমি অনেকটাই প্রস্তুত। আর এই সুযোগকে কাজে লাগিয়ে জুমিয়ারা টিলা ভূমিতে জুমের বিভিন্ন রকমের সবজি সহ ধান বীজ রুপন করতে ব্যস্ত। এমনই বাস্তব চিত্র প্রত্যক্ষ করা গেল মুঙ্গিয়াকামী আরডি ব্লকের অধীন বৈরাগী ঢেপা এলাকায়। এলাকায় গিয়ে প্রত্যক্ষ করা গেল জনজাতি রমণী সহ জুমিয়ারা জুমের বিভিন্ন কৃষিজ ফসলের বীজ বপন করছে।

কথা প্রসঙ্গে জুমিয়া রমণী জানান, এবার তারা ধান, জিঙ্গা, মিস্টি কুমোর সহ রকমারি সবজির বীজ বপন করছে। সরকারি সুযোগ-সুবিধা ছাড়াই নিজেরা উদ্যোগী হয়েই এই জুম চাষ করছেন। কথা প্রসঙ্গে তিনি আরো জানান,এবার দুটি টিলা ভূমিতে জুম চাষ করবেন। তবে এই জুম চাষ করে লভ্যাংশের মুখ দেখা যায় জুমের কৃষিজ ফসল গুলি বাজারজাত করে।আশ্বিন কার্তিক মাসে এই ফসল ঘরে তোলার সময়। জুম চাষই তাদের একমাত্র রুটি-রুজির সম্বল। সরকারি সাহায্য সহযোগিতা পেলে তারা এই জুম চাষকে আরো প্রসারিত করার উদ্যোগ নেবেন বলে ওই জুমিয়া রমণী আশা ব্যক্ত করেন।

## ত্রিপুরা বায়োডাইভারসিটি বোর্ডের উদ্যোগে অঙ্কন প্রতিযোগিতা

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২১ মে।।** পরিবেশ দূষণ সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ত্রিপুরা বায়োডাইভারসিটি বোর্ডের উদ্যোগে রবিবার আগরতলা মিউজিক কলেজে চারটি বিভাগে অংকন প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। গোটা বিশ্ব পরিবেশ দূষণের কবলে। এ থেকে নিস্তার মিলেনি আমাদের দেশ ভারতেরও। এই ভয়ঙ্কর প্রবণতা থেকে মুক্তি পাওয়ার একমাত্র উপায় হল জনসচেতনতা বৃদ্ধি করা। সেই লক্ষ্যকে সামনে রেখেই রবিবার আগরতলা মিউজিক কলেজে ত্রিপুরা বায়োডাইভারসিটি বোর্ডের উদ্যোগে চারটি বিভাগে অংকন প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের মধ্যে যারা প্রথম দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকার করবে তাদেরকে রাজ্যভিত্তিক অনুষ্ঠানে পুরস্কৃত করা হবে। এদিন অঙ্কন প্রতিযোগিতাকে কেন্দ্র করে খুদে শিল্পীদের মধ্যে বেশ উৎসাহ উদ্দীপনা পরিলক্ষিত হয়। রাজ্যের অন্যান্য স্থানেও এ ধরনের সচেতনতামূলক কর্মসূচি পালন করা হচ্ছে বলে বনদপ্তর সূত্রে জানানো হয়েছে।

## লোকনাথ মন্দিরে রক্তদান শিবির অনুষ্ঠিত

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২১ মে।। শ্রী শ্রী বাবা লোকনাথ ব্রহ্মচারীর ১৩৩ তম তিরোধান দিবস উপলক্ষে লক্ষীনারায়ণ বাড়ি রোডে লোকনাথ মন্দিরে রবিবার রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। রক্তদান রাজ্যে রক্তদান উৎসবে পরিণত হয়েছে। বিভিন্ন ক্লাব স্বেচ্ছাসেবী সংগঠন সামাজিক সংগঠন এবং ধর্মীয় সংগঠনগুলিও রক্তদানে এগিয়ে আসতে শুরু করেছে। এধরনের এই কর্মসূচির অঙ্গ হিসেবে রবিবার আগরতলা শহরে লক্ষীনারায়ণ বাড়ি রোডে লোকনাথ মন্দিরে শ্রী শ্রী বাবা লোকনাথ ব্রহ্মচারীর ১৩৩ তম তিরোধান দিবস উপলক্ষে এক মহতি রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। এদিন রক্তদান শিবিরে বিশিষ্টদের মধ্যে উপস্থিত ছিলেন আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার, কর্পোরেটর রত্না দত্ত ,লোকনাথ আশ্রমের সভাপতি বিশিষ্ট সমাজসেবী সঞ্জয় পাল সহ অন্যান্যরা। এদিন রক্তদান শিবিরে অংশগ্রহণ করে মেয়র দীপক মজুমদার বলেন আমাদের রাজ্যে রক্তদান রীতিমতো উৎসবে পরিণত হয়েছে।। রক্তদানে সারা দেশের মধ্যে ত্রিপুরা নজির স্থাপন করেছে। তিনি বলেন গত বিধানসভা নির্বাচন চলাকালীন সময়ে রক্তদান অনেকটাই কমে গিয়েছিল। ফলে রাজ্যের ব্লাড ব্যাংক গুলিতে রক্তের সংকট দেখা দেয়। উদ্ভূত পরিস্থিতিতে রাজ্যের মুখ্যমন্ত্রী ডঃ মানিক সাহা রক্তদানে এগিয়ে আসার জন্য প্রত্যেকটি ক্লাব স্বেচ্ছাসেবী সংগঠন ধর্মীয় সংগঠন সহ সকল স্তরের জনগণের কাছে আহবান জানিয়েছিলেন। সেই আহবানে সারা দিয়ে লোকনাথ আশ্রম পরিচালন কমিটির রবিবার এ ধরনের রক্তদান শিবির সংঘটিত করায় তাদের সকলের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন মেয়র। তিনি বলেন রক্তদান মহৎ দান। এর চেয়ে বড় দান আর কিছুই হতে পারে না। তথ্যপ্রযুক্তি বিজ্ঞানসহ নানা ক্ষেত্রে দেশ অনেক উন্নত হলেও এখনো পর্যন্ত বিজ্ঞানীরা রক্তের বিকল্প কোন কিছুই আবিষ্কার করতে পারেননি। একমাত্র মানুষই পারে রক্তদানের মধ্য দিয়ে মানুষের পাশে দাঁড়াতে।

১৩৩ তম তিরোধান দিবসকে সামনে রেখে স্বেচ্ছায় রক্তদান শিবিরের আয়োজন করে লোকনাথ আশ্রম কর্তৃপক্ষ। উদ্বোধক হিসেবে উপস্থিত ছিলেন মেয়র দীপক মজুমদার। এছাড়া উপস্থিত ছিলেন কর্পোরেটর রত্না দত্ত, লোকনাথ আশ্রমের সভাপতি তথা বিশিষ্ট সমাজসেবী সঞ্জয় পাল সহ অন্যান্যরা।

## উত্তরপ্রদেশ: সাহারানপুরে ধরা পড়ল ওয়ান্টেড গ্যাংস্টার

সাহারানপুর (উত্তরপ্রদেশ), ২১ মে (হি.স.) : উত্তরপ্রদেশের সাহারানপুরে পুলিশের টহলরত দল এবং দুর্বৃত্তদের মধ্যে গুলি লড়াইয়ের পরে এক ওয়ান্টেড গ্যাংস্টার ধরা পড়েছে বলে রবিবার উত্তরপ্রদেশ পুলিশ জানিয়েছে।সাহারানপুরের পুলিশ সুপার (এসপি) ভিপিন টাডা বলেন, 'আজ সারসাওয়া থানার টহল দলের তল্লাশির সময়, দু"জন দুষ্কৃতী তাদের লক্ষ্য করে গুলি চালায়। পুলিশ দল পাল্টা জবাব দেয় এবং তাদের তাড়া করে। একজন দুষ্কৃতী গুলিবিদ্ধ হয় এবং অন্যজন জঙ্গলে পালিয়ে যায়।'পুলিশ জানিয়েছে, গ্রেফতার হওয়া গ্যাংস্টার যমুনা নগরের বাসিন্দা এবং তিনি পেট্রোল পাম্প ডাকাতির মামলা সহ অনেক অপরাধমূলক মামলায় গ্রেফতার থেকে পলাতক ছিল। বাকি পলাতক অপর দুষ্কৃতীকে ধরতে অভিযান শুরু করেছে পুলিশ।

# যথাযোগ্য মর্যাদায় রাজ্যেও পালিত প্রয়াত প্রাক্তন প্রধানমন্ত্রী রাজীব গান্ধীর প্রয়াণ দিবস



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২১ মে।।** প্রয়াত প্রাক্তন প্রধানমন্ত্রী ভারতরত্ন রাজীব গান্ধীর ৩৩ তম প্রয়াণ দিবস রবিবার রাজ্য যথাযোগ্য মর্যাদায় পালিত হয়েছে। ত্রিপুরা প্রদেশ কংগ্রেসের পক্ষ থেকে প্রয়াত প্রধানমন্ত্রী ভারতরত্ন রাজীব গান্ধীর ৩৩ তম প্রয়াণ দিবসটি পালন করা হয় আগরতলা কংগ্রেস ভবনের সামনে। রবিবার সকালে জাতীয় পতাকা ও দলীয় পতাকা উত্তোলন সহ প্রয়াত প্রধানমন্ত্রী রাজীব গান্ধীর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে দিবসটির আনুষ্ঠানিক সূচনা হয়। উপলক্ষে রক্তদান শিবির সহ নানা সামাজিক কর্মসূচিও পালিত হয়েছে। এদিন কংগ্রেস ভবনের সামনে ভারতরত্ন রাজিব গান্ধীর প্রয়াণ দিবস উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে প্রদেশ কংগ্রেসের প্রাক্তন সভাপতি তথা বিধায়ক গোপাল চন্দ্র রায় প্রয়াত প্রাক্তন প্রধানমন্ত্রী রাজীব গান্ধীকে আধুনিক ভারতের অন্যতম রূপকার হিসেবে আখ্যায়িত করেন। তিনি বলেন রাজীব গান্ধী ছিলেন দেশের অখন্ডতা ও সংহতির অন্যতম প্রাণপুরুষ। তথ্য ও বিজ্ঞান প্রযুক্তির অন্যতম প্রবক্তা ছিলেন রাজীব গান্ধী। তার প্রয়াণ দিবসে সারা দেশ জুড়ে সংহতি দিবস হিসেবে পালিত হচ্ছে। ১৯৯১ সালের আজকের দিনে তাকে মানব বোমায় হত্যা করা হয়েছিল। আজ তার ৩৩ তম প্রয়াণ দিবসে গোটা দেশ তাকে শ্রদ্ধার সঙ্গে স্মরণ করছে। প্রতিষ্ঠ কংগ্রেসের প্রাক্তন সভাপতি গোপাল রায় বলেন ১৯৮৪ সালে কম্পিউটার ব্যবস্থা চালু করেছিলেন তৎকালীন প্রধানমন্ত্রী রাজীব গান্ধী। বিজেপি সহ বিভিন্ন রাজনৈতিক দল এই কম্পিউটার ব্যবস্থার তীব্র প্রতিবাদ করেছিল। অথচ আজ তথ্যপ্রযুক্তি ক্ষেত্রে ভারত বিশ্বের অন্যতম শীর্ষস্থান দখল করে রয়েছে। রাজিব গান্ধী দেশের মুখ উজ্জ্বল করেছেন বলে তিনি উল্লেখ করেন। কংগ্রেস ভবনের সামনে থেকে দলীয় নেতৃবৃন্দ পদব্রজে গান্ধী-ঘাটে গিয়ে শহীদ বেদীতে পুষ্পার অর্পণ ও শ্রদ্ধা নিবেদন করেন। অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন প্রাক্তন বিধায়ক কংগ্রেস নেতা আশীষ কুমার সাহা সহ অন্যান্য নেতৃবৃন্দ। প্রাক্তন প্রধানমন্ত্রী রাজিব গান্ধীর ৩৩ তম প্রয়াণ দিবস উপলক্ষে সদর জেলা কংগ্রেসের পক্ষ থেকে আগরতলা কংগ্রেস ভবনে রবিবার মহতি রক্তদান শিবির সংঘটিত করা হয়। রবিবার প্রাক্তন প্রধানমন্ত্রী ভারতরত্ন রাজিব গান্ধীর ৩৩ তম প্রয়াণ দিবস উপলক্ষে আগরতলা সহ রাজের বিভিন্ন স্থানে রক্তদান শিবির সহ নানা সামাজিক কর্মসূচি পালন করা হয়েছে। আগরতলা কংগ্রেস ভবনে আয়োজিত রক্তদান শিবিরে উপস্থিত ছিলেন উপদেশ কংগ্রেসের প্রাক্তন সভাপতি বিধায়ক গোপালচন্দ্র রায় কংগ্রেসের নেতা প্রাক্তন বিধায়ক আশি সাহা সহ অন্যান্য বিশিষ্ট নেতৃবৃন্দ। সদর জেলা কংগ্রেস আয়োজিত রক্তদান শিবিরে দলীয় কর্মী সমর্থকদের ব্যাপক উৎসাহ উদ্দীপনা পরিলক্ষিত হয়। রক্তদান উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে কংগ্রেস নেতা প্রাক্তন বিধায়ক আশীষ সাহা বলেন আধুনিক ভারতের রূপকার প্রাক্তন প্রধানমন্ত্রী রাজীব গান্ধী ছিলেন জাতীয় কংগ্রেসের অন্যতম অনুপ্রেরণার উৎস। তার প্রয়াণ দিবসটি সারাদেশব্যাপী সংহতি দিবস হিসেবে পালিত হচ্ছে। ভারত বর্ষকে পাশ্চাত্যের সঙ্গে পাল্লা দিয়ে আধুনিকতার যুগে প্রবেশ করানোর জন্য প্রাক্তন প্রধানমন্ত্রী রাজীব গান্ধীর অবদান ছিল অনস্বীকার্য। প্রগতি ও বিকাশ ওরশ হিসেবে দেশবাসীর মধ্যে তিনি আজও প্রাসঙ্গিক এবং শ্রদ্ধার আসনে প্রতিষ্ঠিত। নব ভারত ঘটানের জন্য যুব সমাজকে সংকল্পবদ্ধ করার জন্য এবং দেশের বিচ্ছিন্নতাবাদী সাম্প্রদায়িকতাবাদী উগ্রবাদের বিরুদ্ধে লড়াইয়ে উত্তীর্ণ হয়ে সংস্কৃতি সংহতির দিশা দেখিয়েছিলেন প্রাক্তন প্রধানমন্ত্রী ভারতরত্ন রাজীব গান্ধী। জাত পাত ধর্মের বিরুদ্ধে ঐক্যবদ্ধ ভারত গড়ার স্বপ্ন দেখেছিলেন তিনি। আশিস বাবু আক্ষেপ করে বলেন রাজীব গান্ধী যে স্বপ্ন দেখেছিলেন সেই স্বপ্নকে বর্তমান সরকারের আমলের স্তব্ধ করে দেওয়ার চেষ্টা হচ্ছে। জাত পাত ধর্মের নামে দেশ পরিচালনার চেষ্টা হচ্ছে। একটি স্বাধীন সার্বভৌম গণতান্ত্রিক দেশে তা কোনোভাবেই কাম্য হতে পারে না বলেও তিনি উল্লেখ করেন। এই অবক্ষয়ের হাত থেকে দেশকে রক্ষা করার জন্য রাজিব গান্ধীর ভাবাদর্শে যুবসমাজকে উদ্বুদ্ধ করার জন্য তিনি সকলের প্রতি আহ্বান জানান।

এদিন রক্তদান শিবিরে প্রদেশ কংগ্রেসের প্রাক্তন সভাপতি বিধায়ক গোপাল রায় বলেন প্রাক্তন প্রধানমন্ত্রী ভারতরত রাজীব গান্ধীর প্রয়াণ দিবসে রক্তদান শিবির সক্ষম কংগ্রেসের তরফ থেকে নানা কর্মসূচি পালিত হয়েছে। এদিন বনমালীপুর বিধানসভা কেন্দ্রীয় প্রয়াত প্রধানমন্ত্রী রাজীব গান্ধীর প্রয়াণ দিবস উপলক্ষে নানা কর্মসূচি পালিত হয়েছে।

## গুয়াহাটিতে জারি সিআরপিসি-র ১৪৪ ধারা

গুয়াহাটি, ২১ মে (হি.স.) : গুয়াহাটিতে জারি করা হয়েছে ফৌজদারি কার্যবিধি (সিআরপিসি)-র ১৪৪ ধারা। গুয়াহাটিতে কোনও সংগঠন বা ব্যক্তিবর্গ বিক্ষোভ-প্রতিবাদের নামে আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতি ঘটানোর পরিকল্পনা করেছে, গোয়েন্দা রিপোর্টের ভিত্তিতে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত গুয়াহাটি পুলিশ কমিশনারেটের অধীন তিন পুলিশ জেলায় ফৌজদারি কার্যবিধির ১৪৪ ধারা বলবৎ থাকবে। জানিয়েছেন গুয়াহাটির পুলিশ কমিশনার দিগন্ত বরা।আজ রবিবার পুলিশ কমিশনার দিগন্ত বরা জানান, গুয়াহাটি পুলিশ কমিশনারেটের অধীন তিনটি পুলিশ জেলায় সিআরপিসি-র ১৪৪ ধারার অধীনে নিষেধাজ্ঞামূলক আদেশ জারি করা হয়েছে। পুলিশ কমিশনারেট এবং তার আশপাশ এলাকায় যাতে অনিবার্য কোনও পরিস্থিতিতে শান্তি ও শৃঙ্খলা ভঙ্গ না হয় তার জন্য এই নির্দেশ।এ সম্পর্কে একটি বিজ্ঞপ্তি জারি করা হয়েছে জানিয়ে পুলিশ কমিশনার বলেন, 'আমার কাছে এক রিপোর্ট এসেছে, কতিপয় নির্দিষ্ট এবং অনির্দিষ্ট ব্যক্তি বা গোষ্ঠী বা সংগঠন সরকারি অফিস ইত্যাদির স্বাভাবিক কাজকর্ম চলাচলে ব্যাঘাত ঘটানোর চেষ্টা করছে। তাছাড়া গুয়াহাটি পুলিশ কমিশনারেট এলাকাধীন যে কোনও অংশে জনসাধারণ এবং যানবাহনের যাতায়াতে ব্যাঘাত ঘটাতে ওই সমস্ত ব্যক্তি বা সংগঠন আন্দোলন, বিক্ষোভ, স্লোগান দেওয়ার পরিকল্পনা করছে যা শান্তি ও শৃঙ্খলা ভঙ্গের কারণ হতে পারে। তাই জনসাধারণের শান্তিপূর্ণ ও স্বাচ্ছন্দ্য চলাচল, ট্রাফিক এবং স্থানীয় বাসিন্দাদের স্বাভাবিক কার্যক্রমে যাতে ব্যাঘাত ঘটাতে না পারে, সেজন্য প্রতিরোধমূলক ব্যবস্থা হিসেবে ১৪৪ ধারা বলবৎ করার প্রয়োজনীয়তা বোধ করেছে পুলিশ প্রশাসন।'তিনি জানান, ১৪৪ ধারার অধীনে নিষেধাজ্ঞামূলক আদেশের বলে পাঁচজনের বেশি লোকের সমাবেশ, মিছিল এবং স্লোগান দেওয়া যাবে না। পরবর্তী আদেশ না দেওয়া পর্যন্ত গুয়াহাটি পুলিশ কমিশনারেটের অধীন তিনটি পুলিশ জেলায় সিআরপিসি-র ১৪৪ ধারার অধীনে নিষেধাজ্ঞামূলক আদেশ বলবৎ থাকবে।

## বিজেপির যুব মোর্চার উদ্যোগে সাংগঠনিক সভা জোলাইবাড়িতে

নিজস্ব প্রতিনিধি, শান্তিরবাজার, ২১ মে।। রবিবার জোলাইবাড়ী পিলাক টুরিস্টলজে ৩৮ জোলাইবাড়ী মন্ডল বিজেপির যুব মোর্চার উদ্যোগে এক সাংগঠিক আলোচনাসভার আয়োজন করাহয়। সাংগঠনিক আলোচনা সভার পূর্বে নবনিযুক্ত দক্ষিন জেলার যুব মোর্চার জেলা সভাপতিকে সংবর্ধনা প্রদানকরলো জোলাইবাড়ী মন্ডল বিজেপির যুব মোর্চার কার্যকর্তরা। সংবর্ধনা শেষে অনুষ্ঠীত হয় সাংগঠনিক আলোচনাসভা। আজকের এই আলোচনা সভায় সাংগনিক বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করলেন যুব মোর্চার দক্ষিন জেলার সভাপতি। অপরদিকে সাংগঠনিক আলোচনাসভায় বক্তব্যরাখতে গিয়ে ৩৮ জোলাইবাড়ী মন্ডল বিজেপির যুব মোর্চার সভাপতি কেশব চেঁধুরী আগামীদিনে সংগঠনকে কিভাবে শক্তিশালী করেগরেতোলাযায় ও আসন্ন লোকসভা নির্বাচনে কিভাবে বিজেপি মনোনিত প্রার্থীকে বিপুল ভোটে জয়যুক্ত করানোযায় তানিয়ে আলোচনাকরেন। কেশব চেঁধুরী উনার বক্তব্যের মধ্যদিয়ে যুবমোর্চার কার্যকর্তাদের সতর্ক করেদেন যাতেকেউ দুরনিতির সাথে যুক্তনাথাকে। রাজ্যের মুখ্যমন্ত্রী প্রফেসার ডাক্তার মানিক সাহা চাইছেন দুরনিতি মুক্ত ত্রিপুরা ও নেশামুক্ত ত্রিপুরা গঠন করতে। মুখ্যমন্ত্রীর আদর্শে অনুপ্রানিত হয়ে জোলাইবাড়ী বিধানসভাকে দুরনিতি মুক্ত ও নেশামুক্ত বিধানসভা হিসাবে গঠনের জন্য আহব্বান জানান কেশব চেঁধুরী। যুব মোর্চার মন্ডল সভাপতি কেশব চেঁধুরী আজকের আলোচনা সভার মাধ্যমে জোলাইবাড়ী বিধানসভা কেন্দ্রের বুথের সকল সদস্যদের সরল এপসের আওতায় আসার জন্য বিশেষ আহব্বান জানান। এছারা আজকের এই আলোচনাসভার মাধ্যমে জোলাইবাড়ীতে আগামীদিনে বড় আকারের এক রক্তদান শিবির অনুষ্ঠীত করার পরিকল্পনা হাতেনেন যুবমোর্চার মন্ডল সভাপতি। যুবমোর্চার উদ্যোগে আয়োজিত আজকের এই সাংগঠনিক আলোচনাসভায় উপস্থিত ছিলেন যুব মোর্চার দক্ষিন জেলার সভাপতি বিপুল ভৌমিক, বিজেপির যুব মোর্চার মন্ডল সভাপতি কেশব চেঁধুরী ও জোলাইবাড়ী বিধানসভা কেন্দ্রের মুক্তির কান্ডারী তথা জোলাইবাড়ী বিজেপির মন্ডল সভাপতি অজয় রিয়াং। যুব মোর্চার উদ্যোগে আয়োজিত আজকের এই কর্মসূচীতে উপস্থিত যুব মোর্চার কার্যকর্তাদের মধ্যে ব্যাপক উৎসাহ উদ্দিপনা লক্ষ্যকরাযায়।

## ত্রিপুরা ট্রাক ড্রাইভার মজদুর সংঘের তৃতীয় দ্বিবার্ষিক রাজ্য সম্মেলন অনুষ্ঠিত




নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২১ মে।। ত্রিপুরা ট্রাক ড্রাইভার মজদুর সংঘের তৃতীয় দ্বিবার্ষিক রাজ্য সম্মেলন অনুষ্ঠিত হয় রবিবার। আগরতলা টাউন হলে আয়োজিত হয় এই সম্মেলন।ত্রিপুরা প্রদেশ ভারতীয় মজদুর সংঘ অনুমোদিত ত্রিপুরা ট্রাক ড্রাইভার মজদুর সংঘের তৃতীয় দ্বিবার্ষিক রাজ্য সম্মেলনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিজেপির প্রদেশ সভাপতি রাজীব ভট্টাচার্য এবং সংগঠনের অন্যান্য শীর্ষস্থানীয় নেতৃবৃন্দ। এদিন আর সম্মেলনে অংশ নিয়ে বিজিবি প্রদেশ সভাপতি রাজীব ভট্টাচার্য বলেন ত্রিপুরার ট্রাক ড্রাইভার মজদুর সংঘ একটি সংঘটিত শক্তি। রাজ্যে দ্বিতীয়বারের মতো সরকার গঠনে তারাও শক্তিশালী ভূমিকা পালন করেছেন।

স্বত্বাধিকারী পরিতোষ বিশ্বাস কর্তৃক রেন্‌বো প্রিন্টিং ওয়ার্কস আগরতলা থেকে মুদ্রিত ও জাগরণ কার্যালয় এল এন বাড়ী লেইন, আগরতলা ত্রিপুরা থেকে প্রকাশিত। সম্পাদক-পরিতোষ বিশ্বাস।